১১৬ ধারা। মোকদ্দমার বিচার হইয়া নিষ্পত্তি হইবার পূর্ব্বে বা পরে বোর্ডের সাহেবেরা দুই শতের অনধিক যত টাকা উচিত বোধ করেন তত টাকার সঙ্গত পুরস্কার দিতে পারিবেন ও যে ব্যক্তিদের দ্বারা অপরাধ প্রকাশ করা গেল, কিম্বা যে দ্রব্য সম্পর্কে অপরাধ করা গেল তাহা, কিম্বা অপরাধিকে যে ব্যক্তিদের দ্বারা ধরা গেল তাঁহারা, আবকারী কি পোলীসের কর্ম্মকারক বা অন্য ব্যক্তি হইলেও, তাঁহাদের মধ্যে ঐ পুরস্কার যে হারানুসারে বিলি করা উচিত বোধ করেন, তাহার আদেশ দিতে পারিবেন, ও কোন ব্যক্তিকে সেই বিধিমতে যে টাকা দেওয়া যায় মাজিষ্ট্রেট সাহেব এই ধারামতে ঐ ব্যক্তির যে পুরস্কার পাইবার আজ্ঞা করেন ঐ টাকা সেই পুরস্কারের একাংশ বলিয়া জ্ঞান হইতে পারিবে ইতি।

বোর্ডের পুরস্কার দিতে পারিবার কথা।

117. Nothing contained in this Act shall be deemed to affect the provisions of Act VI of 1863, the Consolidated Customs Act.

Saving of Consolidated Customs Act.

FIRST SCHEDULE.

(*See Section* 106.)

Know all men by these presents, That we are jointly and severally held and firmly bound unto the Secretary of State for India in the sum of rupees , to be paid to the said Secretary of State for India; for which payment well and truly to be made, we jointly and severally bind ourselves, and each of us binds himself and each and every one of our respective heirs, administrators, and representatives by these presents.

Sealed with our seals.

Dated this *day of* 18 .

Whereas the above-bounden are justly and truly indebted to the Secretary of State for India in the sum of rupees being the amount of duty payable to the Secretary of State for India at the rate of rupees per imperial gallon, London-proof, for gallons of proof spirit used in the preparation of dozens of bottles or gallons of cordials and liquors as specified in the annexed schedule manufactured at which the said ha been allowed to remove thence for exportation by sea, subject to the provisions of this Act, without having paid the amount of such duty, Now the condition of this obligation is such that, if the above-bounden his or their heirs, executors, administrators, or representatives, or some or one of them, do and shall, at the expiration of four calendar months from the date of this obligation, well and truly pay, or cause to be paid, to the said Secretary of State for India, duty at the rate of rupees per imperial gallon of proof spirit for all or any portion of the above-mentioned which shall not have been then exported by sea, subject to the aforesaid provisions (of which exportation, if any, due proof shall be given) or passed for local consumption on payment of duty, then this obligation to be void, otherwise to remain in full force and virtue.

Sealed and delivered
in the presence of

১১৭ ধারা। এই আইনের কোন কথাক্রমে ১৮৬৩ সালের ৬ আইনের অর্থাৎ কষ্টম বিষয়ক সংগৃহীত আইনের কোন বিধানের ব্যাঘাত হইল, এমত জ্ঞান করিতে হইবে না ইতি।

কষ্টমবিষয়ক সংগৃহ আইন প্রবল রাখিবার কথা।

প্রথম তফসীল।

(১০৬ ধারা দেখ।)

এই পত্র দ্বারা সকলে জ্ঞাত হউন যে শ্রী অমুক২ আমরা ভারতবর্ষের পক্ষে শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবকে এত টাকা দিবার প্রতিজ্ঞাক্রমে ভারতবর্ষের পক্ষে উক্ত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের নিকটে একত্র ও স্বতন্ত্র দৃঢ়মতে বদ্ধ হইলাম। সেই টাকা উপযুক্ত ও যথার্থরূপে দিবার জন্যে আমরা আপনাদিগকে একত্র ও স্বতন্ত্র বদ্ধ করিলাম ও আমাদের প্রত্যেক জন আপনাকে ও আপনং উত্তরাধিকারিকে ও দ্রব্যনিরূপণাধিকারিকে ও স্থলাভিষিক্তকে ও তাঁহাদের প্রত্যেক জনকে এই পত্র দ্বারা বদ্ধ করিলাম।

আমাদের মোহরাঙ্কিত হইল।

১৮ সাল মাস তারিখ।

পূর্ব্বোক্তমতে বদ্ধ শ্রীঅমুক২ নিম্নলিখিত তফসীলের নির্দ্দিষ্টমতে, অমুক স্থানের ভাটিখানায় প্রস্তুত এত ডজন বোতল বা এত গ্যালন কার্ডিয়ল ও মদিরা প্রস্তুত করণে লণ্ডন প্রুফের যে এত গ্যালন মদিরার ব্যবহার করিলেন, তাহার উপর মাসুল না দিয়া এই আইনের বিধানমতে সমুদ্রপথে রফ্তানী করিবার জন্যে সেই ভাটিখানাহইতে লইয়া যাইবার অনুমতি পাইয়াছেন, ও তিনি কি তাঁহারা ঐ লণ্ডন প্রুফ মদিরার ইম্পিরিয়ল গ্যালন প্রতি এত টাকার হিসাবে ভারতবর্ষের পক্ষে শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের নিকট ন্যায্যরূপে ও যথার্থমতে, ভারতবর্ষের পক্ষে শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের প্রাপ্য, এত টাকা ঋণী আছেন। এখন এই প্রতিজ্ঞাপত্রের নিয়ম এই, যদি পূর্ব্বোক্ত কার্ডিয়ল প্রভৃতির সমুদয় কি তাহার কোন অংশ চারি মাসের মধ্যে পূর্ব্বোক্ত বিধানমতে সমুদ্রপথে রফ্তানী না করা যায় (রফ্তানী হইলে তাহার রফ্তানী হইবার উপযুক্ত প্রমাণ দিতে হইবে) কিম্বা সমুদয়ের কি তাহার কোন অংশের মাসুল দিয়া যদি এই দেশে ব্যবহার হইবার জন্যে ছাড়াইয়া লওয়া না যায়, তবে উপরোক্তমতে বদ্ধ ব্যক্তি কি তাঁহার কি তাঁহাদের উত্তরাধিকারিরা কি উইলক্রমে নিরূপিত কার্য্যসম্পাদকেরা কি দ্রব্যনিরূপণাধিকারিরা কি স্থলাভিষিক্ত ব্যক্তিরা কি তাঁহাদের কএক জন কি কোন এক জন এই প্রতিজ্ঞাপত্রের তারিখ অবধি চারি মাস গত হইলে ভারতবর্ষের পক্ষে উক্ত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবকে উপযুক্ত ও যথার্থমতে প্রুফ শরাবের ইম্পিরিয়ল গ্যালন প্রতি এত টাকার হিসাবে পূর্ব্বোক্ত মাসুল দিলে কি দেওয়াইলে এই প্রতিজ্ঞা ব্যর্থ হইবে। নতুবা তাহা সম্পূর্ণরূপে বলবৎ ও শক্তিমন্ত থাকিবে।

আমাদের সাক্ষাতে মোহরাঙ্কিত হইয়া দেওয়া গেল।

SCHEDULE.

Description of cordials and liqueurs.	Quantity in bottles or gallons.	Quantity of proof spirit.

SE OND SCHEDULE.

(*See Section 3.*)

PART I.—ACTS OF THE GOVERNOR-GENERAL IN COUNCIL.

Number and year.	Subject.	Extent of repeal.
Act XI of 1849 ..	For securing the Abkaree revenue of Calcutta.	So much as has not been repealed.
Act XXI of 1856 ..	To consolidate and amend the Abkaree law in Bengal.	So much as has not been repealed.

PART II.—ACTS OF THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL IN COUNCIL.

Number and year.	Subject.	Extent of repeal.
Act III of 1873 ..	To amend Act XI of 1849 and Act XXI of 1855.	The whole
Act I of 1874 ...	To amend Act XXI of 1856 and Bengal Act II of 1866.	So far as relate to Act XXI of 1856.
Act II of 1876	To amend Act XI of 1849, Act XXI of 1856, and Bengal Act IV of 1866.	The whole, except section 12.

তফসীল।

কার্ডিয়েল ও লিক্যুর যে প্রকারের	বোতলে কি গ্যালনে যত পরিমাণ	যত প্রূফ শরাব।

দ্বিতীয় তফসীল।

(৩ ধারা দেখ।)

প্রথম ভাগ।—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্নর জেনরল সাহেবের আইন।

সাল ও নম্বর	বিষয়।	যত দূর রহিত হইল।
১৮৪৯সা ১১আ.	কলিকাতার আবকারী রাজস্ব রক্ষা করণার্থ আইন	য অংশ পূর্ব্বে রহিত করা যায় নাই।
১৮৫৬সা ২১আ.	বঙ্গদেশের আবকারী আইন সংগ্রহ ও সংশোধন করণার্থ আইন	ঐ ঐ

দ্বিতীয় ভাগ।—বঙ্গদেশের মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেবের আইন।

সাল ও নম্বর	বিষয়	যত দূর রহিত হইল।
১৮৭৩ সা. ৩ আ	১৮৪৯ সালের ১১ আইন ও ১৮৫৬ সালের ২১ আইন সংশোধন করণার্থ আইন	সম্পূর্ণ আইন।
১৮৭৪ সা. ১ আ.	১৮৫৬ সালের ২১ আইন ও ১৮৬৬ সালের বঙ্গীয় ২ আইন সংশোধন করণার্থ আইন	১৮৫৬ সালের ২১ আইনের সঙ্গে যত দূর সম্পর্ক থাকে।
১৮৭৬ সা. ২ আ.	১৮৪৯ সালের ১১ আইন ও ১৮৫৬ সালের ২১ আইন ও ১৮৬৬ সালের বঙ্গীয় ৪ আইন সংশোধন করণার্থ আইন	১২ ধারাভিন্ন সম্পূর্ণ আইন।

STATEMENT OF OBJECTS AND REASONS.

The law of excise in Bengal is principally contained in two Acts of the Governor-General in Council, Act XI of 1849 and Act XXI of 1856, the former dealing exclusively with the town of Calcutta and the latter applying to the Mofussil, with the exception of some sections which are in force alike in Calcutta and the other territories under the Lieutenant-Governor of Bengal. To these enactments must be added Bengal Act II of 1876, which made some material alterations in Act XI of 1849 and Act XXI of 1856, and also two short Acts of the Bengal Council, Act III of 1873 and Act I of 1874, containing some minor amendments of the same Acts.

The object of the present Bill is to consolidate the five abovementioned Acts into one enactment, and thus to reproduce in a more convenient and accessible form the law as it now stands.

The Bill as now introduced differs in some respects from that whichwas passed by the Council last year, but which failed to obtain the assent of the Governor-General. The provisions which barred suits for tippling debts in Calcutta, the Suburbs, and Howrah have been omitted. The sections regulating the farming of duties leviable on the retail sale of liquors and drugs have also been struck out, as dealing with matters which will be more conveniently provided for by rules of the local Government. Where liquors and drugs are suspected to be concealed in a Calcutta zenana, the officer charged with theexecution of a warrant will follow the rules contained in the Presidency Magistrates' Act for the seizure of property so concealed. The provisions of section 185 of the Presidency Magistrates' Act have been made applicable to the recovery of fines in Calcutta. The Bill has been also somewhat condensed and its arrangement simplified.

H. Reynolds.

The 2nd February 1878.

Frederick Clarke,
Asst. Secy. to the Govt of Bengal, Legislative Department.

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

বঙ্গদেশের আবকারী আইনের প্রধানাংশ মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেবের প্রণীত দুই আইনে, অর্থাৎ ১৮৪৯ সালের ১১ আইনে ও ১৮৫৬ সালের ২১ আইনে পাওয়া যাইবে। ইহার মধ্যে প্রথমোক্ত আইনে কেবল কলিকাতা সম্পর্কীয় কার্য্যবিষয়ক বিধান আছে, দ্বিতীয় আইনের কএকটি ধারা কলিকাতায় ও বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের শাসিত দেশের অন্যং প্রদেশেও, কিন্তু অধিকাংশ কেবল মফঃসলেই প্রবল আছে। এইং আইনের সঙ্গে বঙ্গদেশীয় ১৮৭৬ সালের ২ আইন ও বঙ্গদেশীয় মন্ত্রিসভার ক্ষুদ্র দুইটী আইন অর্থাৎ ১৮৭৩ সালের ৩ আইন ও ১৮৭৪ সালের ১ আইনও সংযোগ করিতে হইবে, প্রথমোক্ত আইনে ১৮৪৯ সালের ১১ আইন ও ১৮৫৬ সালের ২১ আইন গুরুতররূপে পরিবর্ত্তন করা গেল, ও পশ্চাৎ দুইটি আইনে সেইং আইনের কোনং অংশ সংশোধন করা গেল।

উক্ত পাঁচটি আইন সংগ্রহকরণপূর্ব্বক একটি মাত্র আইন করিয়া, উক্ত বিষয়ের ব্যবস্থা সুবিধামতে ও অনায়াসে দৃষ্টি করিবার উপায় করা এই পাণ্ডুলিপির উদ্দেশ্য।

গত বৎসরে এতদ্বিষয়ের আইনের পাণ্ডুলিপি মন্ত্রিসভায় গ্রাহ্য হইয়াছিল, কিন্তু শ্রীযুত গবরনর জেনেরল সাহেব তাহাতে সম্মত হইলেন না। তাহাহইতে এই পাণ্ডুলিপির কোনং অংশ কিছু বিশেষ আছে। কলিকাতায় ও শহরতলীতে ও হাবড়ায় মদ্যপানার্থ অল্প ঋণবিষয়ক মোকদ্দমা করিবার নিষেধসূচক যে বিধি ছিল তাহা ত্যাগ করা গেল। মদিরা ও মাদক দ্রব্য খুজরা বিক্রয়ের উপর যে মাসুল আদায় হইতে পারে তাহার ইজারা দেওনসূচক কএক ধারা ত্যাগ করা গেল, কারণ তদ্বিষয়ের আরো সুবিধাজনক বিধান স্থানীয় গবর্ণমেণ্টের বিধিক্রমে করা যাইতে পারে। মদিরা ও মাদক দ্রব্য কলিকাতানিবাসি ব্যক্তিদের অন্তঃপুরে গোপন করা গিয়াছে বলিয়া সন্দেহ থাকিলে, যে কর্ম্মকারকের হাতে পরওয়ানা দেওয়া যায় তিনি তদ্রূপ লুক্কায়িত দ্রব্য সম্পর্কে প্রেসীডেন্সী মাজিষ্ট্রেট বিষয়ক আইনের নির্দ্দিষ্ট বিধিমতে কার্য্য করিবেন। কলিকাতায় অর্থদণ্ড আদায় করণ কার্য্যে প্রেসীডেন্সী মাজিষ্ট্রেট বিষয়ক আইনের ১৮৫ ধারার বিধান বর্ত্তান গেল। এই পাণ্ডুলিপি কিছু সংক্ষেপও করা গিয়াছে, ও পদ সকল সুধারামতে বিন্যাস করা গেল।

এচ, রেনলডস।

১৮৭৮ সাল ২ ফেব্রুয়ারি।

ফ্রেডিক ক্লার্ক,
লেজিসলেটিব ডিপার্টমেণ্টে বঙ্গদেশের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটরী।

John Robinson, *Bengalee Translator.*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৮। ২৬ ফেব্রুয়ারি।]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, APRIL 16, 1878.

মঙ্গলবার ১৮৭৮ সাল ১৬ আপ্রিল।

PART VI.

Bills of the Bengal Council.

ষষ্ঠ খণ্ড।

বঙ্গদেশের মন্ত্রিসভার আইনের পাণ্ডুলিপি।

GOVERNMENT OF BENGAL.

Legislative Department.

I leave to introduce the following Bill having been obtained at the meeting of the Council of the Lieutenant-Governor of Bengal for the purpose of making Laws and Regulations held on the 30th March 1878, the Bill, together with the Statement of objects and reasons, is, by order of the President, published for general information:—

A Bill to amend Bengal Act V of 1866.

Whereas it is expedient to amend Bengal Act V of 1866; It is enacted as follows:—

Preamble.

Clauses added to section 2 of Bengal Act V of 1866.

1. To section two of the said Act the following clauses shall be added:

But the local Government may, if it think fit, empower the Corporation of the Town of Calcutta to appoint such registering officer at a special general meeting;

and any such officer, when so appointed, shall, in reference to things done under this Act, be subject to the order, disposition, and control of the Chairman of the said Corporation, so far as the town and suburbs of Calcutta are concerned;

[*Government Gazette, 16th April* 1878.,

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কর্ম্মবিভাগ।

১৮৭৮ সালের মার্চ মাসের ৩০ তারিখে. বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ মন্ত্রিসভার অধিবেশন হইলে নিম্ন লিখিত আইনের পাণ্ডুলিপি ও অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা উপাস্থত করিবার অনুমতি দেওয়া গেল ও সভাপতির আজ্ঞাক্রমে সাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাই-তেছে।—

১৮৬৬ সালের বঙ্গীয় ৫ আইন সংশোধনার্থ আইনের পাণ্ডুলিপি।

হেতুবাদ।

১৮৬৬ সালের বঙ্গীয় ৫ আইন সংশোধন করা বিহিত, এই কারণে নিম্নলিখিত বিধান করা যাইতেছে।—

১৮৬৬ সালের বঙ্গীয় ৫ আইনের ২ ধারা সংশোধনার্থ ধারা।

১ ধারা। উক্ত আইনের ২ ধারায় এই দুই প্রকরণ সংযোগ করিতে হইবে।—

"কিন্তু স্থানীয় গবর্ণমেণ্ট বিহিত বোধ করিলে, কলিকাতা নগরের মুনিসপল সমাজের প্রত্যেক বিশেষ সাধারণ সভায় তদ্রূপ রেজিস্টরী কার্য্যকারককে নিযুক্ত করিবার ক্ষমতা প্রদান করিতে পারিবেন।

"ও উক্ত কার্য্যকারক তদ্রূপে নিযুক্ত হইলে কলিকাতা নগর ও শহরতলী সম্পর্কে উক্ত মুনিসিপল সমাজের সভাপতি সাহেবের আজ্ঞা ও তত্ত্বাধীন থাকিবেন ও তাঁহার আজ্ঞামতে কার্য্য করিবেন, অন্য নগর ও স্থান সম্পর্কে উক্ত শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব এতৎ পক্ষে যে

and, in respect of other towns and places, of such other officer as the said Lieutenant-Governor shall in that behalf appoint.

Commencement of Act.

2. This Act shall come into force from the date on which it may be published in the *Calcutta Gazette* with the assent of the Governor-General

---

STATEMENT OF OBJECTS AND REASONS.

THE object of this Bill is to empower the local Government to allow the Municipal Corporation of Calcutta to appoint the registering officer of hackney carriages under Bengal Act V of 1866 and to provide that a registering officer, when so appointed, is to be subject to the control of the Chairman of the Corporation.

The 30th March 1878. H. J. REYNOLDS.

FREDERICK CLARKE,
Asst. Secy. to the Govt. of Bengal, Legislative Department.

LEAVE to introduce the following Bill having been obtained at the meeting of the Council of the Lieutenant-Governor of Bengal for the purpose of making Laws and Regulations held on the 30th March 1878, the Bill, together with the Statement of objects and reasons, is, by order of the President, published for general information:—

A Bill to amend Bengal Act VII of 1876.

Preamble.

WHEREAS it is expedient to amend Bengal Act VII of 1876: It is enacted as follows:—

New clause substituted in section 55 of Bengal Act VII of 1876.

1. For the first clause of section fifty five of the said Act the following shall be substituted:—

"If the applicant's possession of, succession to, or acquisition by transfer of, the extent of interest in respect of which he has applied to be registered, is disputed by or on behalf of any person making a conflicting claim in respect thereof, and if it is not proved to the satisfaction of the Collector that any person is in possession of the interest in dispute, the Collector shall determine summarily the right to possession of the same, and shall deliver possession accordingly, and shall make the necessary entry in the registers."

Commencement of Act.

2. This Act shall come into force from the date on which it may be published in the *Calcutta Gazette* with the assent of the Governor-General.

[*Government Gazette*, 16*th April* 1878.]

কার্য্যকারককে নিযুক্ত করেন তাঁহার আজ্ঞাধীন থাকিবেন ও তাঁহার আজ্ঞামতে কর্ম্ম করিবেন ইতি।"

এই আইন যে অবধি প্রচলিত হইবে তদ্বিষয়ক কথা।

২ ধারা। এই আইন যে তারিখে শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব কর্তৃক অনুমোদিত হইয়া কলিকাতা গেজেটে প্রকাশ করা যায় সেই তারিখ অবধি প্রচলিত হইবে ইতি।

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

১৮৬৬ সালের বঙ্গীয় ৫ আইনমতে যে কার্য্যকারক ভাড়াটিয়া গাড়ী সকল রেজিষ্টরী করেন কলিকাতার মুনিসিপাল সমাজের প্রতি তাঁহার নিয়োগ করিবার অনুমতি দেওনার্থে স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি ক্ষমতা প্রদান করা, ও রেজিষ্টরী কার্য্যকারক তদ্রূপে নিযুক্ত হইলে, তাঁহাকে মুনিসিপাল সমাজের সভাপতির আজ্ঞাধীন করা এই পাণ্ডুলিপির উদ্দেশ্য।

এচ জে রেনল্ডস।

১৮৭৮ সাল ৩০ মার্চ।

ফেড্রিক ক্লার্ক,
ব্যবস্থাপক কর্ম্মবিভাগে বঙ্গদেশের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটরী।

১৮৭৮ সালের মার্চ মাসের ৩০ তারিখে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ যে সভার অধিবেশন হইলে, আইনের নিম্নলিখিত পাণ্ডুলিপি ও তাহার অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা উপস্থিত করিবার অনুমতি দেওয়া যায় ও সভাপতির আজ্ঞাক্রমে সাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা গেল।

১৮৭৬ সালের ৭ আইন সংশোধনার্থ আইনের পাণ্ডুলিপি।

হেতুবাদ।

১৮৭৬ সালের বঙ্গীয় ৭ আইন সংশোধন করা বিহিত এই কারণে নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

১৮৭৬ সালের বঙ্গীয় ৭ আইনের ৫৫ ধারায় এক প্রকরণের পরিবর্ত্তে নূতন প্রকরণের কথা।

১ ধারা। উক্ত আইনের ৫৫ ধারার প্রথম প্রকরণের পরিবর্ত্তে এই প্রকরণ পাঠ করিতে হইবে

"প্রার্থক স্বার্থের যে পরিমাণ উপলক্ষে রেজিষ্টরী হওনার্থ প্রার্থনা করেন তাঁহার সেই স্বার্থের পরিমাণ অধিকার করণ কিম্বা উত্তরাধিকারিত্বক্রমে কিম্বা হস্তান্তর করণ ক্রমে প্রাপণ বিষয়ে সেই স্বার্থের বখরা কোন দাওয়াদারের দ্বারা কি তাঁহার পক্ষে আপত্তি হইলে, ও সেই বিবাদীয় স্বার্থ কোন ব্যক্তির অধিকারে আছে কালেক্টর সাহেবের সন্তোষমতে এই প্রকার প্রমাণ না হইলে, কালেক্টর সাহেব ঐ স্বার্থের অধিকার পাইবার স্বত্ব সরাসরীমতে নির্ণয় করিয়া তদনুসারে দখল দেওয়াইবেন এবং রেজিষ্টরী বহীতে আবশ্যক কথা লিখিবেন" ইতি।

এই আইন যে অবধি প্রচলিত হইবে তদ্বিষয়ক কথা।

২ ধারা। এই আইন যে তারিখে শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব কর্তৃক অনুমোদিত হইয়া কলিকাতা গেজেটে প্রকাশ করা যায় সেই তারিখ অবধি প্রচলিত হইবে ইতি।

Statement of Objects and Reasons.

The object of this Bill is to amend section 55 of Bengal Act VII of 1876, the Land Registration Act. The section as it now stands is scarcely consistent with section 52 of the Act, and moreover might be construed to confer upon the Collector powers which should only be exercised by the civil courts.

H. J. Reynolds.

The 30th March 1878.

Frederick Clarke,
Asst. Secy. to the Govt. of Bengal,
Legislative Department.

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

ভূমি রেজিষ্টরী করণ বিষয়ক ১৮৭৬ সালের বঙ্গীয় ৭ আইনের ৫৫ ধারা সংশোধন করা এই পাণ্ডুলিপির উদ্দেশ্য। এইক্ষণে ঐ ধারার যে ভাব আছে তাহা ঐ আইনের ৫২ ধারার সহিত প্রায় সঙ্গত নয় ও কেবল দেওয়ানী আদালত যে ক্ষমতানুসারে কর্ম করিতে পারেন কালেক্টর সাহেবের প্রতি যেন সেই ক্ষমতা অর্পণ করা গেল ঐ ধারার এমন অর্থও করা যাইতে পারে।

এচ, জে, রেনলডস।

১৮৭৮ সাল ৩০ মার্চ।

ফ্রেড্রিক ক্লার্ক,
ব্যবস্থাপন কর্ম্মবিভাগে বঙ্গদেশের গবর্ণমেন্টের
আসিষ্টান্ট সেক্রেটরী।

John Robinson, *Bengalee Translator.*

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, APRIL 23, 1878.

মঙ্গলবার ১৮৭৮ সাল ২৩ আপ্রিল।

PART VI.

Bills of the Bengal Council.

ষষ্ঠ খণ্ড।

বঙ্গদেশের মন্ত্রিসভার আইনের পাণ্ডুলিপি।

GOVERNMENT OF BENGAL.

Legislative Department.

The following Report of a Select Committee, with the Bill as amended by them, is published for general information :—

We, the undersigned members of the Council of the Lieutenant-Governor of Bengal to whom the Bill to provide for the cleansing and erection of latrines in first-class municipalities was referred, have the honor to make the following report :—

We have considered the provisions of this Bill.

We have provided that the system of conservancy contemplated in sections 2 to 10 may be brought into operation in any part of a municipality, and need not necessarily be extended to the whole municipality.

We have made it clear that the fees leviable are not to be necessarily a percentage rate, but may be on a graduated scale, to be fixed by the Lieutenant-Governor in communication with the Commissioners in meeting.

We have provided that public notice shall be given of the scale of fees annually.

We have inserted a section enabling the Commissioners to reduce or remit the fee in cases of poverty.

We have made it clear that where the Commissioners undertake to keep house privies clean, owners or occupiers shall not be punishable for neglecting them ; but we have provided that free access shall be given to the Commissioners' servants within proper hours.

We have provided in section 11 for the introduction in any municipality or part of a municipality of the licensing system of scavengering instead of the Halalcore system.

We have struck out all those sections of the Bill which made owners of *bustees* liable to provide public latrines, sharing the cost with the Commissioners. We consider that owners of houses and lands should provide latrines for their tenants at their own expense, and that where extra public latrines are required, the Commissioners should provide these from the proceeds of the fees under this Act or from the general fund.

We have directed that the Act should be read with and taken as part of the Bengal Municipal Act, which has enabled us to get rid of the section about appeals.

We have made other minor amendments.

We recommend that the Bill be passed as now amended.

A. Mackenzie.
Kristodas Pal.
Isser Chunder Mitter.

The 29th March 1878.

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কর্ম্মবিভাগ।

মনোনীত কমিটীর নিম্নলিখিত রিপোর্ট ও তাঁহাদের সংশোধিত পাণ্ডুলিপি সাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের মন্ত্রিসভাসদ আমাদের বিবেচনার্থে প্রথম শ্রেণীর মুনিসিপালিটীতে পাইখানা পরিষ্কার ও স্থাপন করিবার আইনের পাণ্ডুলিপি অর্পিত হওয়াতে নিম্নলিখিত রিপোর্ট করিলাম।

ঐ পাণ্ডুলিপির সকল বিধান বিবেচনা করিলাম।

২ অবধি ১০ পর্য্যন্ত ধারায় নগর পরিপাটী রাখিবার যে নিয়মের বিধান হইল, তাহা মুনিসিপালিটীর সর্ব্বস্থানে প্রচলিত না করিয়া তাহার কোন২ অংশমাত্রে প্রচলিত করিবার বিধান করিলাম।

যে ফী আদায় হইবে তাহা শতকরার হারে লওয়া আবশ্যক নয়, কিন্তু সভাগত কমিশ্যনরগণ শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের সঙ্গে লিখনপঠন করিয়া ন্যূনাধিক যে হার ধার্য্য করেন তদনুসারে আদায় হইতে পারিবে, এই মর্ম্মের বিধান স্পষ্ট করিলাম।

যে হারে ফী লওয়া যাইবে তাহার নোটিস বৎসর২ প্রকাশ করিবার বিধান করিলাম।

কোন ব্যক্তির দরিদ্রতা হেতুক কমিশ্যনরগণকে তাঁহার ফী কমাইয়া দিবার বা ক্ষমা করিবার অনুমতি দিলাম।

কমিশ্যনরগণ কোন ঘরের পাইখানা পরিষ্কার রাখিতে স্বীকার করিলে ঐ কার্য্যে কোন শৈথিল্যপ্রযুক্ত ঐ গৃহস্বামিদের বা দখিলকারদের দণ্ড না হওন বিষয়ক স্পষ্ট বিধান করিলাম। কিন্তু উপযুক্ত কোন২ সময়ে কমিশ্যনরগণের কর্ম্মচারিদের তথায় অবাধে যাইবারও বিধান করিলাম।

১১ ধারায় কোন মুনিসিপালিটী কি তাহার কোন অংশ পরিষ্কার রাখিবার হালালকোর নিয়মের পরিবর্ত্তে লাইসেন্স লওয়ার নিয়ম প্রচলিত করিবার বিধান করিলাম।

পূর্ব্ব পাণ্ডুলিপির যেং ধারামতে সাধারণের জন্যে বসতির স্বামিদের পাইখানা প্রস্তুত করাইয়া কমিশ্যনরগণের সঙ্গে খরচ ভাগ করিয়া দিবার বিধান ছিল তাহা উঠাইয়া ফেলিলাম। প্রজাদের জন্যে ঘরেরও ভূমির স্বামিদের নিজ খরচে পাইখানা করাইয়া দেওয়া উচিত, ও সাধারণের জন্যে আর পাইখানা প্রস্তুত করাইয়া দিবার প্রয়োজন হইলে, এই আইনমত ফীর টাকা হইতে কিম্বা সাধারণ তহবীল হইতে কমিশ্যনরগণের তাহা প্রস্তুত করাইয়া দেওয়া উচিত বোধ করিলাম।

এই আইনটি বঙ্গদেশের মুনিসিপল আইনের সহিত পাঠ করিবার ও তাহার একাংশ বলিয়া জ্ঞান করিবার বিধান করিয়া আপীল বিষয়ক ধারা ত্যাগ করিতে পারিলাম।

আর কএক ক্ষুদ্র২ বিষয় সংশোধন করিলাম।

এই প্রকারে সংশোধিত পাণ্ডুলিপি বিধিবদ্ধ করিবার পরামর্শ দিলাম।

এ মাকেঞ্জি।
কৃষ্ণ দাস পাল।
ঈশ্বর চন্দ্র মিত্র।

১৮৭৮ সাল ২৯ মার্চ।

AMENDED BILL.

A Bill to provide for the cleansing and erection of Latrines in first-class Municipalities.

Preamble.

WHEREAS it is expedient that the Commissioners of first-class municipalities under the Bengal Municipal Act, 1876, should have power to levy fees for the cleansing of public and private latrines, and also to erect latrines within the limits of such municipalities: It is enacted as follows:—

Definition of "the Commissioners."

1. "The Commissioners" in this Act means the Commissioners of any first-class municipality under the Bengal Municipal Act, 1876.

Lieutenant-Governor may publish order on recommendation of Commissioners.

2. The Lieutenant-Governor of Bengal may, on the recommendation of the Commissioners at a meeting, by an order published as prescribed in section 355 of the said Act, declare that, from a date to be specified in such order, the Commissioners will maintain an establishment for the cleansing of all public and private latrines within the limits of the municipality, or any part thereof; and the Commissioners shall make such provision accordingly.

Commissioners may levy fees.

3. When such provision has been made, the Commissioners may, notwithstanding anything contained in section 77 of the said Act, levy fees, to be fixed on such scale with reference to the annual value of holdings within the limits of the municipality, or such part thereof as aforesaid, as the Lieutenant-Governor of Bengal may, in communication with the Commissioners, at a meeting, from time to time direct;

But the fee shall not exceed one rupee eight annas where the valuation of the holding amounts to, or is less than, twenty-five rupees;

and the fee on any one holding shall not exceed four hundred and eighty rupees;

provided that if, on the commencement of this Act, the owners or occupiers of any holding are already under engagement to pay to the Commissioners an annual sum exceeding four hundred and eighty rupees for the cleansing of their premises, such sum, or such other sum as may from time to time be agreed upon between them and the Commissioners, may be levied from them in accordance with the provisions of this Act.

[*Government Gazette, 23rd April* 1878.]

সংশোধিত পাণ্ডুলিপি।

প্রথম শ্রেণীর মুনিসিপালিটীর মধ্যে পাইখানা পরিষ্কার রাখিবার ও স্থাপন করিবার বিধান করণার্থ আইনের পাণ্ডুলিপি।

হেতুবাদ।

১৮৭৬ সালের বঙ্গদেশীয় মুনিসিপল আইন অনুযায়ী প্রথম শ্রেণীর মুনিসিপালিটীর সীমার অন্তর্গত স্থানে সাধারণের ও নানা ব্যক্তিদের স্বকীয় পাইখানা পরিষ্কার রাখিবার ও প্রস্তুত করিবার জন্যে ঐ মুনিসিপালিটীর কমিশ্যনরগণের ফী আদায় করিবার ক্ষমতা থাকা বিহিত, এই কারণে এইং বিধান করা গেল।—

কমিশ্যনরগণ এই শব্দের অর্থের কথা।

১ ধারা। এই আইনে "কমিশ্যনরগণ" এই শব্দেতে ১৮৭৬ সালের বঙ্গদেশীয় মুনিসিপল আইনমত কোন প্রথম শ্রেণীর মুনিসিপালিটীর কমিশ্যনরগণকে জানিতে হইবে ইতি।

কমিশ্যনরগণের অনুরোধে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের আজ্ঞা প্রকাশ করিতে পারিবার কথা।

২ ধারা। কমিশ্যনরগণ সভাগত হইয়া অনুরোধ করিলে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব উক্ত আইনের ৩৫৫ ধারার নির্দিষ্ট মতে অনুজ্ঞাপত্র প্রকাশ করিয়া এই নির্দেশ করিতে পারিবেন যে, ঐ অনুজ্ঞাপত্রের নির্দিষ্ট তারিখঅবধি কমিশ্যনরগণ মুনিসিপালিটীর সীমার অন্তর্গত সমুদয় স্থানে কিম্বা তাহার কোন অংশে সাধারণের ও কোন ব্যক্তির স্বকীয় পাইখানা পরিষ্কার করিবার কর্ম্মচারি রাখিবেন। ও কমিশ্যনরগণ তদ্বিষয়ের উপযুক্ত বিধান করিবেন ইতি।

কমিশ্যনরগণ ফী ধার্য্য করিতে পারিবার কথা।

৩ ধারা। তদ্রূপ বিধান করা গেলে, উক্ত আইনের ৭৭ ধারায় তদ্বিপরীত বিধান থাকিলেও বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব সভাগত কমিশ্যনরগণের সঙ্গে লিখন পঠন করিয়া মুনিসিপালিটীর সীমার বা তাহার পূর্ব্বোক্ত অংশের অন্তর্গত ক্ষেত্রের বার্ষিক মূল্যানুসারে যে হারে ফী ধার্য্য করিতে আজ্ঞা করেন কমিশ্যনরগণ সেই হারানুসারে ফী ধার্য্য করিবেন।

কিন্তু ক্ষেত্রের ২৫ টাকা কি তাহার কম মূল্য নিরূপণ হইলে ১৷৹ টাকার অধিক ফী লাগিবে না।

ও কোন এক ক্ষেত্রের উপর ৪৮০ চারিশত আশি টাকার অধিক ফী লওয়া যাইবে না।

কিন্তু এই আইন প্রচলিত হওন সময়ে যদি কমিশ্যনরগণের সঙ্গে কোন ক্ষেত্রের স্বামিদের কি দখিলকারদের বাড়ী পরিষ্কার করিবার জন্য বৎসর চারিশত আশি টাকার অধিক দিবার করার থাকে, তবে উক্ত টাকা বা তাহাদের সঙ্গে করার করিয়া কমিশ্যনরগণ সময়ং আর যে টাকা স্থির করেন তাহা এই আইনের বিধানানুসারে তাহাদের স্থানে আদায় হইতে পারিবে।

4. The said fee shall be payable by the occupier for the time being of the holding, or by the owner thereof under section 5 of this Act, in quarterly instalments, and shall be recoverable in the manner prescribed for the recovery of the rate on the value of holdings in the Bengal Municipal Act, 1876.

Recovery of fees.

Every instalment of the said fee shall be deemed to be due on the first day of the quarter in respect of which such instalment is payable.

The proceeds of the said fees shall be applied to the maintenance of the said establishment, and to the providing of public latrines, and generally to carrying out the provisions of this Act.

A list of the said fees, and of the persons liable to pay the same, shall be published once in every year as prescribed in section 365 of the Bengal Municipal Act, 1876.

5. If any holding is occupied in severalty by more than one person, the Commissioners may levy the said fee from the owner of such holding, who may recover from each occupier such sum as shall bear to the entire amount of the fee so levied the same proportion as the value of the part of the holding in the occupation of such person bears to the entire value of such holding.

In certain cases fee may be levied from owner, who may recover from occupier.

6. Every owner who, under the provisions of the last preceding section, is entitled to recover any sum from the occupier of any part of a holding, shall have for the recovery of the said sum all such and the same remedies, powers, rights, and authorities as if such sum were rent payable to him by the occupier in respect of such portion of the holding as may be in his occupation.

Owner may recover fees from occupier as rent.

7. The Commissioners, at their discretion may compound for any period not exceeding one year with any occupier of any railway premises or of any premises used as a factory, dockyard, cooly depôt, school, hospital, market, court-house, or other similar place, for a certain sum to be paid by such occupier in lieu of such fee.

Commissioners may compound with occupier of certain premises for fee.

8. The Commissioners may, in lieu of the aforesaid fee, levy a rate per head, to be fixed by the said Lieutenant-Governor, on the number of persons living within, or habitually

Commissioners may levy a rate per head.

৪ ধারা। যিনি যৎকালে যে যোতের দখিলকার হন তিনি কিম্বা এই আইনের ৫ ধারা-মতে যোতের স্বামী তিনং মাসের কিস্তি করিয়া উক্ত ফী দিবেন, ও ১৮৭৬ সালের বঙ্গদেশের মুনিসিপল আইনে যোতের মূল্যের উপর টাক্স আদায়ের যে বিধান আছে, উক্ত ফী সেই বিধানমতে আদায় করা যাইতে পারিবে।

ফী আদায় করণ বিষয়ক কথা।

যে তিন মাসের যে কিস্তি তাহা সেই তিন মাসের প্রথম দিবসেই দেনা বলিয়া জ্ঞান হইবে।

উক্ত ফীর দ্বারা যত টাকা উৎপন্ন হয় তাহাহইতে উক্ত কর্ম্মচারিদের বেতনাদি দেওয়া যাইবে ও সাধারণের পাইখানা প্রস্তুত করা যাইবে ও সাধারণমতে এই আইনের বিধান সফল করা যাইবে।

উক্ত ফীর ও যাঁহারা সেই ফী দিবার যোগ্য তাঁহাদের নামের ফর্দ্দ ১৮৭৬ সালের বঙ্গদেশের মুনিসিপল আইনের ৩৬৫ ধারার নির্দ্দিষ্টমতে প্রতি বৎসর একবার প্রকাশ করা যাইবে।

৫ ধারা। কোন যোত একের অধিক জন স্বতন্ত্র ভোগ করিলে কমিশ্যনরগণ ঐ যোতের স্বামির স্থানে উক্ত ফী আদায় করিতে পারিবেন তাহা হইলে স্বামির নিকট সম্পূর্ণ যোতের মুল্যবিবেচনায় যত ফী আদায় হয়, সম্পূর্ণ যোতের যে অংশ যে ব্যক্তির দখলে থাকে স্বামী সেই অংশের মূল্যানুসারে সেই প্রত্যেক জনের স্থানে আপনং অংশের ফী আদায় করিবেন।

কোনং স্থলে স্বামির স্থানে কি আদায় হইলে দখিলকারের স্থানে তাঁহার লইবার কথা।

৬ ধারা। ইহার পূর্ব্ব ধারার বিধানমতে যোতের কোন অংশের দখিলকারের স্থানে স্বামির কিছু টাকা আদায় করিবার অধিকার থাকিলে ঐ যোতের যে অংশ ঐ ব্যক্তির দখলে থাকে সেই অংশের নিমিত্ত স্বামির প্রাপ্য খাজানা আদায় করিবার যে উপায় ও ক্ষমতা ও স্বত্ব ও অধিকার থাকে, ঐ টাকাও ফিরিয়া পাইবার জন্যে তাঁহার সেই উপায় ও ক্ষমতা ও স্বত্ব ও অধিকার থাকিবে ইতি।

দখিল কারের স্থানে খাজানা বলিয়া স্বামির ফী আদায় করিতে পারিবার কথা।

৭ ধারা। রেলওয়ে সংক্রান্ত কোন বাড়ীর দখিলকারের সঙ্গে কিম্বা কোন বাড়ীর মধ্যে কুঠী কি নৌকাদি মেরামত করিবার গুদি কি মজুরদের আড্ডা কি বিদ্যালয় কি হাস্পাতাল কি বাজার কি আদালতঘর কি তদ্রূপ অন্য স্থান থাকিলে, ঐ বাড়ীর দখিলকারের। সঙ্গে কমিশ্যনরগণ আপনাদের বিবেচনামতে উক্ত টাক্সের পরিবর্ত্তে এক বৎসরের অনধিক কালের নিমিত্ত বিশেষ কএক টাকা ফুরণ করিয়া লইতে পারিবেন ইতি।

কোনং বাড়ীর দখিলকারদের সঙ্গে কমিশ্যনর গণের ফুরণ করিয়া টাক্স লইতে পারিবার কথা।

৮ ধারা। কমিশ্যনরগণ পূর্ব্বোক্ত ফী না লইয়া, যাঁহারা উক্ত রেলওয়ের বাড়ীর মধ্যে বা কুঠিতে কি গুদিতে কি মজুরের আড্ডায় কি বিদ্যালয়ে কি হাস্পাতালে কি বাজারে কি আদালতঘরে কি

জনপ্রতি টাক্স আদায় করিতে কমিশ্যনর গণের ক্ষমতার কথা।

resorting to, any such railway premises, factory, dockyard, cooly depôt, school, hospital, market, court-house, or other similar place.

9. The Commissioners may reduce the amount of a fee payable under this Act, or may remit the fee if in their opinion the levy of it would be productive of excessive hardship to the person liable to pay the same.

Commissioner may reduce or remit fee.

10. Whoever refuses to pay any fee or rate due under this Act, or, having compounded for the payment of a certain sum under section 7 of this Act, refuses to pay such sum, shall be liable to a fine not exceeding three times the amount payable by him, exclusive of the amount so payable.

Penalty.

11. No person liable to pay a fee or rate under the provisions of this Act shall be punished with fine for neglecting or refusing to keep his privy in a proper state under section 203 of the Bengal Municipal Act, 1876.

Exemption from prosecution under section 203 of Bengal Act V of 1876.

12. All servants of the Commissioners employed for the purposes of this Act may, within such hours as may be fixed by the Commissioners, enter on any premises of which the occupier or owner is liable to pay a fee or rate as aforesaid, and do all things necessary for the performance of their duties under this Act.

Powers of servants of Commissioners employed for this Act.

13. The Commissioners at a meeting may make an order requiring all nightmen within the limits of the municipality, or any part thereof, to take out licenses, and to be servants of the Commissioners for the purpose of removing offensive matter from premises within the said limits.

Commissioners may require nightmen to take out licenses.

The Commissioners at a meeting may grant such licenses subject to such conditions as they may think fit, and may impose fees in respect of the same.

The Commissioners may make rules consistent with this Act, to define the duties of such nightmen, and any breach of such rules shall subject the offender to a forfeiture of his license and to a fine not exceeding twenty-rupees.

15. If the Commissioners think that any latrine or additional latrine should be provided for any house or land within the limits of the municipality, the owner or owners of

Commissioners may require latrine to be constructed, and in default may construct themselves.

তদ্রূপ অন্য স্থানে বাস করেন কি নিয়ত যাতায়াত করেন তাহাদের জনপ্রতি টাক্স আদায় করিতে পারিবেন। শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব সেই টাক্সের হার ধার্য্য করিবেন ইতি।

৯ ধারা। এই আইনমতে যে ফী দেওয়া যাইবে তাহা যে ব্যক্তি দিবার যোগ্য হন আদায় করিতে গেলে তাঁহার অত্যন্ত কষ্ট হইবে, কমিশ্যনরগণ এমত বোধ করিলে তাঁহার সেই ফী কমাইয়া দিতে বা ক্ষমা করিতে পারিবেন ইতি।

কমিশ্যনরদের ফী কমাইয়া দিবার বা ক্ষমা করিবার ক্ষমতার কথা।

১০ ধারা। এই আইনমতে কোন ফী কি টাক্স প্রাপ্য হইলে কোন ব্যক্তি তাহা দিতে অস্বীকার করিলে, কিম্বা এই আইনের ৭ ধারামতে বিশেষ কএক টাকা দিবার ফুরণ করিয়া ঐ টাকা দিতে অস্বীকার করিলে, সেই দেনা টাকাছাড়া তাঁহার তিন গুণের অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

দণ্ডের কথা।

১১ ধারা। কোন ব্যক্তি এই আইনের বিধানমতে ফী কি টাকস দিবার যোগ্য হইলে, আপনার পায়খানা উপযুক্ত অবস্থায় রাখিতে শৈথিল্য কি অস্বীকার করণ হেতুক ১৮৭৬ সালের বঙ্গদেশীয় মুনিসিপল আইনের ২০৩ ধারামতে তাঁহার অর্থদণ্ড হইতে পারিবে না ইতি।

১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ২০৩ ধারামতে অভিযোগ হইতে মুক্ত থাকার কথা।

১২ ধারা। কমিশ্যনরগণের যে সকল কর্ম্মচারী এই আইনের কার্য্যপক্ষে নিযুক্ত হন, তাঁহারা কমিশ্যনরগণের নির্দ্ধারিত ঘণ্টার মধ্যে পূর্ব্বোক্ত ফী কি টাক্স দিবার যোগ্য দখিলকারের কি স্বামির কোন বাড়ীতে প্রবেশ করিয়া আপনাদের এই আইনমত কর্ত্তব্য কর্ম্ম সম্পাদন করিবার আবশ্যক সকল কর্ম্ম করিতে পারিবেন ইতি।

কমিশ্যনরগণের যে চাকরেরা এই আইনমতে নিযুক্ত হন তাঁহাদের ক্ষমতার কথা।

১৩ ধারা। কমিশ্যনরগণ সভাগত হইয়া মুনিসিপালিটীর সীমার কি তাহার কোন অংশের মধ্যে সকল মেহতরকে লাইসেন্স লইয়া উক্ত সীমার অন্তর্গত বাড়ীহইতে দুর্গন্ধজনক বিষয় স্থানান্তর করিয়া লইবার জন্যে কমিশ্যনরগণের কর্ম্মচারী হইবার আজ্ঞা করিতে পারিবেন।

মেহতরদিগকে কমিশ্যনরদের লাইসেন্স লইতে বলিবার কথা।

কমিশ্যনরগণ সভাগত হইয়া যে নিয়ম উচিত বোধ করেন এমত নিয়ম করিয়া উক্ত লাইসেন্স দিতে ও তৎসম্পর্কীয় ফী ধার্য্য করিতে পারিবেন।

ঐ মেহতরদের কর্ত্তব্য কর্ম্ম নির্ণয় করণার্থে কমিশ্যনরগণ এই আইনের সহিত সঙ্গত বিধি করিতে পারিবেন উক্ত কোন বিধি লঙ্ঘন হইলে, অপরাধির লাইসেন্স বাতিল হইয়া তাহার ২০৲ বিশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে ইতি।

১৫ ধারা। কমিশ্যনরগণ মুনিসিপালিটীর সীমার অন্তর্গত কোন ঘরে কি ভূমিতে পাইখানা কিম্বা আরও পাইখানা করাইয়া দেওয়া উচিত বোধ করিলে, ও এতৎপক্ষে নোটিস দিলে ঐ ঘরের কি

কমিশ্যনরদের পাইখানা প্রস্তুত করাইয়া দিবার আজ্ঞা করিতে কিম্বা নিজে প্রস্তুত করাইয়া দিতে পারিবার কথা।

such house or land shall, within fourteen days after notice in that behalf by the Commissioners, cause such latrine to be constructed in accordance with the requisition of such notice; and if such latrine is not constructed to the satisfaction of the Commissisoners within such period, the Commissioners may cause the same to be constructed, and the expenses thereby incurred shall be paid by the owner, and shall be recoverable as provided in section 4 of this Act.

ভুমির স্বামী বা স্বামিরা ঐ নোটিস পাইবার পর ১৪ চতুর্দ্দশ দিনের মধ্যে ঐ নোটিসের আদেশানুসারে ঐ পাইখানা প্রস্তুত করাইয়া দিবেন। পাইখানা সেই মিয়াদের মধ্যে কমিশ্যনরদের হৃদ্বোধমতে প্রস্তুত করাইয়া না দেওয়া গেলে, কমিশ্যনরগণ তাহা প্রস্তুত করাইবেন ও তাহাতে যে খরচ লাগে স্বামির তাহা দিতে হইবে ও এই আইনের ৪ ধারার বিধানমতে আদায় করিয়া লওয়া যাইতে পারিবে ইতি।

Commissioners may require list of persons in a holding.

16. The Commissioners may, by a notice in writing, require the owner or occupier of any holding to furnish, within a time to be specified in the notice, a list of the number of persons residing in or habitually resorting to such holding.

যোতে যত জন থাকেন তাঁহাদের নামের ফর্দ্দ কমিশ্যনরগণের লইতে পারিবার কথা।

১৬ ধারা। কমিশ্যনরগণ নোটিস লিখিয়া কোন যোতের স্বামিকে কি দখিলকারকে ঐ নোটিসের নির্দ্দিষ্ট সময়ের মধ্যে ঐ যোতনিবাসি কি তথায় নিয়ত যাতায়াতকারি লোকদের সংখ্যার ফর্দ্দ দিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

Penalty.

17. Whoever, being the owner or occupier of any holding, fails to furnish such list within the time specified in such notice after being required in that behalf by the Commissioners, shall be liable to a fine not exceeding one hundred rupees.

দণ্ডের কথা।

১৭ ধারা। কোন যোতের স্বামী কি দখিলকার কমিশ্যনরগণের স্থানে উক্ত ফর্দ্দ দিবার আদেশ পাইলেও ঐ নোটিসের নির্দ্দিষ্ট সময়ের মধ্যে তাহা না দিলে তাঁহার ১০০ এক শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

Construction and commencement of Act.

18. This Act shall be read with, and taken as part of, the Bengal Municipal Act, 1876;

and it shall come into force from the date on which it may be published in the *Calcutta Gazette* with the assent of the Governor-General.

এই আইনের অর্থকরণের কথা ও যে অবধি প্রচলিত হইবে তাহার কথা।

১৮ ধারা। এই আইন ১৮৭৬ সালের বঙ্গদেশের মুনিসিপল আইনের সঙ্গে পাঠ করিতে ও তাহার একাংশ বলিয়া জ্ঞান করিতে হইবে। ও যে তারিখে শ্রীযুত গবরনর জেনরল সাহেবের সম্মতিক্রমে কালেকটা গেজেটে প্রকাশ করা যায় সেই তারিখ অবধি প্রচলিত হইবে ইতি।

STATEMENT OF OBJECTS AND REASONS.

The provisions of section 244 of Bengal Act IV of 1876 allow the Municipal Commissioners of Calcutta to undertake, by an establishment under their control, the performance of the duties usually performed by tollah mehters, but there is no similar provision in the Bengal Municipal Act V of 1876.

The Commissioners of the Suburban and Howrah Municipalities are desirous of legalizing in those municipalities the system of removing offensive matter by properly organised establishments under their control. The present Bill meets their wishes by empowering the Commissioners of any first class municipality at a meeting to introduce such a system, and to levy a rate for the payment of the necessary establishment. Provision is also made for the erection of latrines in native *bustees*.

The 19th March 1878.

A. MACKENZIE.

FREDERICK CLARKE,
Asst. Secy. to the Govt. of Bengal,
Legislative Department.

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

টোলার মেহতরেরা যেং কর্ম্ম করিয়া থাকে ১৮৭৬ সালের বঙ্গীয় ৪ আইনের ২৪৪ ধারার বিধানমতে কলিকাতার মুনিসিপল কমিশ্যনরদের প্রতি আপনাদের অধীন কর্ম্মচারিদের দ্বারা সেইং কর্ম করিবার অনুমতি আছে। কিন্তু ১৮৭৬ সালের বঙ্গদেশীয় মুনিসিপল আইনে তদ্রূপ বিধান হয় নাই।

শহরতলীর ও হাবড়ার মুনিসিপালিটীর কমিশ্যনরগণ আপনাদের অধীন উপযুক্ত নিয়মবদ্ধ কর্ম্মচারিদের দ্বারা দুর্গন্ধজনক দ্রব্য স্থানান্তর করিবার সেই বিধান আপনাদের মুনিসিপালিটীর মধ্যে আইনমতে প্রচলিত করিতে চাহেন। এই পাণ্ডুলিপিতে তাঁহাদের অভিপ্রায় সফল করিয়া প্রথম শ্রেণীর মুনিসিপালিটীর সভাগত কমিশ্যনরগণের প্রতি ঐ বিধান প্রচলিত করিবার ও প্রয়োজনমত কর্ম্মচারিদের বেতন তুলিবার জন্যে টাক্স ধার্য্য করিবার ক্ষমতা দেওয়া গেল। আরো এতদ্দেশীয় লোকদের বসতীতেও পাইখানা করিয়া দিবার বিধান হইল।

এ মাকেঞ্জি।

১৮৭৮ সাল ১৯ মার্চ।

ফ্রেড্রিক ক্লার্ক,
লেজিসলেটিব ডিপার্টমেন্টে বঙ্গদেশের
গবর্ণমেন্টের আসিষ্টান্ট সেক্রেটরী।

THE following Bill was read in the Council of the Lieutenant-Governor of Bengal for the purpose of making Laws and Regulations on the 30th March 1878, and was referred to a Select Committee :—

আইনের এই পাণ্ডুলিপি ১৮৭৮ সালের মার্চ মাসের ৩০ তারিখে বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবরণর সাহেবের আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ মন্ত্রিসভায় পঠিত হইয়া মনোনীত কমিটীর প্রতি অর্পিত হইল।

A Bill to provide for the settlement of the rent of lands on the application of landholders or ryots.

ভূম্যধিকারিদের কি প্রজাদের প্রার্থনামতে ভূমির খাজানার বন্দোবস্ত হওনের বিধান করণার্থ আইনের পাণ্ডুলিপি।

Preamble.

WHEREAS it is expedient to provide for the settlement of the rent of lands on the application of landholders or ryots; It is enacted as follows :—

হেতুবাদ।

ভূম্যধিকারিদের বা প্রজাদের প্রার্থনামতে ভূমির খাজানার বন্দোবস্ত করিবার বিধান করা বিহিত, এইহেতুক নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

Interpretation clause.

1. In this Act, unless there be something repugnant in the subject or context:

অর্থ করণের ধারা।

১ ধারা। এই আইনে, বিষয় বিবেচনার কি পূর্ব্বাপর কথার দ্বারা ভাবান্তর বোধ না হইলে,

"Landholder."

"Landholder" means any person for the time being in direct receipt of rent from ryots or cultivators of land.

ভূম্যধিকারী।

যৎকালে যিনি নিজ রায়তদের বা ভূমিচাষিদের স্থানে খাজানা পাইয়া থাকেন "ভূম্যধিকারী" শব্দে তাঁহাকে জানিতে হইবে।

"Mouzah."

"Mouzah" includes every village, hamlet, tollah and similar sub-division of an estate, pergunnah, or village, recorded in a Survey Register, by whatever name such sub-division may be known.

মৌজা।

সরবের রেজিষ্টরী বহীতে মহালের কি পরগণার কি গ্রামের কোন বিভাগ, গ্রাম প ল্লিগ্রাম টোলা প্রভৃতি যে নামে জানা যাউক "মৌজা" শব্দের মধ্যে সেইং বিভাগও গণ্য ইতি

On application of certain persons, Collector may order settlement of a mouzah,

2. The Collector of the district may—

(*a*) on the application of a landholder, or body of landholders,

(*b*) or on the application of a landholder having a share in respect of which a separate account has been opened under section 10 or 11 of Act XI of 1859,

(*c*) or, where the property is joint and undivided, on the application of landholders whose interests represent not less than three-fourths of the property,

order a Deputy Collector, specially authorized by the Local Government in that behalf, to make a settlement of the rent of any lands, not being less than a mouzah.

কোনং ব্যক্তির প্রার্থনামতে মৌজার বন্দোবস্ত করণার্থে কালেক্টর সাহেবের আজ্ঞা করিতে পারিবার কথা।

২ ধারা। (ক) কোন ভূম্যধিকারির কিম্বা ভূম্যধিকারিগণের প্রার্থনা হইলে কিম্বা (খ) ১৮৫৯ সালের ১১ আইনের ১০ বা ১১ ধারামতে যে অংশের স্বতন্ত্র হিসাব রাখা গেল এমত অংশপ্রাপ্ত ভূম্যধিকারির প্রার্থনা হইলে,

কিম্বা (গ) সাধারণ ও অবিভক্ত সম্পত্তি হইলে, ঐ সম্পত্তির চারি অংশের তিন অংশে যে ভূম্যধিকারিদের স্বার্থ থাকে তাঁহাদের প্রার্থনা হইলে,

স্থানীয় গবর্ণমেণ্ট এতৎ কার্য্যপক্ষে যে ডেপুটী কালেক্টরের প্রতি বিশেষ ক্ষমতা প্রদান করেন জিলার কালেক্টর সাহেব তাঁহাকে মৌজার অন্যূন কোন ভূমির খাজানার বন্দোবস্ত করিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

And on application of three-fourths of the ryots with occupancy rights in a mouzah.

3. The Collector of the district may, on the application of not less than three-fourths of the ryots with rights of occupancy in any mouzah, order a Deputy Collector as aforesaid to make a settlement of the rent of such mouzah.

In such case the Deputy Collector shall give notice of the names of the applicants to the person to whom they pay their rent.

ও মৌজার দখলি স্বত্ব প্রাপ্ত চারি অংশের তিন অংশের প্রজাদের প্রার্থনা হইলে।

৩ ধারা। কোন মৌজার যে রায়তদের দখলিস্বত্ব আছে তাহাদের চারি অংশের তিন অংশের অন্যূন ব্যক্তি প্রার্থনা করিলে জিলার কালেক্টর সাহেব পূর্ব্বোক্ত প্রকারের ডেপুটী কালেক্টরকে ঐ মৌজার খাজানার বন্দোবস্ত করিবার আজ্ঞা দিতে পারিবেন ইতি।

তদ্রূপস্থলে প্রার্থকের যাঁহাকে খাজানা দিয়া থাকেন ডেপুটী কালেক্টর তাঁহাকে ঐ প্রার্থকদের নামের নোটিস দিবেন ইতি।

[*Government Gazette*, 23rd *April* 1878.]

4. Applicants under clauses (*b*) or (*c*) of section 2 of this Act shall give notice of their application to all their co-sharers; and if on receipt of such notice, any such co-sharers join in the said application, but not otherwise, they shall be entitled to the benefit of this Act.

In certain cases applicants to give notice to their co-sharers.

5. A Deputy Collector as aforesaid when ordered to make a settlement of the rent of any lands under this Act may enter upon such lands, and may exercise the powers conferred on a Collector by the first clause of section 24 of Regulation VII of 1822, and may do all things necessary for settling the rent of the said lands.

Deputy Collector may enter on lands and measure the same.

The provisions of sections 37 to 41 (both inclusive) of Bengal Act VIII of 1869 shall, so far as may be practicable, apply to the measurement of the lands.

6. If there is any dispute as to whether a person is liable to pay rent in respect of such lands, or on the non-appearance of any person liable to pay such rent, the Deputy Collector may hold an enquiry, and may declare that the person actually paying rent is the person liable to pay the same, or may determine summarily who is the person liable to pay rent, subject to a suit in a civil court.

Procedure in case of dispute as to person liable to pay rent.

7. The rent fixed by the Deputy Collector in the course of such settlement shall, when confirmed by the superior Revenue authorities from time to time empowered in this behalf by the Local Government, remain in force for a period of ten years, unless altered by a decree of a Civil Court.

Rent fixed by Deputy Collector to remain in force for ten years.

8. The cost of measurement of the lands, and such portion of the remuneration of the Deputy Collector as would cover the time *bonâ fide* spent by him in the conduct of a settlement under this Act, shall be paid, in accordance with rules made by the Board of Revenue in this behalf,

Cost of settlement to be paid by applicant or applicants.

by a single applicant under clause (*a*) of section 2 of this Act,

by a body of applicants under the same clause, in proportion to the extent of the mouzah held by each of them,

by the applicants under clauses (*b*) and (*c*) of the said section, in proportion to the amount of their respective shares,

৪ ধারা। এই আইনের ২ ধারার (খ) বা (গ) প্রকরণমতে যাহারা প্রার্থক হন তাহাঁরা আপনাদের সহ অংশিদিগকে আপনাদের প্রার্থনা করণের নোটিস দিবেন। সেই নোটিস পাইলে, উক্ত কোন সহ অংশিরা ঐ প্রার্থনার যোগ দিলে তাহাঁরা এই আইনজন্য উপকারের অধিকারী হইবেন, নতুবা নয় ইতি।

স্থলবিশেষে সহ-অংশিদের বাবে প্রার্থকদের নোটিস দিবার কথা।

৫ ধারা। পূর্ব্বোক্ত প্রকারের ডেপুটী কালেক্টর এই আইনমতে কোন ভূমীর খাজানার বন্দোবস্ত করিবার আজ্ঞা পাইলে, সেই ভূমিতে গিয়া, ১৮২২ সালের ৭ আইনের ২৪ ধারার প্রথম প্রকরণমতে কালেক্টর সাহেবের প্রতি যেং ক্ষমতা অর্পণ করা যায় সেইং ক্ষমতামতে কার্য্য করির ঐ ভূমির খাজানার বন্দোবস্ত করণার্থে যে সকল কার্য্য আবশ্যক তাহা করিতে পারিবেন।

ভূমীতে ডেপুটী কালেক্টরের প্রবেশ করিয়া মাপিতে পারিবার কথা।

১৮৬৯ সালের বঙ্গীয় ৮ আইনের ৩৭ অবধি ৪১ পর্য্যন্ত ধারার বিধান যত দূর খাটিতে পারে ঐ ভূমির মাপ করণের প্রতি ততদূর খাটিবে ইতি।

৬ ধারা। কোন ব্যক্তি ঐ ভূমি সম্পর্কীয় খাজানা দেওনের যোগ্য কি না এই বিষয়ে বিবাদ হইলে, কিম্বা ঐ খাজানা দিবার যোগ্য কোন ব্যক্তি উপস্থিত না হইলে, ডেপুটী কালেক্টর অনুসন্ধান লইয়া যিনি তৎকালে খাজানা দিয়া থাকেন তাঁহাকে খাজানা দিবার যোগ্য বলিয়া নির্দ্দেশ করিতে, কিম্বা খাজানা দিবার যোগ্য কে হন ইহা সরাসরিমতে নির্ণয় করিতে পারিবেন পশ্চাৎ দেওয়ানী আদালতে মোকদ্দমা হইতে পারিবে ইতি।

কে ঐ খাজানা দিবার যোগ্য, এই বিষয়ের বিবাদ হইলে কার্য্যপ্রণালীর কথা।

৭ ধারা। উক্ত বন্দোবস্ত করণ সময়ে ডেপুটি কালেক্টর যে খাজানা ধার্য্য করেন স্থানীয় গবর্ণমেন্ট এই কার্য্য পক্ষে রাজস্বের উপরিস্থ যে কর্ত্তৃপক্ষদিগকে সময়েং ক্ষমতা প্রদান করেন তাঁহারা সেই খাজানা স্থির রাখিলে, দেওয়ানী আদালতের ডিক্রীক্রমে পরিবর্ত্তন করা না গেলে তাহা দশ বৎসর প্রবল থাকিবে ইতি।

ডেপুটি কালেক্টর যে খাজানা ধার্য্য করেন তাহা দশ বৎসর প্রবল থাকার কথা।

৮ ধারা। রেবিনিউ বোর্ডের সাহেবেরা এতৎ পক্ষে যে বিধি করেন তদনুসারে ভূমী মাপিবার খরচ, ও এই আইনমত বন্দোবস্তী কার্য্যে ডেপুটী কালেক্টরের প্রকৃত প্রস্তাবে যত সময় যায় তাহার পারিশ্রমিকের তত্তুল্য অংশ নিম্নলিখিত ব্যক্তিরা দিবেন।

বন্দোবস্তের খরচ প্রার্থকের বা প্রার্থকদের দিতে হইবার কথা।

এই আইনের ২ ধারার (ক) প্রকরণমতে একি ব্যক্তি প্রার্থনা করিলে তিনি।

সেই প্রকরণমতে কএকজন একত্র হইয়া প্রার্থনা করিলে মৌজায় যাঁহার যে পরিমাণ ভোগ হয় তদনুসারে তাঁহারা।

ঐ ধারার (খ) ও (গ) প্রকরণমতে প্রার্থনা হইলে প্রার্থকদের মধ্যে যাঁহার যে অংশ থাকে তদনুসারে তাঁহারা

and by the applicants under section 3 of this Act, in such proportion as may be fixed by the Collector of the district;

and such applicants shall, at the time of making application, deposit the costs with the Collector in accordance with an estimate framed under such rules.

Enhancement not to be made and abatement not to be claimed except as under Bengal Act VIII, 1869, or Act X, 1859.

9. No ryot having a right of occupancy shall be liable to have the rent previously payable by him enhanced, or shall be entitled to claim an abatement of the rent previously payable by him, in the course of any settlement proceedings under this Act, except on some one or more of the grounds specified in section 18 or 19 of Bengal Act VIII of 1869, or, where Act X of 1859 is still in force, in section 17 or 18 of the latter Act.

Burden of proof and rule of limitation in case of enhancement of rent.

10. Where, in the course of any settlement proceedings conducted under this Act, and confirmed by the Revenue authorities from time to time empowered in this behalf by the Local Government, a higher rent has been recorded as demandable from any under-tenant or ryot than was previously paid by him, such rent shall be deemed to have been correctly enhanced until the contrary is proved.

Any suit by such under-tenant or ryot, to contest his liability to pay the enhanced rent, shall be instituted within three months from the date of the service of the notice of enhancement; and unless he has instituted such suit within such period, he shall not contest the said liability in answer to any suit which may be preferred against him for recovery of arrears of enhanced rent after the expiration of three months from the date of service of such notice.

Notice to sign *jummabundi* shall be deemed notice of enhancement.

11. A notice in writing served on an under-tenant or ryot by, or by the authority of, the Deputy Collector as aforesaid, calling on him to attend and sign the *jummabundi*, shall be deemed a notice within the meaning of section 14 of Bengal Act VIII of 1869, and section 13 of Act X of 1859.

Such civil court shall thereupon enquire into and determine the question as to the alleged disqualification, and the provisions of sections four, seven, and twenty-two of the said Act XXXV of 1858 shall apply to such enquiry.

Form of proceeding in such cases.

34. When any enquiry is instituted by a civil court under section 32 or section 33, such court shall, for the purposes of making such enquiry, have such and the same or the like powers and authorities, and shall proceed in such and the same or the like manner and form as in and by the said Act XXXV of 1858 are provided for making the enquiries in and by the same Act directed to be made.

The civil court shall transmit to the court by which any enquiry under section 28 or 29 is directed a copy of the order made on each such enquiry, and the court shall thereupon, in case the proprietor has been found by the civil court to be disqualified, treat such proprietor as subject to its superintendence and jurisdiction.

PART VI.

Procedure on ascertainment of disqualification.

Declaration of disqualification.

35. Whenever it has been determined under the provisions aforesaid that the proprietor of an estate is disqualified, the court shall make an order declaring such estate to be subject to the jurisdiction of the court, and directing the Collector to take charge of such proprietor and of his property, and such proprietor shall be held to be a ward of the court from the date of such order;

[গবর্ণমেন্ট গেজেট ১৮৭৮ । ২১ মে ।]

দুর্ব্বলতাগ্রস্ত কি না, ঐ দেওয়ানী আদালত ইহা নিশ্চয়রূপে জানিবার নিমিত্ত অনুসন্ধান লইবার বিধান করিবেন ইতি ।

হাই কোর্টের ক্ষমতাধীন স্থানবাসি ভূম্যধিকারির দোষ কি দুর্ব্বলতা হইলে ইতিকর্ত্তব্যতার কথা।

৩৩ ধারা । বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের বিচারাধিপত্যের সীমার অন্তর্গত স্থানবাসি কিম্বা যৎকালে যে দেশ বঙ্গ দেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের শাসনাধীন থাকে তাহার বহির্ভূত স্থানবাসি কোন ভূম্যধিকারী মনের বিকৃতিভিন্ন স্বাভাবিক কি ঘটনাধীন কোন দোষ কি দুর্ব্বলতা প্রযুক্ত অযোগ্য আছেন কালেক্টর সাহেব এমত রিপোর্ট করিলে ঐ ভূম্যধিকারির মহাল কি ভূমি যে কোর্টের খণ্ডের মধ্যে থাকে সেই কোর্ট রিপোর্টকারি ঐ কালেক্টর সাহেবকে চব্বিশপরগনার দেওয়ানী আদালতে, অথবা কালেক্টর সাহেব শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের নিকটে প্রার্থনা করিলে তিনি অন্য যে দেওয়ানী আদালত নির্দ্দেশ করেন সেই আদালতে প্রার্থনা করিতে আজ্ঞা করিবেন ।

তাহা হইলে সেই দেওয়ানী আদালত কথিত অযোগ্যতার অনুসন্ধান লইয়া তাহা নির্ণয় করিবেন । ও সেই অনুসন্ধানের প্রতি ১৮৫৮ সালের উক্ত ৩৫ আইনের ৪, ৭ ও ২২ ধারার বিধান বর্ত্তিবে ইতি ।

উক্ত স্থলে কার্য্যপ্রণালীর কথা।

৩৪ ধারা । ৩২ কি ৩৩ ধারামতে দেওয়ানী আদালতে কোন অনুসন্ধানের কার্য্য উপস্থিত করা গেলে, ১৮৫৮ সালের উক্ত ৩৫ আইনমতে যে অনুসন্ধান লওয়া যায় তদর্থে ঐ আইনক্রমে যেহ ও যদ্রূপ শক্তি ও ক্ষমতা বর্ত্তে ও যেরূপ ও যেহ বিধানমতে কার্য্য হইবার নিয়ম থাকে উক্ত দেওয়ানী আদালতের প্রতি উক্ত অনুসন্ধান কার্য্যের নিমিত্তে সেই শক্তি ও ক্ষমতা ও কার্য্যবিধানের সেই নিয়ম বর্ত্তিবে ।

যে কোর্টদ্বারা ২৮ কি ২৯ ধারামত অনুসন্ধান লইবার আদেশ হয় উক্ত অনুসন্ধানের পর যে আজ্ঞা প্রচার করা যায় দেওয়ানী আদালত ঐ কোর্টের নিকট ঐ আজ্ঞার প্রতিলিপি পাঠাইবেন । তাহাতে দেওয়ানী আদালত ভূম্যধিকারিকে অযোগ্য বলিয়া নির্ণয় করিলে ঐ কোর্ট ঐ ভূম্যধিকারিকে আপনার তত্ত্বাবধানের ও আধিপত্যের অধীন বলিয়া তাঁহার প্রতি ব্যবহার করিবেন ইতি ।

ষষ্ঠ খণ্ড ।

অযোগ্য বলিয়া নির্ণয় হইলে পর কার্য্য প্রণালী বিষয়ক বিধি ।

অযোগ্যতাসূচক নির্দ্দেশবাক্য প্রচার করিবার কথা।

৩৫ ধারা । পূর্ব্বোক্ত বিধানমতে কোন মহালের ভূম্যধিকারিকে অযোগ্য বলিয়া নির্ণয় হইলে, ঐ মহাল কোর্টের আধিপত্যে আছে কোর্ট এই নির্দ্দেশসূচক আজ্ঞা করিয়া কালেক্টর সাহেবের প্রতি ঐ ভূম্যধিকারির ও তাহার সম্পত্তির কর্ত্তৃত্বভার গ্রহণ করিবার আজ্ঞা করিবেন । ও সেই আজ্ঞার তারিখ অবধি সেই ভূম্যধিকারিকে আদালতের অনুপালিত বলিয়া জ্ঞান হইবে ।

and the Collector of every district within which there may be any property of the ward shall, as soon as conveniently may be, take possession of such property, and the court shall be held to be in charge of such property from the time when possession shall have been so taken.

Collector to seize seals, papers, and moveable property.

36. Immediately on an order being made under the provisions of section 35, the Collector shall search for and take possession of all seals and such accounts and papers belonging to the ward as it may appear to him advisable to take possession of, and shall, at his discretion, remove them to his own office, or send them to the custody of the court, and shall also take possession of all moveable property of the ward, and place under proper custody such portion thereof as he may think necessary.

And the Collector may, in case he has reason to believe that any such seal, account paper, or property is in any room, box, or receptacle, within any house or on any land in the actual possession of the ward, break open the same for the purpose of searching for such seal, account-paper, or property.

Collector to deliver inventory.

37. The Collector shall, within six months from the date of his taking possession of the property of a ward under the provisions of this Act, deliver to the court an inventory of all immoveable and moveable property so taken possession of.

Collector to report particulars of estates of disqualified persons.

38. Every Collector in charge of a ward shall forthwith report to the court in charge of such ward the condition of such ward, the particulars of his property, moveable and immoveable, so far as the same can be ascertained, and the persons who respectively may appear to be most eligible to be appointed manager and guardian, with the grounds of such opinion.

PART VII.

Appointment and Duties of Managers and Guardians.

Offices of manager and guardian distinct.

39. The offices of manager and guardian for wards shall be wholly distinct.

Duties of manager and guardian respectively.

40. When the offices of manager and guardian are vested in different persons, the manager shall have the care of the move

এবং ঐ রাজানুপালিতের সম্পত্তির কোন অংশ যেং জিলায় থাকে সেই প্রত্যেক জিলার কালেক্টর সাহেব সুবিধামতে ত্বরায় ঐ সম্পত্তি স্বীয় অধিকারে আনিবেন ও যৎকালে তদ্রূপ অধিকার করেন তদবধি ঐ সম্পত্তি ঐ কোর্টের কর্তৃত্বাধীন বলিয়া জ্ঞান হইবে ইতি।

মোহর ও কাগজপত্র ও অস্থাবর দ্রব্য কালেক্টর সাহেবের লইবার কথা।

৩৬ ধারা। ৩৫ ধারার বিধানমতে কোন আজ্ঞা করা গেলেই কালেকটর সাহেব ঐ রাজানুপালিতের সকল মোহর এবং যে সকল হিসাব ও কাগজপত্র স্বীয় অধিকারে গ্রহণ করা বিহিত বোধ করেন তাহ ও অন্বেষণ পূর্ব্বক গ্রহণ করিয়া স্বীয় বিবেচনামতে আপনার কার্য্যালয়ে আনাইয়া রাখিবেন কিম্বা কোর্টের দ্বারা রক্ষিত হওয়ার জন্যে পাঠাইবেন আর তিনি ঐ রাজানুপালিতের অস্থাবর সকল বিষয় গ্রহণ করিয়া যে অংশ আবশ্যক জ্ঞান করেন তাহা উপযুক্ত সংরক্ষণে রাখিবেন।

এবং রাজানুপালিতের নিজ অধিকারে যে ঘর কি ভূমি থাকে উক্ত কোন মোহর কি হিসাব কি কাগজ পত্র কি সম্পত্তি এমত কোন ঘরের অন্তর্গত কি ভূমিগত কোন ঘরে কি বাক্সে কি আধারে আছে কালেক্টর সাহেবের এমত জ্ঞান করিবার কারণ থাকিলে, তিনি সেই মোহর কি হিসাব কি কাগজপত্র কি সম্পত্তি অন্বেষণ করিবার জন্যে ঐ ঘর প্রভৃতি ভাঙ্গিয়া খুলিতে পারিবেন ইতি।

কালেক্টর সাহেবের নির্ঘণ্টপত্র দিবার কথা।

৩৭ ধারা। কালেক্টর সাহেব এই আইনের বিধানমতে রাজানুপালিত ব্যক্তির সম্পত্তি অধিকার করিবার তারিখ অবধি ছয় মাসের মধ্যে আপনার তদ্রূপ অধিকৃত সমস্ত স্থাবরাস্থাবর সম্পত্তির নির্ঘণ্টপত্র কোর্টে অর্পণ করিবেন ইতি।

অযোগ্য ব্যক্তিদের সম্পত্তির বিবরণ কালেক্টর সাহেবের লিখিবার কথা।

৩৮ ধারা। রাজানুপালিত ব্যক্তি যে কালেক্টর সাহেবের কর্তৃত্বে থাকেন তিনি অবিলম্বেই ঐ রাজানুপালিতের কর্তৃত্বভারপ্রাপ্ত কোর্টে ঐ ব্যক্তির অবস্থার এবং তাঁহার অস্থাবর ও স্থাবর সম্পত্তির বিবরণ যতদূর নির্ণয় করিতে পারেন তাহার রিপোর্ট করিবেন, এবং যে ব্যক্তিরা কার্য্যাধ্যক্ষের ও অভিভাবকের পদে নিযুক্ত হইবার সুযোগ্য তাঁহাদের নাম ও যে কারণে তাঁহাদিগকে যোগ্য জ্ঞান হয় সেই কারণ জানাইবেন ইতি।

---

৭ সপ্তম খণ্ড।

কার্য্যাধ্যক্ষ ও অভিভাবকের নিযুক্ত হওয়ার ও কর্ত্তব্য কর্ম্মের বিধি।

কার্য্যাধ্যক্ষের ও অভিভাবকের কর্ম্ম পৃথক হওয়ার কথা।

৩৯ ধারা। রাজানুপালিত ব্যক্তির কার্য্যাধ্যক্ষের ও অভিভাবকের পদ সম্পূর্ণ পৃথক্ হইবে ইতি।

কার্য্যাধ্যক্ষের এবং অভিভাবকের কর্ত্তব্য কর্ম্মের কথা।

৪০ ধারা। কার্য্যাধ্যক্ষের ও অভিভাবকের কর্ম্ম ভিন্নং ব্যক্তির প্রতি অর্পিত হইলে, যে সম্পত্তি অস্থাবররূপে কোন কালেক্টর সাহেবের কর্তৃত্বে থাকে কার্য্যাধ্যক্ষ তদ্ভিন্ন

able and immoveable property of the ward, save such property as may be under the immediate charge of any Collector, and the guardian shall have the superintendence and care of the person and maintenance of the ward.

Power to appoint one person to be manager and guardian.

41. The court in charge of a ward may, if it thinks fit, appoint the same person to be guardian and manager; but in every case where one person shall be appointed to be both manager and guardian, he shall render all such accounts and perform all such duties as in and by this Act are required from manager and guardian respectively and severally.

Documents to be executed by manager and guardian.

42. Every manager and every guardian shall sign and seal all papers, deeds, documents, and writings which are executed by him by virtue of his office, with his own name and seal; and shall add to his name his description of manager or guardian of the ward for whom he may act, as the case may be;

and every manager shall deliver to the Collector in charge of the estate of which he is a manager, and every guardian shall deliver to the Collector in charge of the ward, all family seals belonging to the ward which may come into his power or control, and such seals shall be deposited wherever the court shall order.

Appointment of manager of estate.

43. Every manager of the estate of any ward shall, subject to the approbation of the Board, be appointed by the court in charge of such estate, and his commission shall be authenticated by the official seal of such court.

Provided that whenever any ward has estates in more than one division, the manager appointed by the court in charge of such ward shall be appointed manager of all other estates of such ward by the respective courts in and for the division in which such estates respectively are situated;

but any such court may, with the assent of the Board, appoint a separate manager of the estate or estates under its charge, or a sub-manager who shall act under the orders of the manager.

Manager subordinate to the Court and Collector, or to Court or Board direct.

44. Every manager shall be subordinate to the court and to the Collector under whose superintendence the estate or lands of a

রাজানুপালিতের স্থাবর ও অস্থাবর সম্পত্তির অধ্যক্ষতা পাইবেন। অভিভাবক ঐ ব্যক্তির রক্ষণাবেক্ষণের ও ভরণপোষণের তত্ত্বাবধারণ করিবার ভার পাইবেন ইতি।

কার্য্যাধ্যক্ষের ও অভিভাবকের পদে একি ব্যক্তিকে নিযুক্ত করিবার ক্ষমতার কথা।

৪১ ধারা। রাজানুপালিত ব্যক্তি যে কোর্টের কর্তৃত্বে থাকেন সেই কোর্ট বিহিত বোধ করিলে অভিভাবক ও কার্য্যাধ্যক্ষ পদে একি ব্যক্তিকে নিযুক্ত করিতে পারিবেন। কিন্তু কার্য্যাধ্যক্ষ ও অভিভাবকপদে একি ব্যক্তি নিযুক্ত হইলে, এই আইনমতে কার্য্যাধ্যক্ষের এবং অভিভাবকের যেং হিসাব দেওয়া ও যেং কর্ম্ম করা কর্ত্তব্য ঐ একি ব্যক্তির পৃথকরূপে সেই সকল হিসাব দিতে ও সেইং কর্ম্ম করিতে হইবে ইতি।

দলিলে কার্য্যাধ্যক্ষের ও অভিভাবকের স্বাক্ষর করিতে হইবার কথা।

৪২ ধারা। প্রত্যেক কার্য্যাধ্যক্ষ ও প্রত্যেক অভিভাবক স্বীয় পদের বলে যে সকল কাগজপত্র ও দলীল ও নিদর্শনপত্র ও লিপি সম্পাদন করেন তাহাতে স্বাক্ষর করিয়া মোহর বসাইবেন এবং নামের পরে শ্রীঅমুকের (অর্থাৎ রাজানুপালিত যে ব্যক্তির পক্ষে কর্ম্ম করেন তাঁহার) কার্য্যাধ্যক্ষ কিম্বা বিষয় বিশেষে অভিভাবক এই বর্ণনা লিখিবেন।

এবং রাজানুপালিতের কুলসংক্রান্ত যে সকল মোহর কার্য্যাধ্যক্ষের কি অভিভাবকের ক্ষমতার ও কর্তৃত্বের মধ্যে আইসে মহালের কর্তৃত্বভার যে কালেক্টর সাহেবের প্রতি থাকে কার্য্যাধ্যক্ষ তাঁহার হস্তে, এবং রাজানুপালিত ব্যক্তির কর্তৃত্বভার যে কালেক্টর সাহেবের প্রতি থাকে অভিভাবক তাঁহার হস্তে ঐ সকল মোহর দিবেন এবং কোর্ট যে স্থানের আজ্ঞা করেন উক্ত মোহর সেই স্থানে গচ্ছিত করিয়া রাখা যাইবে ইতি।

মহালের কার্য্যাধ্যক্ষের নিয়োগের কথা।

৪৩ ধারা। রাজানুপালিতের মহাল যে কোর্টের কর্তৃত্বে থাকে বোর্ডের সাহেবদের অনুমোদনক্রমে সেই কোর্ট ঐ মহালের কার্য্যাধ্যক্ষকে নিযুক্ত করিবেন ও তাঁহার ক্ষমতাপত্র ঐ কোর্টের সরকারি মোহর মুদ্রিত হইবে।

কিন্তু রাজানুপালিতের মহাল দুই কি ততোধিক দেশখণ্ডে থাকিলে রাজানুপালিতের কর্তৃত্বভার যে কোর্টের প্রতি থাকে সেই কোর্ট যাঁহাকে কার্য্যাধ্যক্ষ পদে নিযুক্ত করেন ঐ মহাল অন্য যে খণ্ডের অন্তর্গত থাকে সেইং খণ্ডের কোর্টও সেই ব্যক্তিকে সেইং খণ্ডের অন্তর্গত ঐ মহালের কার্য্যাধ্যক্ষ পদে নিযুক্ত করিবেন।

কিন্তু বোর্ডের অনুমতি হইলে উক্ত কোন কোর্ট আপনার তত্ত্বাবধান মহালের কি মহাল সকলের স্বতন্ত্র কার্য্যাধ্যক্ষ নিযুক্ত করিতে কিম্বা পূর্ব্বোক্ত কার্য্যাধ্যক্ষের আজ্ঞামত কর্ম্ম করণার্থ অধীন কার্য্যাধ্যক্ষকে নিযুক্ত করিতে পারিবেন ইতি।

কোর্টের ও কালেক্টর সাহেবের কিম্বা নিজ কোর্টের কি বোর্ডের অধীন কার্য্যাধ্যক্ষের থাকার কথা।

৪৪ ধারা। রাজানুপালিতের মহাল কি ভূমি যে কোর্টের ও কালেক্টর সাহেবের তত্ত্বাবধানে থাকে কার্য্যাধ্যক্ষ তাঁহার অধীন হইবেন। পরন্তু কোন কার্য্যাধ্যক্ষ অ(প)র কালেক্টর সাহেবের অধীন নহেন

ward may be; but the Lieutenant-Governor of Bengal may at any time declare any manager to be no longer subordinate to the Collector, and may order him to be directly subordinate to the court or to the Board.

Manager to give security.

45. Every manager of an estate, previous to the receipt of his commission, shall give security for the due performance of his duty as such manager, and shall execute an agreement in the form in schedule A hereto annexed.

Provided that with the assent of the Board such security may be dispensed with, and that no security shall be required from a manager if he be the testamentary guardian.

Every manager of an estate shall be responsible for any loss occasioned to the property by his wilful default or gross negligence.

Remuneration of manager.

46. Every manager of an estate shall receive from such estate such remuneration, by salary, commission, or otherwise, as shall from time to time be fixed and determined by the court with the assent of the Board.

Application of penalties.

47. All moneys which may be recovered from any manager under the provisions of his obligation shall be carried to the credit of the estate of the ward.

Appointment of officers.

48. An establishment of necessary officers to act under the manager or sub-manager shall be fixed by the court in charge of the estate.

The Collector, after consultation with the manager, shall appoint the persons to be employed on such establishment, subject to the approval of the court.

Managers, &c., to be deemed to be in pay of the Government.

49. The manager and all persons employed in the management of the estate of any ward shall be deemed to be officers in the pay of Government, in respect of their employment and remuneration, and every manager, sub-manager, or guardian under this Act, and every officer employed as hereinafter provided, shall be held to be a public accountant under the provisions of Act XII of 1850.

Power to remove manager.

50. The court by which any manager or guardian or other person has been appointed may, if it thinks fit, with the

শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব কোন সময়ে ইহা নির্দ্দেশ করিতে ও তাঁহাকে অব্যবহিতরূপে কোর্টের কিম্বা বোর্ডের অধীন হইবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

কার্য্যাধ্যক্ষের প্রতিভূ দিবার কথা।

৪৫ ধারা। মহালের প্রত্যেক জন কার্য্যাধ্যক্ষ আপনার অধ্যক্ষতা পদের ক্ষমতাপত্র পাইবার পূর্ব্বে ঐ পদের কর্ম্ম উপযুক্তমতে সম্পাদন করিবার প্রতিভূ দিবেন এবং A তফসীলের পাঠে নিয়মপত্র লিখিয়া দিবেন।

কিন্তু বোর্ড সম্মত হইলে উক্ত প্রতিভূ না দিলেও চলিতে পারিবে। আরো যিনি উইলক্রমে অভিভাবকপদে নিযুক্ত হন তিনি কার্য্যাধ্যক্ষ হইলে তাঁহার নিকট প্রতিভূ লওয়া যাইবে না।

মহালের কার্য্যাধ্যক্ষ ইচ্ছা পূর্ব্বক কার্য্যে ত্রুটি করাতে বা তাহার অতি তাচ্ছল্য দ্বারা সম্পত্তির কোন হানি হইলে তিনিই সেই হানির দায়ী হইবেন ইতি।

কার্য্যাধ্যক্ষের পারিশ্রমিকের কথা।

৪৬ ধারা। বোর্ডের অনুমতিক্রমে কোর্ট সময়েং যে বেতন কি কমিশ্যন কি প্রকারান্তরের যে পারিশ্রমিক নিরূপণ করেন, প্রত্যেক মহালের কার্য্যাধ্যক্ষ সেই মহালহইতে সেই পারিশ্রমিক পাইবেন ইতি।

দণ্ডের টাকা প্রয়োগ করিবার কথা।

৪৭ ধারা। কার্য্যাধ্যক্ষের পদোপলক্ষে কর্ত্তব্য কর্ম্মের বিধানমতে যে সকল টাকা আদায় হয় তাহা রাজানুপালিতের মহালের হিসাবে জমা করিয়া লওয়া যাইবে ইতি।

কর্ম্মকারকদিগকে নিযুক্ত করিবার কথা।

৪৮ ধারা। কার্য্যাধ্যক্ষের কিম্বা তদধীন কার্য্যাধ্যক্ষের অধীনে কর্ম্ম করিবার জন্যে যত জন কর্ম্মকারকের প্রয়োজন, মহালের কর্ত্তৃত্বভার যে কোর্টের প্রতি থাকে সেই কোর্ট তাহা নির্দ্ধার্য্য করিবেন।

কর্ম্মকারকের পদে যাঁহারদিগকে নিযুক্ত করিতে হইবে কালেক্টর সাহেব উক্ত কার্য্যাধ্যক্ষের সহিত পরামর্শ করিয়া তাহারদিগকে মনোনীত করিবেন, কিন্তু কোর্টের অনুমোদনের অপেক্ষা থাকিবে ইতি।

কার্য্যাধ্যক্ষপ্রভৃতিকে গবর্ণমেণ্টের বেতন ভোগী জ্ঞান হইবার কথা।

৪৯ ধারা। রাজানুপালিত কোন ব্যক্তির মহালের কার্য্যাধ্যক্ষকে এবং অধ্যক্ষতাকার্য্য সম্পাদনে যে ব্যক্তিরা নিযুক্ত হন তাঁহাদিগকে স্বং কর্ম্মের ও পারিশ্রমিকের উপলক্ষে গবর্ণমেণ্টের বেতনভোগী কর্ম্মকারক বলিয়া জ্ঞান হইবে। এবং এই আইনগত প্রত্যেক কার্য্যাধ্যক্ষ ও অধীন কার্য্যাধ্যক্ষ ও অভিভাবককে ও পশ্চাৎ লিখিত বিধানমতে অন্য যে প্রত্যেক ব্যক্তিকে কর্ম্মে নিযুক্ত করা যায় তাঁহাকে ১৮৫০ সালের ১২ আইনের বিধানমতে রাজকীয় হিসাবী বলিয়া জ্ঞান হইবে ইতি।

কার্য্যাধ্যক্ষকে অবসর করিবার ক্ষমতার কথা।

৫০ ধারা। কোন কার্য্যাধ্যক্ষ কি অভিভাবক কি অন্য ব্যক্তি যে কোর্টকর্ত্তৃক নিযুক্ত হন, সেই কোর্ট বিহিত বোধ করিলে বোর্ডের অনুমতি লইয়া ঐ কার্য্যাধ্যক্ষ কি

absent of the Board, remove such manager or guardian or other person, and may order the person so removed to make over, within a time fixed by the court, any property in his hands to such person as the court may direct to receive the same, and to account to such person for all moneys received and disbursed by such manager or guardian;

and every such order may be enforced by the court by the imprisonment in the civil jail of the person disobeying the same, and by attachment of his property, and keeping it under attachment until the accounts or property have been delivered up.

51. The Collector in charge of any property of the ward may, if he thinks fit, remove any officer appointed by himself, and may order any officer so removed to deliver his accounts or any property in his hands, and such order shall be enforced in manner aforesaid, and the diet-money of every person imprisoned under this section shall be paid out of the rents and profits of the estate.

Collector may remove officer appointed by himself.

An appeal shall lie to the Board against every order for imprisonment made by the court.

52. Every manager, sub-manager, or guardian, who may be removed or otherwise cease to fill such office, shall, notwithstanding his removal or cesser of office, continue liable to account to the court for his receipts and disbursements during the period of his management or guardianship, or tenure of office.

Manager or guardian removed to remain liable to account.

53. If any present manager, sub-manager, or guardian, or past or present officer subordinate to a manager, sub-manager, or guardian, wilfully neglects or refuses to deliver his accounts or any property in his hands within such time as is fixed by the court, the court may impose on him a fine not exceeding five hundred rupees, and in addition to any other remedy for the recovery of such fine, every such fine shall be a demand recoverable as an arrear of revenue.

Power to fine recusant and negligent managers, &c.

54. The manager appointed by the court shall have the care of the entire property, moveable or immoveable, of the ward, except

Duties of manager.

estates or lands to which another manager may be appointed, or which are under the direct management of a Collector,

অভিভাবক কি অন্য ব্যক্তিকে অবসর করিতে পারিবেন। এবং কোর্ট তাঁহার হস্তস্থিত সম্পত্তি গ্রহণ করিবার জন্যে যে ব্যক্তিকে নিযুক্ত করেন অপসৃত ব্যক্তিকে ঐ কোর্টের নিরূপিত সময়ের মধ্যে তাঁহার হস্তে ঐ সম্পত্তি সমর্পণ করিতে এবং কার্য্যাধ্যক্ষ কি অভিভাবক পদোপলক্ষে যত টাকা আয় ব্যয় করিয়াছেন তাহার হিসাব দিতে আজ্ঞা করিতে পারিবেন।

সেই ব্যক্তি উক্ত আজ্ঞা না মানিলে যত কাল সেই হিসাব ও সম্পত্তি না দেন ঐ কোর্ট তাঁহাকে তত কাল দেওয়ানী জেলে বদ্ধ করিয়া ও তাঁহার সম্পত্তি ক্রোক করিয়া ক্রোকী অবস্থায় রাখিয়া ঐ আজ্ঞা প্রবল করাইতে পারিবেন ইতি।

৫১ ধারা। রাজানুপালিত ব্যক্তির কোন সম্পত্তি যে কালেকটর সাহেবের কর্ত্তৃত্বে থাকে তিনি উচিত বোধ করিলে আপনার নিযুক্ত কোন কর্ম্মকারককে অবসর করিতে পারিবেন, ও তদ্রূপ অপসৃত কর্ম্মকারককে হিসাব দিবার ও তাঁহার হস্তস্থিত সম্পত্তি সমর্পণ করিবার আজ্ঞা করিতে পারিবেন, ও সেই আজ্ঞা পূর্ব্বোক্তমতে প্রবল করা যাইবে। এই ধারামতে যে ব্যক্তি কারাবদ্ধ হন মহালের উৎপন্ন খাজানা ও লভ্যহইতে তাঁহার খোরাকী দেওয়া যাইবে।

কালেকটর সাহেবের নিযুক্ত কর্ম্মকারককে তাঁহারই পদচ্যুত করিতে পারিবার কথা।

কোর্ট কারাবন্ধনের যে আজ্ঞা করেন তাহার উপর বোর্ডে আপীল হইতে পারিবে ইতি।

৫২ ধারা। কার্য্যাধ্যক্ষ কি অধীন কার্য্যাধ্যক্ষ কি অভিভাবক অপসৃত হইলে কিম্বা প্রকারান্তরে তাঁহার ঐ পদরহিত হইলে তাঁহার ঐ কার্য্যাধ্যক্ষতা কি অভিভাবকতা পদধারণ সময়ে যত টাকা আয় ব্যয় করিলেন অপসৃত হইলে কি তাঁহার কর্ম্ম রহিত হইলেও তিনি কোর্টে ঐ আয় ব্যয়ের হিসাবের দায়ী থাকিবেন ইতি।

কার্য্যাধ্যক্ষ কি অভিভাবক অপসৃত হইলেও হিসাব দিবার তাঁহার দায় থাকার কথা।

৫৩ ধারা। বর্ত্তমান কার্য্যাধ্যক্ষ কি অধীন কার্য্যাধ্যক্ষ কি অভিভাবক অথবা কার্য্যাধ্যক্ষের কি অধীন কার্য্যাধ্যক্ষের কি অভিভাবকের অধীন ভূতপূর্ব্ব কি বর্ত্তমান কর্ম্মকারক উক্ত কোর্টের নিরূপিত সময়ের মধ্যে ইচ্ছাপূর্ব্বক হিসাব দিতে কিম্বা তাঁহার হস্তস্থিত সম্পত্তি সমর্পণ করিতে শৈথিল্য করিলে কি অসম্মত হইলে কোর্ট তাঁহার পাঁচ শত টাকাপর্য্যন্ত অর্থদণ্ডের আজ্ঞা করিতে পারিবেন এবং ঐ অর্থদণ্ড আদায় করিবার অন্য যে উপায় থাকে তদ্ভিন্ন সেই দণ্ড বাকী রাজস্বের ন্যায় আদেয় দাওয়া হইবে ইতি।

কার্য্যাধ্যক্ষ প্রভৃতি অস্বীকার কি শৈথিল্য করিলে দণ্ড করিবার ক্ষমতার কথা।

৫৪ ধারা। যে মহালের কি ভূমির কার্য্যাধ্যক্ষতা পদে অন্য ব্যক্তি নিযুক্ত হন, কিম্বা যাহা অব্যবহিতরূপে কালেকটর সাহেবের অধ্যক্ষতায় থাকে তদ্ভিন্ন

কার্য্যাধ্যক্ষের ইতি কর্ত্তব্যতার কথা।

ও রাজানুপালিত ব্যক্তির বাস গৃহ,

ও তাঁহার ব্যবহারার্থে যে দ্রব্যাদির প্রয়োজন

the house wherein such ward may reside,

the moveables wanted for his use, and

the money allowed for the support of the ward and the members of his family entitled under Hindu law to maintenance.

55. All moneys received by any manager of an estate shall be applied by him in the first place in payment of the allowance fixed for the support of the ward and of all charges of management, and, subject thereto, in or towards the discharge of the instalments of Government revenue from time to time due in respect of such estate;

Application of moneys received by manager.

and, subject to the approval of the Board, in payment of such charitable and other allowances as were paid out of the proceeds of the estate before it came under the management of the court, or such customary allowances or donations as the court may authorize to be paid.

56. If any attachment is issued from any civil court against any sum of money which may be in the hands of the Collector or manager, the payment of the charges of management and of all Government revenue which may for the time being be due from the estate of such ward shall have priority over such attachment; and no payment shall be made to the attaching creditor from any such sum until full provision has been made for the payment of such charges and revenue.

Priority of Government revenue and cost of management.

Nothing in this section shall be deemed to affect section 277 of the Code of Civil Procedure.

57. Every manager shall deliver a monthly account-current, accompanied with vouchers, of his receipts and disbursements to the Collector in charge of the estate, who shall audit the disbursements therein specified.

Manager to deliver accounts.

58. Whenever upon any such monthly account-current there is any surplus after making the several payments directed in section 55, such surplus shall, at the Collector's discretion, with the sanction of the court, be carried to the credit of the ward, or shall be applied in liquidation of any debt which may affect the property of the ward or any part thereof, and subject thereto, the same shall, if no such debts be outstanding, be expended by the manager, subject to the directions of the court, for the improvement of the lands of the ward, or otherwise for the benefit of the property under his charge.

Application of surplus.

[*Government Gazette*, 21st May 1878.]

ও তাঁহার এবং তদীয় পরিবারের গ্রাসাচ্ছাদনের যোগ্য ব্যক্তিদের ভরণপোষণের যে টাকা নিরূপণ হয় তদ্ভিন্ন

রাজানুপালিতের স্থাবর ও অস্থাবর সমস্ত সম্পত্তি কোর্টের নিযুক্ত কার্য্যাধ্যক্ষের তত্ত্বাধীন থাকিবে ইতি।

৫৫ ধারা। মহালের কোন কার্য্যাধ্যক্ষ যে সকল টাকা প্রাপ্ত হন তাহাহইতে তিনি প্রথমেই রাজানুপালিতের ভরণপোষণের অবধারিত টাকা ও অধ্যক্ষতা কার্য্যের সমস্ত খরচ দিবেন, তৎপরে ঐ মহালের জন্যে গবর্ণমেণ্টের রাজস্বের যে কিস্তি সময়েং দেনা পড়ে তৎসমুদয় কি তাহার একাংশ দিবেন।

কার্য্যাধ্যক্ষের প্রাপ্ত টাকা প্রয়োগের কথা।

ও কোর্টের তত্ত্বাধীন হওয়ার পূর্ব্বে সেই মহালের উৎপন্ন টাকাহইতে পরোপকারার্থে যে টাকা ও অন্য যেং বৃত্তি দেওয়া যাইত বোর্ডের অনুমোদন ক্রমে তাহাও দেওয়া যাইতে ও রীতিমত অন্য যেং বৃত্তি কি দান দেওন বিষয়ে কোর্ট অনুমতি দেন তাহাও দেওয়া যাইতে পারিবে ইতি।

৫৬ ধারা। কালেকটর সাহেবের কি অধ্যক্ষের হাতে যে টাকা থাকে দেওয়ানী আদালতহইতে সেই টাকা ক্রোক করিবার আজ্ঞা হইলে ঐ রাজানুপালিতের সম্পত্তির অধ্যক্ষতা কার্য্যের যে খরচ ও গবর্ণমেণ্টের যে রাজস্ব তৎকালে পাওনা থাকে তাহা ঐ ক্রোকের অগ্রে শোধ করা যাইবে। এবং ঐ খরচ ও রাজস্ব শোধ না হওন পর্য্যন্ত, যে উত্তমর্ণ ক্রোক করিলেন তাঁহাকে ঐ টাকাহইতে কিছু দেওয়া যাইবে না। এই ধারার কোন কথা ক্রমে দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ২৭৭ ধারার ব্যতিক্রম হইবে না ইতি।

গবর্ণমেণ্টের রাজস্বের অধ্যক্ষতার খরচের অগ্রগণ্যতার কথা।

৫৭ ধারা। যে কালেকটর সাহেব মহালের কর্ত্তৃত্ব তার পান কার্য্যাধ্যক্ষ তাঁহাকে আপনার আয়ব্যয়ের প্রমাণপত্র সহিত মাসিক চলিত হিসাব দিবেন। কালেকটর সাহেব ঐ হিসাবের লিখিত সকল ব্যয় আডিট করিবেন ইতি।

কার্য্যাধ্যক্ষের হিসাব দিবার কথা।

৫৮ ধারা। ৫৫ ধারার উল্লিখিত সকল টাকা দেওয়া গেলেপর যদি মাসিক চলিত হিসাব মতে কিছু উদ্বর্ত্ত থাকে, তবে কোর্টের অনুমতি লইয়া সেই উদ্বর্ত্ত টাকা কালেকটর সাহেবের বিবেচনামতে রাজানুপালিতের হিসাবে জমা করিয়া লওয়া যাইবে, কিম্বা যে ঋণ থাকিলে ঐ রাজানুপালিতের সম্পত্তির কি তাহার কোন অংশের হানি হইতে পারে ঐ উদ্বর্ত্ত টাকা সেই ঋণ শোধ করণার্থে প্রয়োগ হইবে, তৎপশ্চাৎ ঋণ না থাকিলে কার্য্যাধ্যক্ষ কোর্টের আদেশানুসারে রাজানুপালিতের ভূমির উন্নতি করণার্থে, কিম্বা প্রকারান্তরে আপনার অধ্যক্ষতাগত সম্পত্তির শ্রেষ্ঠার্থে ঐ টাকা ব্যয় করিবেন।

উদ্বর্ত্ত টাকা প্রয়োগের কথা।

Provided that the amount so expended shall not exceed ten per centum of the said surplus, unless, in the opinion of the court, subject to the express sanction of the Board and the Lieutenant-Governor, it is desirable for the protection and in the interest of the estate to expend an amount exceeding such percentage.

59. Whenever the court in charge of a ward shall think it unnecessary or unadvisable to appropriate any surplus receipts to the improvement of the lands already under the manager's charge, the same shall, by the direction and with the privity of the court, be applied in the purchase of other landed property, or at interest upon

Power to invest surplus.

the security of promissory notes, debentures, stock, and other securities of the Government of India or of the United Kingdom of Great Britain and Ireland;

bonds, debentures, and annuities charged by the Imperial Parliament on the revenues of India;

stock or debentures of or shares in railway or other companies, the interest whereon shall have been guaranteed by the Secretary of State for India in Council;

debentures or other securities for money paid by or on behalf of any municipal body under the authority of any Act of a legislature established in Great Britain;

or such other securities, stocks, or shares, guaranteed by the Government of India and approved of by the Board, as to the court shall seem fit.

60. All title deeds and documents relating to any land purchased under the provisions aforesaid, and all such securities as aforesaid, shall be deposited in such public treasury as the court may direct; and the court shall obtain the treasurer's receipt for all deeds, documents, and papers when deposited in any such treasury, and shall transmit an attested copy thereof to the Collector in charge of the estate, to be delivered by him to the manager.

Custody of securities and papers.

61. Every manager of an estate, and every guardian in charge of a ward, shall deliver any title deeds, or securities belonging to the estate or property of a ward under his charge, to the Collector in charge of such estate, and such Collector shall return a receipt for the same, and transmit such deeds and securities to

Manager and guardian to deliver title deeds or securities to the Collector.

পরন্তু ঐ উদ্বর্ত্ত টাকার উপর শতকরা ১০৲ টাকার অধিক তদ্রূপে ব্যয় করিতে হইবে না। কেবল মহাল রক্ষা করিবার জন্যে কোর্টের বিবেচনায় শত করা ঐ ১০৲ টাকার অধিক ব্যয় করা নিতান্তই আবশ্যক হইলে বোর্ডের সাহেবদের ও শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের স্পষ্ট অনুমতিক্রমে তাহা ব্যয় হইতে পারিবে ইতি।

৫৯ ধারা। রাজানুপালিত ব্যক্তি যে কোর্টের আধিপত্যে থাকেন, তাঁহার বিবেচনায়, কার্য্যাধ্যক্ষের অধীন ভূমির উন্নতির জন্য উদ্বর্ত্ত টাকা নিক্ষেপ করা অনাবশ্যক কি অবিহিত বোধ হইলে, ঐ কোর্টের আদেশানুসারে ও সহজ্ঞানে ঐ টাকাতে অন্য ভূমি ক্রয় করা যাইবে।

উদ্বর্ত্ত টাকাতে ভূম্যাদি ক্রয় করিবার কথা।

কিম্বা তাহা সুদের নিমিত্ত ঐ সকল বিষয়ে খাটান যাইবে, অর্থাৎ ভারতবর্ষের গবর্ণমেণ্টের কিম্বা গ্রেটব্রিটন ও আয়র্লণ্ড সংযুক্ত রাজ্যের প্রামিসরি নোট কি ডিবেঞ্চর কি ষ্টাক কি অন্য সিকুরিটী,

কিম্বা শ্রীমতী মহারাণীর পার্লিমেণ্ট ভারতবর্ষের রাজস্বের উপর যে বণ্ডের ও ডিবেঞ্চরের ও বার্ষিক বৃত্তির দায় বর্ত্তান তাহা,

কিম্বা ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাস্থিত শ্রীযুত সেক্রেটারী সাহেব রেলওয়ে বা অন্য কোম্পানির যে ষ্টাকের কি ডিবেঞ্চরের কি শেয়ারের উপর সুদের প্রতিভূ হন তাহা,

কিম্বা গ্রেটব্রিটনে সংস্থাপিত ব্যবস্থাপ্রণেতাদের প্রণীত কোন আইনের বলে কোন মুনিসিপল সমাজ কর্ত্তৃক কি তৎপক্ষে দত্ত টাকার ডিবেঞ্চর কি অন্য সিকুরিটী,

কিম্বা কোর্ট যেরূপ বোধ করিবেন ভারতবর্ষের গবর্ণমেণ্ট যে সিকুরিটীর কি ষ্টাকের কি শেয়ারের সুদের প্রতিভূ হন ও বোর্ড যাহার অনুমোদন করেন তাহা ক্রয় করা যাইবে ইতি।

৬০ ধারা। পূর্ব্বোক্ত বিধানমতে যে ভূমি ক্রয় করা যায় কোর্ট সেই ভূমির সকল আসনাদ্র ও নিদর্শনপত্র ও পূর্ব্বোক্ত সকল সিকুরিটীপত্র রাজকীয় যে খাজানাখানায় রাখিতে আজ্ঞা করেন তথায় গচ্ছিত করিয়া রাখা যাইবে। তদ্রূপ খাজানাখানায় গচ্ছিত করা গেলে কোর্ট খাজাঞ্চির স্থানে ঐ সকল দলিল ও নিদর্শনপত্র ও কাগজপত্রাদির রসীদ লইয়া, ঐ সম্পত্তি যে কালেক্টর সাহেবের কর্ত্তৃত্বে থাকে তাঁহার নিকটে ঐ রসীদের সত্যাকৃত প্রতিলিপি পাঠাইবেন। তিনি তাহা কার্য্যাধ্যক্ষকে দিবেন ইতি।

সিকুরিটী ও কাগজপত্র সংরক্ষণের কথা।

৬১ ধারা। রাজানুপালিতের মহালের প্রত্যেক কার্য্যাধ্যক্ষ ও তাঁহার রক্ষণের ভারপ্রাপ্ত অভিভাবক আপনার তত্ত্বাবধানের রাজানুপালিত ব্যক্তির মহালের কি সম্পত্তির আসনাপত্র কি প্রতিভূপত্র ঐ সম্পত্তির কর্ত্তৃত্বভারপ্রাপ্ত উক্ত কালেক্টর সাহেবকে দিবেন। কালেক্টর সাহেব তাহার রসীদ দিয়া ঐ নিদর্শনপত্র ও সিকুরিটি রাজানুপালিতের আধিপত্যপ্রাপ্ত কোর্টে প্রেরণ করিবেন, অথবা পূর্ব্ব

কালেক্টর সাহেবের হস্তে কার্য্যাধ্যক্ষ ও অভিভাবকের আসনপত্র কি সিকুরিটী দিবার কথা।

the court in charge of the ward, or deposit them in his public treasury as above directed.

All interest or dividends which may become payable on Government or other securities or shares shall be paid to the manager, and shall be accounted for by him in his monthly account-current.

62. In addition to the monthly account-current required in section 57, the manager of every estate, at the expiration of every year shall deliver to the Collector in charge of such estate an annual account of all moneys which have come to the hands of such manager during such year on account of such estate, or on account of any property of the ward of which such Collector may have charge, and of the application and disposal of all such moneys;

Manager to deliver annual accounts.

and the said Collector shall audit the disbursements, and take order that the whole of the surplus receipts be duly appropriated in the manner specified in sections 58 and 59.

63. Whenever it appears to the court that the profits of the estate of any ward or of any other property of the ward are insufficient to provide for the expenses of a separate establishment for the management in conformity with sections 40 and 48, the court shall make such order as from the circumstances of the case may appear best calculated for providing for the security of the public revenue, and for the interests of the ward.

Management of estate when funds deficient.

64. When portions of the same estate of any ward are situated in different districts of the same division, the monthly and annual accounts of all such estates or portions of an estate required to be furnished by the manager shall be rendered to the Collector in charge of the ward.

Person to whom accounts are to be furnished.

When the property of the ward consists of different estates or lands or parts of the same estate or land in different divisions, it shall be optional with the Board to order that the accounts for the lands in each district shall be submitted to the Collector of that district, or to the Collector in charge of the ward.

65. Whenever two or more estates belonging to different wards are so situated that they can be conveniently superintended by one manager, the court may, if it thinks fit, entrust them, or so many of them as may seem convenient, to the management of the same manager.

Power to place several estates under one manager.

[*Government Gazette, 21st May* 1878.]

আদেশমতে আপনার রাজকীয় খাজানাখানায় গচ্ছিত করিবেন।

গবর্ণমেন্টের কি অন্য সিক্যুরিটীর কি শ্যারের উপর যে সুদ কি ডিভিডেণ্ড পাওনা হয় তাহা কার্য্যাধ্যক্ষকে দেওয়া যাইবে তিনি আপন মাসিক চলিত হিসাবে তাহা লিখিয়া রাখিবেন ইতি।

৬২ ধারা। ৫৭ ধারায় যে মাসিক চলিত হিসাব দিবার আদেশ হইয়াছে তদ্ভিন্ন রাজানুপালিত ব্যক্তির মহাল কি সম্পত্তি যে কালেক্টর সাহেবের কর্ত্তৃত্বে থাকে ঐ মহালের কার্য্যাধ্যক্ষ বৎসরের মধ্যে ঐ মহালের কিম্বা ঐ সম্পত্তির নিমিত্ত যত টাকা পাইয়াছেন ও তাহা যেরূপে প্রয়োগ ও ব্যয় করিয়াছেন বৎসরের শেষে সেই কালেক্টর সাহেবকে তাহার হিসাব দিবেন।

কার্য্যাধ্যক্ষের বাৎসরিক হিসাব দিবার কথা।

তিনি সেই ব্যয় আডিট করিয়া উদ্বর্ত্ত সমুদয় টাকা ৫৮ ও ৫৯ ধারার নির্দ্দিষ্টমতে উপযুক্তরূপে প্রয়োগ করা যায় এই বিষয়ে অবধান করিবেন ইতি।

৬৩ ধারা। রাজানুপালিত কোন ব্যক্তির মহাল কিম্বা অন্য সম্পত্তির উপস্বত্বেতে এই আইনের ৪০ ও ৪৮ ধারামতে কার্য্যাধ্যক্ষতার নিমিত্ত স্বতন্ত্র কর্ম্মচারি প্রভৃতির খরচ কুলাইবে না, কোর্ট ইহা দেখিতে পাইলে গতিক বিবেচনায় রাজস্বের ও রাজানুপালিত ব্যক্তির স্বার্থরক্ষার যে নিয়ম উত্তম বোধ হয় করিবেন ইতি।

আয়ে না কুলাইলে মহালের কার্য্যাধ্যক্ষতার কথা।

৬৪ ধারা। যদি রাজানুপালিতের একি মহালের নানা অংশ একি খণ্ডের ভিন্ন২ জিলার মধ্যে থাকে, তবে যে কালেক্টর সাহেব রাজানুপালিতের কর্ত্তৃত্বভার প্রাপ্ত হন, কার্য্যাধ্যক্ষ ঐ সকল মহালের কি একি মহালের সকল অংশের মাসিক ও বাৎসরিক হিসাব সেই কালেক্টর সাহেবকে দিবেন।

যাঁহাকে হিসাব দিতে হইবে তাঁহার কথা।

যদি রাজানুপালিতের ভিন্ন২ মহাল কি ভূমি কি একি মহালের কি ভূমির ভিন্ন২ অংশ ভিন্ন২ খণ্ডে থাকে, তবে বোর্ড প্রত্যেক জিলার অন্তর্গত ভূমির হিসাব সেই জিলার কালেক্টর সাহেবকে, অথবা রাজানুপালিতের কর্ত্তৃত্ব ভার যে কালেক্টর সাহেবের প্রতি বর্ত্তে তাঁহাকে, ঐ হিসাব দিবার আজ্ঞা করিবেন ইতি।

৬৫ ধারা। রাজানুপালিত ভিন্ন২ ব্যক্তিদের দুই কি ততধিক মহাল যে২ স্থানে থাকে তদ্বিবেচনায় যদি তাহা সুবিধামতে একি কার্য্যাধ্যক্ষের অধীন থাকিতে পারে, তবে কোর্ট বিহিত বোধ করিলে সেই সমুদয় মহাল কিম্বা তন্মধ্যে যতখানি উপযুক্ত বোধ করেন একি কার্য্যাধ্যক্ষের অধীন করিতে পারিবেন ইতি।

অনেক মহাল একি কার্য্যাধ্যক্ষের অধীন করিবার ক্ষমতার কথা।

66. When a guardian of a ward under the age of twenty-one has been appointed by will, such person shall be appointed guardian by the court, unless the Board, after a report received by the court, and after calling on him to show cause, shall consider him unfit.

Testamentary guardian.

67. No person who would be the next legal heir of a ward, or would otherwise be immediately interested in outliving such ward, shall be appointed to be his guardian :

No person to be guardian who can succeed to ward.

but nothing in this section shall apply to the mother of a ward, or to a testamentary guardian appointed under section 66.

68. Every guardian shall be appointed in the manner hereinbefore provided for the appointment of managers :

Mode of appointing guardian.

provided that none but a female shall be appointed guardian of a female ward :

provided, also, that none but a person of the same religion shall, except in the case of a testamentary guardian, be appointed guardian of a female ward, preference being given to female relatives if any such be eligible.

Every guardian shall be subordinate to the court and to the Collector who are in charge of the person of the ward.

Except as provided in section 66, no guardian shall be appointed in any case in which the court may consider such appointment unnecessary.

69. A guardian is charged with the custody of the ward, and must look to his support, health, and education.

Duties of Guardian.

70. Any ward who may desert his home may be compelled by order of the court to return. But such order may be withheld by the court if it appear—

Guardian entitled to custody of ward.

(*a*) that the ward has been subjected to maltreatment at the hands of his guardian ;

(*b*) that the conduct of the guardian in other respects renders him unfit for the office, or

(*c*) that the ward is on reasonable grounds unwilling to return and is old enough to form an intelligent preference on such a subject.

৬৬ ধারা। একবিংশ বৎসরের ন্যূনবয়স্ক রাজানুপালিতের অভিভাবক উইলক্রমে নিযুক্ত হইয়া থাকিলে, কোর্ট সেই ব্যক্তিকেই অভিভাবকের পদে নিযুক্ত করিবেন। কিন্তু বোর্ডের সাহেবরা কোর্টের স্থানে রিপোর্ট পাইয়া ও ঐ অভিভাবকের প্রতি আপনার নিযুক্ত হওনের উপযুক্ত কারণ জানাইতে আদেশ করিয়া তাঁহাকে অনুপযুক্ত জ্ঞান করিলে অগ্রাহ্য করিতে পারিবেন ইতি।

উইলক্রমে নিযুক্ত অভিভাবকের কথা।

৬৭ ধারা। ব্যবস্থা ক্রমে যে ব্যক্তি রাজানুপালিতের আসন্ন উত্তরাধিকারী হন কিম্বা উত্তরজীবী হইলে যাঁহার অগোণে স্বার্থের উদ্ভব হয়, এমত ব্যক্তি তাঁহার অভিভাবক পদে নিযুক্ত হইবেন না।

যে ব্যক্তি রাজানুপালিতের দায়াধিকারী হইতে পারেন তাঁহাকে অভিভাবক পদে নিযুক্ত না করিবার কথা।

কিন্তু রাজানুপালিত ব্যক্তির মাতার প্রতি কিম্বা উইল ক্রমে নিরূপিত যে অভিভাবক ৬৬ ধারামতে নিযুক্ত হন তাঁহার প্রতি এই ধারা বর্ত্তে না।

৬৮ ধারা। এই আইনে কার্য্যাধ্যক্ষকে নিযুক্ত করিবার যে বিধান হইয়াছে অভিভাবক সেই বিধানমতে নিযুক্ত হইবেন,

অভিভাবক নিযুক্ত করিবার নিয়মের কথা।

কিন্তু রাজানুপালিত ব্যক্তি স্ত্রীলোক হইলে স্ত্রীলোকভিন্ন অভিভাবক নিযুক্ত হইবেন না।

আরো অভিভাবক উইলক্রমে নির্ণীত না হইলে রাজানুপালিতা বালিকা যে ধর্ম্মসংক্রান্ত হন তাঁহার সধর্ম্মীয় লোকভিন্ন কেহ অভিভাবকের পদে নিযুক্ত হইবেন না সকুলের মধ্যে উপযুক্ত স্ত্রীলোক থাকিলে তিনিই প্রথমে নিযুক্ত হইবার যোগ্য।

কোর্টের এবং যে কালেক্টর সাহেবের প্রতি রাজানুপালিতের রক্ষণাবেক্ষণের ভার অর্পিত হয় অভিভাবক তাঁহার অধীন হইবেন।

৬৬ ধারার বিধানের স্থল ছাড়া, কোর্ট অভিভাবককে নিযুক্ত করা অনাবশ্যক জ্ঞান করিলে নিযুক্ত করিবেন না ইতি।

৬৯ ধারা। অভিভাবকের প্রতি রাজানুপালিতের রক্ষা করণের ভার অর্পিত থাকে ও তাহার ভরণপোষণের ও স্বাস্থ্যের ও শিক্ষার বিষয়ে তাঁহার মনোযোগ করিতে হইবে ইতি।

অভিভাবকের কর্ত্তব্য কর্ম্মের কথা।

৭০ ধারা। কোন রাজানুপালিত ব্যক্তি ঘর ছাড়িয়া পলায়ন করিলে, কোর্টের আজ্ঞাক্রমে তাহাঁকে বলপূর্ব্বক ফিরিয়া আনা যাইতে পারিবে। কিন্তু নিম্নলিখিত কোন বিষয় দেখিতে পাইলে কোর্ট সেই আজ্ঞা দিবেন না,

রাজানুপালিতের রক্ষণ বিষয়ে অভিভাবকের স্বত্বের কথা।

(ক) রাজানুপালিতের প্রতি অভিভাবকের কদাচরণ হইলে।

(খ) অন্য২ বিষয়ে অভিভাবকের আচরণ হেতুক তিনি ঐ পদের অনুপযুক্ত হইলে।

(গ) কিম্বা অনুপালিত ব্যক্তি সঙ্গত কোন কারণে ঘরে ফিরিয়া যাইতে অনিচ্ছুক হইলে ও তাঁহার বয়ক্রমহেতুক তদ্বিষয়ে বুদ্ধিসহ মঙ্গলামঙ্গল জ্ঞান থাকিলে ইতি।

71. No guardian appointed by the court shall, without the leave of the court, remove its ward from the limits of its jurisdiction.

Removal of ward from jurisdiction.

Any person wilfully contravening this prohibition shall be liable by order of the court to fine not exceeding one thousand rupees, or to imprisonment for a term which may extend to six months, or to both.

72. The court may empower any female ward herself to receive and disburse the allowance fixed for maintenance, and in such case no guardian shall be appointed, or the guardian, if already appointed, shall be removed.

Power to dispense with guardian of female ward.

73. The court may order reasonable remuneration to be paid from the allowance fixed for the maintenance of any ward to the guardian of such ward.

Remuneration for guardian may be ordered.

74. The guardian, previous to the receipt of his commission, shall give security for the due performance of his duty during the continuance of it, and shall execute an agreement with the Collector for the time being in charge of the ward in the form in schedule B hereto annexed. Provided that with the assent of the Board, such security may be dispensed with, and that no security shall be required from a testamentary guardian.

Guardian to give security.

75. An establishment of necessary servants to act under the guardian shall be fixed by the court, and the expense thereof shall be defrayed from the allowance fixed for the support of the ward.

Establishment of servants to be fixed.

76. The right to the custody of the person of every ward not being an adult female is hereby vested in the person who for the time being may be guardian of such ward under this Act, or, in the absence of such person, in the Collector in charge of such ward.

Custody of persons of wards.

But no guardian shall be appointed or continued for a female ward if she has an adult husband.

77. The guardian shall deliver a monthly account-current, accompanied by vouchers, of his receipts and disbursements, to the Collector in charge of the ward, who shall audit the disbursements therein specified, and see that the receipts have been fairly and duly appropriated.

Guardian to give monthly account.

[*Government Gazette, 21st May* 1878.]

৭১ ধারা। কোর্টের নিযুক্ত অভিভাবক কোর্টের অনুমতি বিনা অনুপালিত ব্যক্তিকে কোর্টের এলাকার সীমার বহির্ভূত স্থানে লইয়া যাইবেন না।

রাজানুপালিতকে কোর্টের এলাকাহইতে স্থানান্তর করণ বিষয়ক কথা।

কোন ব্যক্তি ইচ্ছাপূর্ব্বক এই নিষেধসূচক আজ্ঞার বিপরীত চলন করিলে কোর্টের আজ্ঞা ক্রমে তাঁহার ১০০০ একসহস্র টাকার অনধিক অর্থদণ্ড কিম্বা ৬ ছয় মাসের অনধিক কারাদণ্ড কি ঐ উভয় দণ্ড হইবে ইতি।

৭২ ধারা। কোর্ট রাজানুপালিতা স্ত্রীর প্রতি স্বীয় ভরণপোষণের নিরূপিত টাকা লইয়া খরচ করিবার অনুমতি দিতে পারিবেন। তাহা হইলে অভিভাবক নিযুক্ত হইবেন না, নিযুক্ত থাকিলে তাঁহাকে অবসর করা যাইবে ইতি।

রাজানুপালিতার অভিভাবক না রাখিবার কথা।

৭৩ ধারা। কোর্ট রাজানুপালিতের ভরণপোষণের নিরূপিত টাকা হইতে অভিভাবকের উপযুক্ত পারিশ্রমিক পাইবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

অভিভাবকের পারিশ্রমিক পাইবার আজ্ঞার কথা।

৭৪ ধারা। অভিভাবক যত কাল সেই পদে থাকেন তত কাল আপনার কর্ত্তব্য কর্ম্ম যে উপযুক্তমতে সম্পাদন করিবেন পদের ক্ষমতাপত্র পাইবার পূর্ব্বে ইহার প্রতিভূ দিবেন। এবং রাজানুপালিত ব্যক্তি তৎকালে যে কালেক্টর সাহেবের অধ্যক্ষতায় থাকেন তাঁহার নিকট এই আইনের B তফসীলের পাঠানুযায়ি নিয়মপত্র লিখিয়া দিবেন। কিন্তু বোর্ডের সাহেবেরা সম্মত হইলে সেই প্রতিভূ না দিলেও চলিতে পারিবে। আরো উইলক্রমে নিযুক্ত অভিভাবকের স্থানে প্রতিভূ লওয়া যাইবে না ইতি।

অভিভাবকের প্রতিভূ দিবার কথা।

৭৫ ধারা। উক্ত কোর্ট অভিভাবকের অধীনে কর্ম্ম করণার্থ প্রয়োজনমত ভৃত্যাদি নিযুক্ত করিবেন। তাহাদের বেতন রাজানুপালিতের ভরণপোষণের নিরূপিত টাকাহইতে দেওয়া যাইবে ইতি।

ভৃত্যগণের সংখ্যা নিরূপণ হইবার কথা।

৭৬ ধারা বয়োপ্রাপ্তা স্ত্রীভিন্ন রাজানুপালিত অন্য ব্যক্তির এই আইনমতে অভিভাবক পদে যিনি যে সময়ে নিযুক্ত হন তাঁহার প্রতি ঐ ব্যক্তির রক্ষণাবেক্ষণের অধিকার বর্ত্তিবে, অভিভাবক না থাকিলে যে কালেক্টর সাহেবের প্রতি রাজানুপালিতের কর্তৃত্বভার থাকে তাঁহার প্রতি ঐ অধিকার বর্ত্তিবে।

রাজানুপালিতের রক্ষণাবেক্ষণের কথা।

পরন্তু রাজানুপালিতা স্ত্রীর স্বামী বয়োপ্রাপ্ত হইলে অভিভাবক নিযুক্ত হইবে না, হইলেও থাকিবেন না ইতি।

৭৭ ধারা। যে কালেক্টর সাহেব রাজানুপালিতের কর্তৃত্ব ভার প্রাপ্ত হন, অভিভাবক তাঁহাকে আয় ব্যয়ের প্রমাণপত্র সহিত মাসিক চলিত হিসাব দিবেন। কালেক্টর সাহেব ঐ হিসাবের লিখিত ব্যয় আডিট করিবেন এবং ন্যায় ও যথোচিতমতে আয়ের প্রয়োগ হইয়াছে ইহা দেখিবেন ইতি।

অভিভাবকের মাসে২ হিসাব দিতে হইবার কথা।

78. The guardian shall also deliver an annual account-current which shall be in like manner audited by such Collector, and if there shall be any surplus remaining in the hands of such guardian, which such Collector may think unnecessary for the guardian's expenses in the ensuing year, he shall cause the same to be paid into court to the credit of the ward, and the same shall be applied by the court for the increase of the property of the ward in manner hereinbefore provided for the application of the surplus of the income of such ward.

Guardian to give annual account.

When a fixed allowance is given for the support of a ward, the court may exempt his guardian, if a female, from rendering such monthly or annual account-current.

79. Nothing in the preceding sections shall be held to interfere with the provisions of the said Act XXXV of 1858.

Saving of Act XXXV of 1858.

PART VIII.

Education of Wards under the age of twenty-one

80. The general superintendence and control of the education of every ward under the age of twenty-one shall be vested in the court.

Education of wards under the age of twenty one.

81. The court may direct that any such ward if a male, shall reside either with or apart from his guardian at the sudder station of the district or at any other place approved of by the Board, and shall attend for the purposes of education, such school or college as to the Board may seem expedient, or be educated either at his own home or elsewhere by a private tutor;

Residence of such wards.

and may make such provision as may be necessary for the proper care and suitable maintenance of the said ward whilst attending such school or college.

82. All charges and expenses which may be incurred on account of any such ward under the provisions of this Act for college or school fees, or for other charges of tuition or education, or by reason of his residence in any place other than his own home, or otherwise, shall be defrayed from the profits of the property of such ward.

Expenses of education.

৭৮ ধারা। অভিভাবক বার্ষিক হিসাবও দিবেন তাহাও কালেক্টর সাহেব আডিট্‌ করিবেন। অভিভাবকের হাতে কিছু উদ্বর্ত্ত থাকিলে, ও আগামি বৎসরের খরচের নিমিত্তে সেই উদ্বর্ত্ত টাকাতে প্রয়োজন নাই কালেক্টর সাহেব এমত জ্ঞান করিলে, সেই টাকা কোর্টে আনাইয়া রাজানুপালিতের নামে জমা করাইবেন এবং এই আইনে রাজানুপালিতের সম্পত্তি বৃদ্ধনার্থে তাঁহার আয়ের উদ্বর্ত্ত টাকা প্রয়োগ করিবার যে বিধি হইয়াছে কোর্ট সেই টাকাও তদ্রূপে প্রয়োগ করিবেন।

অভিভাবকের বৎসরং হিসাব দিবার কথা।

অনুপালিত ব্যক্তির ভরণপোষণের নিমিত্ত অবধারিত টাকা দেওয়া গিয়া থাকিলে ও তাঁহার অভিভাবক স্ত্রীলোক হইলে, কোর্ট তাঁহাকে সেই মাসিক ও বার্ষিক হিসাব দেওনের কার্য্য হইতে মুক্ত করিতে পারিবেন ইতি।

৭৯ ধারা। ইহার পূর্ব্ব কোন ধারার কথাক্রমে ১৮৫৮ সালের উক্ত ৩৫ আইনের বিধানের বৈলক্ষণ্য হইল এমত জ্ঞান করিতে হইবে না ইতি।

১৮৫৮ সালের ৩৫ আইন প্রবল রাখিবার কথা।

৮ অষ্টম খণ্ড।

একবিংশ বৎসরের ন্যূন বয়স্ক রাজানুপালিতের শিক্ষাদান বিষয়ক বিধি।

৮০ ধারা। একবিংশ বৎসরের ন্যূন বয়স্ক রাজানুপালিত প্রত্যেক ব্যক্তির শিক্ষাসংক্রান্ত সাধারণ তত্ত্বাবধান ও কর্ত্তৃত্বভার কোর্টের প্রতি অর্পিত হইল ইতি।

একবিংশ বৎসরের ন্যূনবয়স্ক রাজানুপালিতদের শিক্ষা দানের কথা।

৮১ ধারা। উক্ত রাজানুপালিত ব্যক্তি পুরুষ হইলে জিলার সদর স্থানে কিম্বা বোর্ডের অনুমোদিত অন্য কোন স্থানে অভিভাবকের সহিত কিম্বা স্বতন্ত্র বাস করিয়া, বিদ্যানুশীলন করিবার জন্যে বোর্ডের সাহেবেরা যে স্কুল কি কালেজ উপযুক্ত জ্ঞান করেন তথায় যান, কিম্বা স্বগৃহে কি অন্য স্থানে বিশেষ শিক্ষকদ্বারা শিক্ষা পান, উক্ত কোর্ট এমত আজ্ঞা করিতে পারিবেন।

ঐ ব্যক্তিদের বাসস্থানের কথা।

এবং ঐ রাজানুপালিত ব্যক্তি যত কাল স্কুলে কি কালেজে যান ততকাল তাঁহার উপযুক্ত রক্ষণাবেক্ষণের ও সঙ্গতরূপে ভরণপোষণের প্রয়োজনীয় নিয়ম করিবেন ইতি।

৮২ ধারা। এই আইনের বিধানমতে পূর্ব্বোক্ত রাজানুপালিত ব্যক্তির স্কুলে কি কালেজে যাওয়ার খরচ ও বেতনাদি কিম্বা বিদ্যাধ্যাপনের কি বিদ্যাশিক্ষার কিম্বা স্বগৃহভিন্ন অন্যত্র বাস করণ প্রভৃতির যে সকল খরচ হয়, তাহা তাঁহার সম্পত্তির উপস্বত্ব হইতে শোধ হইবে ইতি।

ঐ রাজানুপালিতদের শিক্ষাসংক্রান্ত খরচের কথা।

PART IX.

Debts of the Estates.

Debts to be reported to court.

83. Every manager to whom the existence of any debt payable out of any estate or out of any other property in his charge under this Act may become known, shall immediately report the same to the Collector, who shall without delay report to the court the nature and amount of such debt, and in such report shall state his opinion respecting the best mode of satisfying the same.

Power of sale and mortgage for the payment of debts.

84. The court may, with the consent of the Board, sell or mortgage any property of a ward for the Purpose of liquidating any just debts due in respect of the property of such ward, or for the purpose of raising any money for the cost of any suit in which the ward may be a party, or for the purchase of any share of any property of which the ward may be a co-sharer, and which in the interest of the ward it may be deemed proper to acquire;

and for the purpose of any such sale or mortgage, any conveyance executed by the Collector in charge of the ward, under the order of the court, shall be valid to pass the estate and inheritance, right, title, and interest in the property in such conveyance mentioned of such ward, and of every person whom such ward, if not disqualified, could have bound by a conveyance made for the payment of the debts of the ancestor from whom such property descended.

When court may order property to be formed into a separate estate.

85. If the property so ordered to be sold or mortgaged is part of an estate of which such ward is the sole proprietor, or if it is a share of an estate separated under the said Act XI of 1859, and if it appears to the court that it will be to the interest of such ward or of the Government that such part or share be formed into a separate estate prior to such sale or mortgage being effected, the court may direct the Collector, within whose jurisdiction such part or share is situated, to partition it off into a separate estate, and such partition shall be conducted in accordance with the law for the time being in force for the partition of estates.

৯ নবম খণ্ড।

মহালের ঋণ বিষয়ক বিধি।

ঋণের বিষয় কোর্টে জানাইবার কথা।

৮৩ ধারা। এই আইনমতে কার্য্যাধ্যক্ষের অধীন মহালের কিম্বা অন্য সম্পত্তির উপর ঋণের দায় বর্ত্তিলে, কার্য্যাধ্যক্ষ সেই ঋণের কথা জানিতে পাইলেই কালেক্টর সাহেবের নিকট রিপোর্ট করিবেন। ঐ ঋণ যে প্রকারের ও যত টাকার হয় কালেক্টর সাহেব অগৌণেই কোর্টে এই কথার রিপোর্ট করিবেন, এবং আপনার বিবেচনামতে তাহা শোধ করিবার যথা বিহিত নিয়মও জানাইবেন ইতি।

ঋণ শোধ করিবার জন্যে বিক্রয় করিবার ও বন্ধক দিবার ক্ষমতার কথা।

৮৪ ধারা। উক্ত রাজানুপালিতের সম্পত্তিঘটিত ন্যায্য ঋণ পরিশোধ করিবার নিমিত্তে, কিম্বা উক্ত রাজানুপালিত ব্যক্তি কোন মোকদ্দমায় এক পক্ষ হইলে তাহার খরচের টাকা তুলিবার নিমিত্তে, কিম্বা রাজানুপালিত যে সম্পত্তির অংশী হন তাঁহার স্বার্থ পক্ষে ঐ অংশ গ্রহণ করা উচিত বোধ হইলে তাঁহার জন্য সেই অংশ ক্রয় করিবার নিমিত্তে, বোর্ডের অনুমতি গ্রহণপূর্ব্বক কোর্ট ঐ রাজানুপালিতের কোন সম্পত্তি বিক্রয় করিতে কিম্বা বন্ধক রাখিতে পারিবেন।

এবং ঐ রাজানুপালিতের কর্ত্তৃত্বভার প্রাপ্ত কালেক্টর সাহেব কোর্টের আজ্ঞাক্রমে তদ্রূপ বিক্রয়ের কি বন্ধকের উপলক্ষে হস্তান্তরকরণপত্র করিলে তল্লিখিত সম্পত্তিতে ঐ রাজানুপালিতের স্বামিত্ব ও উত্তরাধিকারিত্ব ও অধিকার ও স্বত্ব ও সম্পর্ক হস্তান্তর করণার্থে, এবং পূর্ব্বাধিকারি যে ব্যক্তি হইতে ঐ সম্পত্তি প্রাপ্ত হওয়া গিয়ার ঐ রাজানুপালিত ব্যক্তি অযোগ্য না হইলে তাঁহার ঋণশোধ করণার্থে যে সকল ব্যক্তিকে হস্তান্তরকরণপত্রদ্বারা আবদ্ধ করিতে পারিতেন ঐ সম্পত্তিতে তাঁহাদের স্বামিত্ব প্রভৃতি হস্তান্তর করণার্থে ঐ হস্তান্তরকরণপত্র সিদ্ধ হইবে ইতি।

কোর্ট যে স্থানে তাঁহার সম্পত্তি স্বতন্ত্র মহাল করণ বিষয়ক আজ্ঞা করিতে পারেন তাহার কথা।

৮৫ ধারা। যে সম্পত্তি তদ্রূপে বিক্রয় করিবার কি বন্ধক রাখিবার আজ্ঞা হয়, ঐ রাজানুপালিত ব্যক্তি যাহার একমাত্র অধিকারী যদি ঐ সম্পত্তি এমত মহালের একাংশ হয়, কিম্বা ১৮৫৯ সালের ১১ আইনমতে স্বতন্ত্রীকৃত মহালের একাংশ হয় এবং উক্ত প্রকারে বিক্রয় করণের কি বন্ধক দেওনের পূর্ব্বে সেই অংশ স্বতন্ত্র মহাল করিলে ঐ রাজানুপালিতের কিম্বা গবর্নমেন্টের স্বার্থ রক্ষা হইবে যদি কোর্টের এমত অনুভব হয়, তবে ঐ ভাগ কি অংশ যে কালেক্টর সাহেবের এলাকায় থাকে কোর্ট সেই কালেক্টর সাহেবকে মহালের সেই অংশ পৃথক্ করিয়া স্বতন্ত্র মহাল করিবার আজ্ঞা করিতে পারিবেন। এবং মহাল বিভাগ করণের যে আইন যে সময়ে প্রচলিত থাকে সেই আইনঅনুসারে ঐ বিভাগকরণ কার্য্য করা যাইবে ইতি।

PART X.

Suits.

Manager to be next friend or guardian in suits by or against ward.

86. In every suit brought by or against any ward in any court other than the High Court, he shall be therein described as a ward of court; and if he has a manager of his estate or estates as hereinbefore provided, such manager shall in such suit be named as next friend or guardian for the suit, and shall in such suit represent such ward, and no other person shall sue as next friend or be named as guardian for the suit by any civil court in which such suit may be pending.

১০ দশম খণ্ড।

মোকদ্দমার বিধি।

রাজানুপালিতের পক্ষে কি বিপক্ষে মোকদ্দমা হইলে কার্য্যাধ্যক্ষের আসন্ন বন্ধু কি অভিভাবক হইবকার কথা।

৮৬ ধারা। হাই কোর্টভিন্ন কোন আদালতে কোন রাজানুপালিতের দ্বারা কি তাঁহার নামে মোকদ্দমা উপস্থিত করা গেলে ঐ মোকদ্দমায় কোর্টের অনুপালিত বলিয়া তাঁহার বর্ণনা লেখা যাইবে। পূর্ব্বোক্ত বিধান মতে তাঁহার মহালের কি মহাল সকলের কার্য্যাধ্যক্ষ থাকিলে উক্ত মোকদ্দমায় সেই কার্য্যাধ্যক্ষ উক্ত মোকদ্দমার পক্ষে তাঁহার আসন্ন বন্ধু কিম্বা অভিভাবক বলিয়া খ্যাত হইবেন। তিনি সেই মোকদ্দমায় ঐ রাজানুপালিতের স্থলাভিষিক্ত হইবেন ও অন্য কোন ব্যক্তি আসন্ন বন্ধুস্বরূপ প্রার্থনা করিতে পারিবেন না এবং মোকদ্দমা দেওয়ানী যে আদালতে উপস্থিত থাকে তৎকর্ত্তৃক অন্য কোন ব্যক্তি সেই মোকদ্দমার অভিভাবক নামে খ্যাত হইবেন না ইতি।

Court may substitute another person to be next friend or guardian for the suit.

87. The court may by an order nominate or substitute any other person to be next friend or guardian for any such suit; and upon receiving a copy of any such order of substitution, the court in which such suit is pending shall substitute the name of the next friend or guardian for the suit so appointed, for the name of the manager of the ward's property.

If the ward has no manager, the Collector in charge of such ward shall be named as next friend or guardian for the suit of such ward.

মোকদ্দমার পক্ষে অন্য ব্যক্তিকে আসন্ন বন্ধু বা অভিভাবক স্বরূপ কোর্টের নিযুক্ত করিবার ক্ষমতার কথা।

৮৭ ধারা। কোর্ট আজ্ঞাপত্র দ্বারা উক্ত কোন মোকদ্দমায় তৎপরিবর্ত্তে অন্য কোন ব্যক্তিকে আসন্ন বন্ধু কি অভিভাবক স্বরূপ মনোনীত কি নিযুক্ত করিতে পারিবেন। ও মোকদ্দমা যে আদালতে উপস্থিত থাকে সেই আদালত ঐ পরিবর্ত্তনসূচক আজ্ঞাপত্রের প্রতিলিপি প্রাপ্ত হইলে, রাজানুপালিতের সম্পত্তির কার্য্যাধ্যক্ষের নামের পরিবর্ত্তে মোকদ্দমায় তদ্রূপ নিযুক্ত আসন্ন বন্ধুর কিম্বা অভিভাবকের নাম লিখিবেন।

রাজানুপালিতের কার্য্যাধ্যক্ষ না থাকিলে যে কালেক্টর সাহেবের প্রতি তাঁহার কর্ত্তৃত্ব ভার অর্পে তিনিই ঐ রাজানুপালিতের মোকদ্দমায় আসন্ন বন্ধু কি অভিভাবক বলিয়া খ্যাত হইবেন ইতি।

Payment of costs of manager.

88. If in any suit instituted by or against a ward any civil court other than a High Court shall decree any costs against the manager as guardian or next friend, or against any other person nominated as guardian or next friend under the provisions of section 87 the court shall cause such costs to be paid out of any property of the ward which for the time being may be in its hands.

কার্য্যাধ্যক্ষের খরচা দিবার কথা।

৮৮ ধারা। রাজানুপালিতের দ্বারা কি তাঁহার নামে মোকদ্দমা উপস্থিত করা গেলে যদি হাই কোর্ট ভিন্ন দেওয়ানী কোন আদালত তাঁহার অভিভাবক কিম্বা আসন্ন বন্ধু বলিয়া কার্য্যাধ্যক্ষের বিপক্ষে কিম্বা ৮৭ ধারার বিধানমতে অভিভাবক কিম্বা আসন্ন বন্ধু স্বরূপ মনোনীত অন্য ব্যক্তির বিপক্ষে কোন খরচার ডিক্রী করেন, তবে তৎকালে রাজানুপালিতের যে সম্পত্তি কোর্টের হাতে থাকে কোর্ট তাহাহইতে ঐ খরচা দেওয়াইবেন ইতি।

Process against wards to be served through court.

89. Every process which may be issued out of any civil court other than the High Court against any ward, shall be served, through the court, upon the next friend or guardian for the suit of such ward, and upon the Collector in charge of the estate of such ward

রাজানুপালিতের নামে পরওয়ানা হইলে কোর্টের দ্বারা দেওয়াইবার কথা।

৮৯ ধারা। হাই কোর্টভিন্ন দেওয়ানী আদালতহইতে কোন রাজানুপালিতের নামে পরওয়ানা বাহির হইলে ঐ রাজানুপালিতের মোকদ্দমায় যিনি আসন্ন বন্ধু কি অভিভাবক হন তাঁহাকে এবং রাজানুপালিতের মহালের কর্ত্তৃত্বভারপ্রাপ্ত কালেক্টর সাহেবকে কোর্টের দ্বারা ঐ পরওয়ানা দেওয়া যাইবে ইতি।

Suits not to be brought on behalf of minors.

90. No suit shall be brought on behalf of any ward unless the same be authorized by some order of the Collector under whose

অপ্রাপ্ত ব্যবহারের সপক্ষ মোকদ্দমা উপস্থিত না করিবার কথা।

৯০ ধারা। রাজানুপালিতের মহাল যে কালেক্টর সাহেবের তত্ত্বাধীনে থাকে তাঁহার কোন আজ্ঞাক্রমে অনুমত না হইলে, কিম্বা শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর

superintendence the estate of such ward may be, or, if the Lieutenant-Governor has, under section 44, declared the manager of the estate of such ward to be directly subordinate to the court or to the Board, then by some order of the court or the Board, as the case may be;

provided that suits for arrears of rent may be brought on behalf of a ward if authorized by an order of the manager or sub-manager in whose charge the estate may be.

Nothing contained in this section shall apply to any suit instituted or depending in the High Court.

Power to compromise suits by or against ward.

91. The court may order that any claim which may be made by or on behalf of or against any ward shall be referred to arbitration, and may authorize the adjustment of any such claim by any lawful agreement or compromise; and every such agreement or compromise shall have the same force and effect as if the ward were not subject to any disqualification, and had personally entered into such agreement or compromise;

and for the purpose of any such agreement or compromise, any conveyance executed by the Collector under the orders of the court shall be valid to pass the estate and inheritance, right, title, and interest in the property therein comprised of the ward, and of all persons whom such ward, if not disqualified, could have bound by a conveyance made for the payment of the debts of the ancestor from whom such property descended.

PART XI.

Adoption.

Adoption by ward invalid without consent of Lieutenant-Governor.

92. No adoption by any ward, and no written or verbal permission to adopt given by any ward, shall be valid without the consent of the Lieutenant-Governor of Bengal, obtained either previously or subsequently to such adoption, or to the giving of such permission, on application made to him through the court and the Board.

[*Government Gazette*, 21*st May* 1878.]

সাহেব ৪৪ ধারামতে ঐ রাজানুপালিত ব্যক্তির মহালের কার্য্যাধ্যক্ষকে অব্যবহিতরূপে কোর্টের কিম্বা বোর্ডের অধীন বলিয়া প্রকাশ করিয়া থাকিলে, ঐ কোর্টের কিম্বা বিষয় বিশেষে বোর্ডের আজ্ঞাক্রমে অনুমতি না হইলে, ঐ রাজানুপালিতের সপক্ষে মোকদ্দমা উপস্থিত করা যাইবে না।

কিন্তু মহাল যে কার্য্যাধ্যক্ষের কি যে অধীন কার্য্যাধ্যক্ষের অধ্যক্ষতায় থাকে তাঁহার আজ্ঞাক্রমে অনুমতি দেওয়া গেলে, রাজানুপালিতের সপক্ষে বাকী খাজানা আদায় করিবার মোকদ্দমা উপস্থিত করা যাইতে পারিবে।

হাই কোর্টে যে মোকদ্দমা উপস্থিত করা গিয়াছে কি উপস্থিত থাকে, এই ধারার কোন কথা তাহার প্রতি বর্ত্তিবে না ইতি।

রাজানুপালিতের দ্বারা কি তাহার নামে মোকদ্দমা হইলে তাহা রফা করিবার ক্ষমতার কথা।

৯১ ধারা। রাজানুপালিত কোন ব্যক্তির দ্বারা কি তাঁহার সপক্ষে কি বিপক্ষে কোন দাওয়া উপস্থিত করা গেলে কোর্ট তাহা সালীসীতে অর্পণ করিবার ও আইনমতে কোন করার বা সোলেনামা ক্রমে তদ্রূপ কোন দাওয়া মিটাইয়া দিবার আজ্ঞা করিতে পারিবেন। এবং রাজানুপালিত ব্যক্তি কোন প্রকারে অযোগ্য না হইয়া স্বয়ং সেই করারনামা বা সোলেনামা করিলে তাহা যদ্রূপ বলবৎ ও ফলবৎ হইত ঐ করারনামা বা সোলেনামা তদ্রূপই ফলবৎ ও বলবৎ হইবে।

এবং সেই করারনামার বা সোলেনামার কার্য্যোপলক্ষে কালেক্টর সাহেব কোর্টের আজ্ঞাক্রমে হস্তান্তর করণপত্র সম্পাদন করিলে, তল্লিখিত সম্পত্তিতে ঐ রাজানুপালিতের স্বামিত্ব ও উত্তরাধিকারিত্ব ও অধিকার ও স্বত্ব ও সম্পর্ক হস্তান্তর করণার্থে এবং যে পূর্ব্ব অধিকারিহইতে ঐ সম্পত্তি প্রাপ্ত হওয়া যায় ঐ রাজানুপালিত ব্যক্তি অযোগ্য না হইলে তাঁহার ঋণশোধ করণার্থে যে সকল ব্যক্তিকে হস্তান্তর করণপত্রদ্বারা আবদ্ধ করিতে পারিতেন ঐ সম্পত্তিতে তাঁহারদেরও স্বামিত্ব প্রভৃতি হস্তান্তর করণার্থে ঐ হস্তান্তরকরণপত্র সিদ্ধ হইবে ইতি।

১১ একাদশ খণ্ড।

পোষ্যপুত্র গ্রহণের বিধি।

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অনুমতি ভিন্ন রাজানুপালিতের দত্তকপুত্র গ্রহণ অসিদ্ধ হইবার কথা।

৯২ ধারা। রাজানুপালিত ব্যক্তি পোষ্য পুত্র গ্রহণ করিলে কিম্বা পোষ্যপুত্র গ্রহণ করণার্থে লিখিত কি বাচনিক অনুমতি দিলেও কোর্টের এবং বোর্ডের দ্বারা শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট প্রার্থনা হইয়া ঐ পোষ্যপুত্র গ্রহণের বা অনুমতি দেওনের পূর্ব্বে বা পরে তাঁহার সম্মতি না হইলে, রাজানুপালিতের ঐ পোষ্যপুত্র গ্রহণ কি অনুমতি দেওন সিদ্ধ হইবে না ইতি।

PART XII.

Miscellaneous.

Tenures of wards' estates under Collector.

93. Farmers and others holding tenures in estates in charge of the court under the Collector (whether such tenures were created before the estate came under the charge of the court or by the Collector after the estate came under such charge) shall be subject to the same rules, regulations, and Acts as are applicable to other persons holding similar tenures and interests under Collectors of the land revenue; but when, the farm is held from the manager, these Rules regulations, and Acts shall not apply.

Recovery of arrears due from farmers, &c.

94. All arrears of rent due to the Collector from farmers and others holding tenures in estates in charge of the court which accrued before the estate came under the charge of the court, shall be deemed to be demands under section one of Bengal Act VII of 1868 (*an Act to make further provision for the recovery of arrears of land revenue and public demands recoverable as arrears of land revenue*), and shall be leviable as such.

The last preceding clause does not apply to arrears of rent enhanced after issue of notice under section thirteen of Act X of 1859, or under section fourteen of Bengal Act VIII of 1869, but of which the enhancement has not been confirmed by any competent Court.

When estate managed by Collector, he is to submit same accounts as manager.

95. When a ward's property is managed wholly or in part under the system of farms held direct from the Collector, or is managed direct by the Collector, the Collector shall prepare and submit to the court the same accounts that are ordered to be prepared by the manager when the property is managed by a manager.

Procedure on termination of wardship.

96. Whenever an estate ceases to belong to a disqualified proprietor, or the court deems it advisable to remove an estate from its superintendence and jurisdiction,

the court shall make an order that the superintendence and jurisdiction of the court over such estate shall cease on a date not more than sixty and not less than fifteen days from the date of such order.

১২ দ্বাদশ অধ্যায়।

বিবিধ বিধি।

কালেকটর সাহেবের অধীন রাজানুপালিতের মহালের পাট্টার কথা।

৯৩ ধারা। কোর্টের কর্তৃত্বাধীন যে মহাল থাকে ইজারদারেরা ও অন্য ব্যক্তিরা কালেক্টর সাহেবের অধীনে তদন্তর্গত যে তালুক ভোগ করেন, (মহাল কোর্টের অধীন আসিবার পূর্ব্বে ঐ তালুক সৃষ্টহইলে, কিম্বা কোর্টের অধীন আসিবার পর কালেক্টর সাহেবের দ্বারা সৃষ্ট হইলেও) ভূমির রাজস্বের কালেক্টর সাহেবের স্থানে তদ্রূপ তালুক ও স্বার্থ প্রাপ্ত অন্য ব্যক্তিদের প্রতি যে সকল আইন ও বিধি খাটে সেই ইজারদার প্রভৃতির প্রতি সেই২ আইন ও বিধি খাটিবে। কিন্তু কার্য্যাধ্যক্ষের স্থানে ইজারা পাইলে সেই আইন ও বিধি খাটিবে না ইতি।

ইজারদারপ্রভৃতির বাকী আদায়ের কথা।

৯৪ ধারা। কালেক্টর সাহেবের নিকট কোর্টের কর্তৃত্বাধীন মহালের ইজারদারদের ও ভূমিভোগি অন্য ব্যক্তিদের খাজানা বাকী থাকিলে, ও মহাল কোর্টের কর্তৃত্বাধীনে আসিবার পূর্ব্বে ঐ বাকী পাওনা থাকিলে, সেই বাকী খাজানা ১৮৬৮ সালের বঙ্গীয় ৭ আইনে অর্থাৎ ভূমির বাকী রাজস্ব আদায় করিবার, ও রাজকীয় অন্য যে দাবির টাকা ভূমির বাকী রাজস্বের ন্যায় আদায় হইতে পারে সেই দাবী আদায় করিবার বিধান করণার্থ আইনের ১ ধারামত দাওয়া বলিয়া আদায় হইতে পারিবে।

১৮৫৯ সালের ১০ আইনের ১৩ ধারামতে কিম্বা ১৮৬৯ সালের বঙ্গীয় ৮ আইনের ১৪ ধারামতে নোটিস প্রচার করিয়া খাজানা বৃদ্ধি করা গেলে, কিন্তু উপযুক্ত ক্ষমতাপন্ন কোন আদালতের দ্বারা ঐ বর্দ্ধিত খাজানা দৃঢ় করা না গেল, সেই খাজানার বাকীর প্রতি ইহার পূর্ব্ব প্রকরণের কথা খাটে না ইতি।

কালেক্টর সাহেব মহালের কার্য্যাধ্যক্ষতা করিলে কার্য্যাধ্যক্ষের ন্যায় তাঁহার হিসাব দিবার কথা।

৯৫ ধারা। নিজ কালেক্টর সাহেবের স্থানে প্রাপ্ত ইজারার নিয়মানুসারে রাজানুপালিতের সমুদয় সম্পত্তির কি তদংশের কার্য্যাধ্যক্ষতা হইলে কিম্বা নিজ কালেক্টর সাহেবের দ্বারা ঐ কার্য্য নির্ব্বাহ হইলে কার্য্যাধ্যক্ষ মহালের কার্য্য নির্ব্বাহ করিলে তাঁহার প্রতি যে সকল হিসাব প্রস্তুত করিবার আজ্ঞা থাকে কালেক্টর সাহেবেরও সেই সকল হিসাব প্রস্তুত করিয়া সমর্পণ করিতে হইবে ইতি।

রাজানুপালিতরূপ অবস্থা রহিত হইলে ইতিকর্ত্তব্যতার কথা।

৯৬ ধারা। মহাল অযোগ্য ভূম্যধিকারির বলিয়া আর না থাকিলে কিম্বা কোর্টের বিবেচনায় আপনার তত্ত্বাবধারণ ও আধিপত্যহইতে মহাল পৃথক্ করা বিহিত বোধ হইলে,

কোর্ট আজ্ঞা করিবেন যে ঐ আজ্ঞাপত্রের তারিখ অবধি পঞ্চদশ দিনের অন্যূন ও ষাইট দিনের অনধিক কোন দিনাবধি ঐ মহালের উপর কোর্টের তত্ত্বাবধারণ ও আধিপত্য রহিত হইবে ইতি।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৮। ২৭ মে।]

97. Immediately on issue of such order a copy of the same shall be posted up in the office of the court, and copies thereof shall be sent to the Collector in charge of the ward, and to every Collector in charge of any estate or property of such ward;

Publication and distribution of order.

and every such Collector shall forthwith, on receipt of such copy, notify the intended cessation of the court's charge by a notice posted up in such Collector's office, and in some conspicuous place in the estate.

98. When an estate is released from the superintendence of the court, a list in duplicate of the papers to be delivered and of all immoveable and moveable property which may be in the custody or charge of the court or of any Collector or manager, shall be made by such officer of the court as the court may direct;

Accounts and lists to be furnished on termination of wardship.

and such papers and moveable property shall be given up to the late ward or other person who shall succeed to his estate, with one of the lists, on a receipt being affixed to the other, signed either by the late ward or the person who shall succeed to his estate, or by some person authorized to act on his behalf;

and a complete account of the management of the property of the proprietor of such estate while under the superintendence of the court, shall be prepared by the manager or Collector (as the case may be) and submitted to the court, and a copy thereof given to the late ward, or to the person who shall succeed to his estate.

99. If on the death of any ward the succession to his property or any part thereof is in dispute, the court may either make over such property or part of such property to any person claiming such property, or continue the charge and management of such property or part of such property under the provisions of this Act, until the right of such claimant has been determined by the Collector under section fifty-five of Bengal Act VII of 1876, or by a competent court.

Procedure when succession to property disputed.

100. If a proprietor is declared disqualified and is afterwards restored, or if the estate of any disqualified proprietor legally devolves on, or comes into the possession of, any person not disqualified for the management of it,

Power to sue person professing to have acted under the authority of the court.

[*Government Gazette*, 21st *May* 1878.]

৯৭ ধারা। ঐ আজ্ঞা প্রচার হইলেই তাহার প্রতিলিপি কোর্টের কার্য্যালয়ে লাগাইয়া দেওয়া যাইবে, এবং অনুপালিত ব্যক্তির কর্তৃত্বভার যে কালেক্টর সাহেবের প্রতি থাকে ও তদীয় কোন মহাল কি সম্পত্তি যে কালেক্টর সাহেবের অধ্যক্ষতায় থাকে, তাঁহার নিকটে ঐ আজ্ঞার প্রতিলিপি পাঠাইতে হইবে।

আজ্ঞা প্রকাশ ও বিলি করণের কথা।

উক্ত প্রত্যেক কালেক্টর সাহেব সেই প্রতিলিপি পাইলেই আপনার কার্য্যালয়ে ও মহালের অন্তর্গত কোন প্রকাশ স্থানে নোটিস লাগাইয়া কোর্টের সেই অধ্যক্ষতা রহিত হইবার কল্পনার সম্বাদ দিবেন ইতি।

৯৮ ধারা। কোন মহাল কোর্টের তত্ত্বাবধানতা হইতে মুক্ত করা গেলে, যে সকল পত্রাদি সমর্পণ করিতে হইবে, এবং স্থাবর ও অস্থাবর যে সম্পত্তি কোর্টের কিম্বা কোন কালেক্টর সাহেবের কি কার্য্যাধ্যক্ষের রক্ষণে কি অধ্যক্ষতায় থাকে, কোর্ট আপনার যে কর্ম্মকারককে আজ্ঞা করেন তিনি ঐ পত্রাদির ও সম্পত্তির দুইখানি নির্ঘণ্টপত্র প্রস্তুত করিবেন।

রাজানুপালিত অবস্থার সময়গত হইলে হিসাব ও নির্ঘণ্ট পত্র দিবার কথা।

যিনি রাজানুপালিত ছিলেন তিনি কিম্বা যে ব্যক্তি তাঁহার সম্পত্তি প্রাপ্ত হন তিনি কিম্বা তৎপক্ষে কর্ম্ম করিবার ক্ষমতাপন্ন অন্য ব্যক্তি উক্ত এক নির্ঘণ্টপত্রে রসীদ লিখিয়া দিলে, অন্য নির্ঘণ্টপত্র সহিত উক্ত কাগজপত্র ও অস্থাবর সম্পত্তি সেই ভূতপূর্ব্ব রাজানুপালিতের হস্তে কিম্বা অন্য যে ব্যক্তি তাঁহার সম্পত্তি প্রাপ্ত হন তাঁহার হস্তে সমর্পণ করা যাইবে।

আর ঐ মহালের অধিকারির সম্পত্তি যত কাল কোর্টের কর্তৃত্বাধীন ছিল কার্য্যাধ্যক্ষ কিম্বা বিষয়বিশেষে কালেক্টর সাহেব সেই সম্পত্তির কার্য্যাধ্যক্ষতাঘটিত সমস্ত হিসাব প্রস্তুত করিয়া কোর্টে অর্পণ করিবেন ও তাহার প্রতিলিপি ভূতপূর্ব্ব রাজানুপালিতকে কিম্বা যে ব্যক্তি তাঁহার সম্পত্তি প্রাপ্ত হন তাঁহাকে দেওয়া যাইবে ইতি।

৯৯ ধারা। রাজানুপালিতের মৃত্যু হইলে যদি তাঁহার সম্পত্তির কি তাহার কোন অংশের উত্তরাধিকারিত্ব বিষয়ে বিবাদ হয়, তবে উক্ত কোর্ট ঐ সম্পত্তির কোন দাওয়াদারের প্রতি সেই সম্পত্তি কিম্বা তাহার কোন অংশ সমর্পণ করিতে পারিবেন কিম্বা কালেক্টর সাহেব ১৮৭৬ সালের বঙ্গীয় ৭ আইনমতে কিম্বা উপযুক্ত ক্ষমতাপন্ন আদালত যত দিন সেই দাওয়াদারের স্বত্ব নির্ণয় না করেন তত দিন এই আইনের বিধানমতে ঐ মহালের কি তদংশের কর্তৃত্ব ও কার্য্যাধ্যক্ষতা ভার স্বহস্তে রাখিতে পারিবেন ইতি।

উত্তরাধিকারিত্ব বিষয়ে বিবাদ হইলে কার্য্যপ্রণালীর কথা।

১০০ ধারা। কোন ভূম্যধিকারী অযোগ্য প্রকাশ হওনান্তর সম্পত্তি পুনঃপ্রাপ্ত হইলে, কিম্বা যে ব্যক্তি মহালের অধ্যক্ষতা করিতে অযোগ্য নহেন, অযোগ্য ভূম্যধিকারির মহাল আইনমতে সেই ব্যক্তির প্রতি বর্ত্তিলে কি তদীয় অধিকারগত হইলে,

কোর্টের অনুমতি ক্রমে কার্য্য করিয়াছে বলিয়া যে ব্যক্তি স্বীকার করেন তাহার নামে নালিশ করিবার ক্ষমতার কথা।

such proprietor or his heir or successor may sue any person professing to have acted under the authority of the court, for any acts done by them respectively whilst the estate was under the charge of the court in contravention of this or any other Act that may be hereafter enacted regarding disqualified proprietors and their estates, or in contravention of any order issued by the court, or for any breach of their respective trusts.

Cost of superintendence of wards' estates.

101. The Lieutenant-Governor of Bengal may order that the cost of superintendence of all estates under the charge of the court shall be defrayed from a general contribution to be levied from such estates in such proportion as the Board may from time to time direct.

Procedure in cases instituted under this Act.

102. In cases instituted under this Act the court shall be guided by the procedure prescribed in the Code of Civil Procedure in so far as the same shall be applicable and material; and any order made by the court may be enforced as if such order had been made in a suit.

Power to Lieutenant-Governor to make rules.

103. The Lieutenant-Governor of Bengal may from time to time make rules consistent with the Act for the better fulfilment of its purposes. Such rules shall be published in the *Calcutta Gazette*, and shall thereupon have the force of law.

Court to be subject to Board and Lieutenant-Governor.

104. The powers and authorities vested by this Act in the Court of Wards shall be possessed and exercised subject to the control and supervision of the Board and of the Lieutenant-Governor of Bengal.

SCHEDULE A.—(*See section 45.*)

FORM OF AGREEMENT TO BE EXECUTED BY A MANAGER.

I, A. B., having voluntarily taken on myself the management of the estate of C., disqualified proprietor of D., do hereby engage with the Secretary of State in Council that I will manage the said estate diligently and faithfully for the said proprietor, and will use every means in my power to improve the same for his [her] benefit,

যে ব্যক্তি কোর্টের দত্ত ক্ষমতামতে কর্ম্ম করিলাম বলিয়া কহেন ঐ মহাল কোর্ট ওয়ার্ডসের অধীনে থাকন কালে তিনি এই আইনের বিপক্ষে, কিম্বা অযোগ্য ভুম্যধিকারি ও তদীয় মহালসম্পর্কীয় অন্য যে কোন আইন ইতঃপরে করা যায় তদ্বিপক্ষে, কিম্বা কোর্টের প্রচারিত কোন আজ্ঞার বিপক্ষে কোন কর্ম্ম করিয়াছেন কিম্বা ন্যাসসম্পর্কে বিশ্বাসঘাতক হইয়াছেন বলিয়া উক্ত ভুম্যধিকারী কি তদীয় উত্তরাধিকারী কি দায়াধিকারী তাঁহার নামে নালিশ করিতে পারিবেন ইতি।

রাজানুপালিত ব্যক্তিদের মহালের তত্ত্বাবধারণার্থ কার্য্যের খরচ বিষয়ক কথা।

১০১ ধারা। যে সকল মহাল কোর্টের অধীন থাকে, সেইং মহালহইতে বোর্ডের সাহেবেরা যাহারদিগতে যে সাধারণ চাঁদা তুলিবার আদেশ করেন, শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব সেই চাঁদাহইতে ঐ সকল মহালের তত্ত্বাবধারণের খরচ দিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

এই আইনমতে যে মোকদ্দমা উপস্থিত করা যায় তাহার কার্য্য প্রণালীর কথা।

১০২ ধারা। এই আইনমতে কোন মোকদ্দমা উপস্থিত করা গেলে, তৎপ্রতি দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইন যত দূর বর্ত্তিতে পারে ও যত দূর আবশ্যক ঐ কোর্ট তত দূর ঐ আইনের নির্দ্দিষ্ট কার্য্য প্রণালীমতে কার্য্য করিবেন। এবং কোর্ট যে আজ্ঞা করেন তাহা মোকদ্দমায় প্রচারিত হওয়ার ন্যায় প্রবল করা যাইবে ইতি।

লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের বিধি করিবার ক্ষমতার কথা।

১০৩ ধারা। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব এই আইনের উদ্দেশ্য আরো উত্তমরূপে সাধন হইবার জন্যে সময়ে এই আইনের সহিত সঙ্গত বিধি করিতে পারিবেন। সেই বিধি কলিকাতা গেজেটে প্রকাশ করা যাইবে। করা গেলেই আইনের তুল্য বলবৎ হইবে ইতি।

বোর্ডের ও লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অধীন কোর্টের থাকিবার কথা।

১০৪ ধারা। এই আইনের বিধানক্রমে কোর্ট ওয়ার্ডসের প্রতি যে শক্তি ও ক্ষমতা প্রদত্ত হইয়াছে, উক্ত কোর্ট বোর্ডের ও বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসন ও কর্ত্তৃত্বাধীনে সেই শক্তি ও ক্ষমতা প্রাপ্ত হইয়া তদনুসারে কার্য্য করিবেন ইতি।

A তফসীল।

(৪৫ ধারা দেখ।)

কার্য্যাধ্যক্ষের যে নিয়মপত্র লিখিয়া দিতে হইবে তাহার পাঠ।

আমি শ্রীঅমুক স্বেচ্ছামতে অমুক স্থানবাসি অযোগ্য ভুম্যধিকারি শ্রীঅমুকের মহালের কার্য্যাধ্যক্ষতা গ্রহণ করিয়া মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের নিকট এই অঙ্গীকার করিলাম যে আমি উক্ত ভুম্যধিকারির পক্ষে যত্নে ও বিশ্বস্তভাবে ঐ মহালের অধ্যক্ষতা করিব এবং তাঁহার লভ্যার্থে যথাসাধ্য সেই মহালের উন্নতি সাধন করিতে চেষ্টা করিব ও আমার নিজের

and will act in every respect for his [her] interest in like manner as if the estate were my own. I also engage with the said Secretary of State in Council to observe in all respects the provision regarding managers contained in Part VII of Act of 1878 of the Council of the Lieutenant Governor of Bengal, and that I will derive no personal advantage from the management beyond the remuneration granted to me as manager. In the event of any breach of trust, neglect, or omission as manager being proved against me, I bind myself, my heirs and representatives, to pay to the said Secretary of State in Council Rs. liquidated damages.

SCHEDULE B.—(*See section* 74.)

FORM OF AGREEMENT TO BE EXECUTED BY A GUARDIAN.

I, A. B., having voluntarily taken upon myself the guardianship of C., disqualified proprietor of D., do hereby agree with the Secretary of State in Council that I will execute the trust committed to me diligently and faithfully, and according to the provisions regarding guardians contained in Part VII of Act of 1878 of the Council of the Lieutenant-Governor of Bengal, and that I will derive no advantage directly or indirectly from the ward's allowance beyond the remuneration granted me as guardian. In the event of any breach of trust, neglect, or omission being proved against me, I bind myself, my heirs and representatives, to pay to the said Secretary of State in Council, Rs. as liquidated damages.

মহাল হইলে যেমন করিতাম তাঁহার স্বার্থ রক্ষা করিতে তেমনি সচেষ্ট হইব। আরো মন্ত্রিসভাধিষ্ঠিত উক্ত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের নিকট এই অঙ্গীকার করিলাম যে, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের মন্ত্রিসভার ১৮৭৮ সালের আইনের সপ্তম অধ্যায়ে কার্য্যাধ্যক্ষ বিষয়ক যে বিধান নির্ণীত হইয়াছে, তাহা সর্ব্বাংশে মানিব এবং কার্য্যাধ্যক্ষস্বরূপ আমাকে যে বেতন দেওয়া যায় তদ্ভিন্ন কার্য্যাধ্যক্ষতাদ্বারা নিজের লভ্য উৎপন্ন করিব না এবং অধ্যক্ষস্বরূপ আমার বিশ্বাসঘাতকতা কি অমনোযোগিতা কিম্বা কর্ত্তব্য কর্ম্ম না করণাপরাধ প্রমাণ হইলে, আমি ক্ষতি শোধস্বরূপ মন্ত্রিসভাধিষ্ঠিত উক্ত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবকে এত টাকা দেওনার্থে আপনাকে ও আপনার উত্তরাধিকারিদিগকে ও স্থলাভিষিক্তদিগকে আবদ্ধ করিলাম।

B তফসীল।

৭৪ ধারা দেখ।

অভিভাবকের যে নিয়মপত্র লিখিয়া দিতে হইবে তাহার পাঠ।

আমি শ্রীঅমুক স্বেচ্ছামতে অমুক স্থানবাসি অযোগ্য ভূম্যধিকারি শ্রীঅমুকের অভিভাবকতাপদ গ্রহণ করিয়া এতৎক্রমে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের নিকট এই অঙ্গীকার করিলাম যে আমার প্রতি বিশ্বাসপূর্ব্বক যে কার্য্য সমর্পিত হইয়াছে তাহা সযত্নে ও বিশ্বস্তভাবে নির্ব্বাহ করিব এবং বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের মন্ত্রিসভার ১৮৭৮ সালের আইনের সপ্তম অধ্যায়ে অভিভাবকদের বিষয়ে যেং বিধান আছে তদনুসারে ঐ কার্য্য সম্পাদন করিব। রাজানুপালিতের ভরণপোষণার্থে যে টাকা নিরূপণ হয় তাহাহইতে অভিভাবকস্বরূপ আমাকে যে বেতন দেওয়া যায় তদ্ভিন্ন স্পষ্টরূপে কি চক্রান্তে নিজের লভ্য উৎপন্ন করিব না। আমার নামে বিশ্বাসঘাতকতা কি অমনোযোগিতা কিম্বা কর্ত্তব্য কর্ম্ম না করণাপরাধ প্রমাণ হইলে আমি ক্ষতি শোধস্বরূপ মন্ত্রিসভাধিষ্ঠিত উক্ত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবকে এত টাকা দেওনার্থে আপনাকে ও আপন উত্তরাধিকারিদিগকে ও স্থলাভিষিক্তদিগকে আবদ্ধ করিলাম।

STATEMENT OF OBJECTS AND REASONS.

The object of this Bill is to re-enact, with such amendments as experience has shown to be desirable, the Court of Wards' Act of 1870. A similar Bill was passed by the Council last year, but did not receive the assent of the Governor-General. The clause to which the Governor-General took exception has been struck out of the present Bill, and some amendments suggested by the Government of India have been adopted. Some other sections have been altered in order to remove the obscurity which surrounded the respective duties of the Collector and the Court of Wards under the Act.

The 16th March 1878.

H. J. Reynolds.

Frederick Clarke,
Asst. Secy. to the Govt. of Bengal.
Legislative Department.

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

কার্যাক্রমে যদ্রূপে সংশোধন করা বিহিত বোধ হইল, কোর্ট ওয়ার্ডস বিষয়ক ১৮৭০ সালের আইন তদ্রূপে সংশোধন করিয়া পুনঃ প্রকাশ করা এই পাণ্ডুলিপির উদ্দেশ্য। এই মর্ম্মের এক খানি পাণ্ডুলিপি গত বৎসর মন্ত্রিসভায় গ্রাহ্য হইয়াছিল কিন্তু শ্রীযুত গবরনর জেনরল সাহেব তাহাতে সম্মত হন নাই। শ্রীযুত গবরনর জেনরল সাহেব যে প্রকরণের বিষয়ে আপত্তি করিলেন তাহা এই পাণ্ডুলিপিতে গৃহীত হইল না ও ভারতবর্ষের গবর্ণমেন্ট অন্য কএক অংশ সংশোধন করিবার যে পরামর্শ দিলেন তাহাও করা গেল। আইনমতে কালেক্টর সাহেবের ও কোর্ট ওয়ার্ডসের কর্ত্তব্য কর্ম্মের বিষয়ে যাহা অস্পষ্ট ছিল তাহা স্পষ্ট করিবার জন্যে কএক ধারাও পরিবর্ত্তন করা গেল।

১৮৭৮ সাল ১৬ মার্চ।

এচ, জে, রেনলডস।

ফ্রেড্রিক ক্লার্ক,
লেজিসলেটিব ডিপার্টমেন্টে বঙ্গদেশের
গবর্ণমেন্টের আসিষ্টান্ট সেক্রেটরী।

John Robinson, *Bengali Translator.*

অতিরিক্ত গবর্ণমেণ্ট গেজেট।

WELNESDAY, APRIL 17, 1878.

ুধবার ১৮৭৮ সাল ১৭ আপ্রিল।

PART VI.

Bill of the Bengal Council.

ষষ্ঠ খণ্ড।

বঙ্গদেশের মন্ত্রিসভার আইনের প ণ্ডুলিপি ।

GOVERNMENT OF BENGAL.

LEGISLATIVE DEPARTMENT.

THE following Report of a Select Committee, with the Bill as amended by them, is published for general information:—

WE, the undersigned members of the Council of the Lieutenant-Governor of Bengal, to whom the Bill for the regulation of the rural police in the districts of Hazareebaugh and Lohardugga was referred, have the honor to make the following report:—

We have inserted the provisions of section 4 of Bengal Act VI of 1870, which empower the authorities to appoint a village policeman for two or more villages when the villages are a certain distance from each other.

We have made landholders, who hold subject to the condition of maintaining village police, liable to pay the amount of their salaries.

We have provided that the amount required for the salaries of village policeman shall be supplemented by a sum not exceeding fifteen per cent. of the amount, to provide for payment of expenses of collection and losses from the non-realization of the rate from defaulters.

We have provided that the list of persons liable to assessment shall be publi shed at some conspicuous place within the village, and not at the police-station, within the jurisdiction of which the village is situated.

We have empowered the Deputy Commissioner to permit the headman of the village to retain a sum not exceeding 6 per cent. of the amount collected by him to repay the costs of the collection.

Following section 39 of Bengal Act VI of 1870, we have provided that the village policeman shall obey the orders of the Deputy Commissioner in regard to keeping watch in the village and other matters connected with his duties.

We have struck out section 30, as its object is already sufficiently met by section 29.

We have also struck out some provisions of section 36, which conflict with section 424 of the Civil Procedure Code, and have changed the period of limitation in that section from three to four months.

We have inserted a section for service of notices.

We have made some other minor alterations.

J. O'KINEALY.
A. MACKENZIE.
KRISTODAS PAL.
MOHINI MOHUN ROY.

The 29th March 1878.

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কর্ম্মবিভাগ।

মনোনীত কমিটীর নিম্নলিখিত রিপোর্ট ও তাঁহাদের সংশোধিত পাণ্ডুলিপি সাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের মন্ত্রিসভাসদ আমাদের বিবেচনার্থে হাজারীবাগ ও লোহারডগা জিলার গ্রামীয় পোলীসের বিধান করণার্থ আইনের পাণ্ডুলিপি অর্পিত হওয়াতে, আমরা নিম্নলিখিত রিপোর্ট করিলাম।

১৮৭০ সালের বঙ্গীয় ৬ আইনের ৪ ধারার বিধানক্রমে কএক গ্রাম পরস্পর কিয়ৎ অন্তর থাকিলে কর্তৃপক্ষেরা দুই বা তদধিক গ্রামে গ্রামীয় পোলীসের এক জন কর্ম্মচারিকে নিযুক্ত করিতে পারিবেন, সেই বিধানটি এই আইনে গ্রহণ করিলাম।

ভূম্যধিকারিরা গ্রামীয় পোলীসের বেতনাদি দেওনের নিয়মে ভূমিভোগ করিলে, তাহারদিগকে পোলীসের বেতনাদি দিবার দয়ী করিলাম।

গ্রামীয় পোলীসের কর্ম্মচারিদের বেতনাদির টাকা আদায় করিবার যে খরচ লাগে ও কোন২ ব্যক্তি টাকা দিতে ক্রটি করিলে তাহাদের দ্বারা যে হানি হইতে পারিবে তদ্বিবেচনায় ঐ বেতনের প্রয়োজনীয় টাকার উপর শতকরা ১৫ টাকা সংযোগ করিলাম।

গ্রাম যে পোলীস থানার এলাকার মধ্যে ঐ টাকা দিবার যোগ্য ব্যক্তিদের নামের ফর্দ সেই পোলীস থানায় প্রকাশ না করিয়া গ্রামের অন্তর্গত কোন প্রকাশ স্থানে প্রচার করিবার বিধান করিলাম।

গ্রামের সরদার যত টাকা আদায় করেন ঐ টাকা আদায় করিবার খরচের নিমিত্ত তাহাহইতে শতকরা ৬ টাকার অনধিক রাখিবার অনুমতি দিতে ডেপুটী কমিশ্যনর সাহেবের প্রতি ক্ষমতা প্রদান করিলাম।

১৮৭০ সালের বঙ্গীয় ৬ আইনের ৩৯ ধারা অনুযায়ি এই বিধান করিলাম, গ্রামায় চৌকীদার গ্রামে চৌকী রাখন বিষয়ে ও আপন কর্ত্তব্য কর্ম্ম সম্পর্কীয় অন২ বিষয়ে ডেপুটী কমিশ্যনর সাহেবের আজ্ঞাধীন থাকিবেন।

৩০ ধারার যে উদ্দেশ্য ২৯ ধারা ক্রমে তাহা সফল হইবে বলিয়া ঐ ৩০ ধারা ত্যাগ করিলাম।

৩৬ ধারার কএক বিধান দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ২৪ ধারার বিপরীত বলিয়া ত্যাগ করিলাম ও ঐ ধারার নির্দ্ধারিত মিয়াদ তিন মাসহইতে চারি মাসপর্য্যন্ত বাড়াইয়া দিলাম।

নোটিস জারী করণ বিষয়ক নূতন ধারা প্রণয়ন করিলাম।

আর কএক ক্ষুদ্র২ বিষয় পরিবর্ত্তন করিলাম।

জে ওকিনীলি
এ ম'কেঞ্জি
কৃষ্ণদাস পাল
মোহিনীমোহন রায়।

১৮৭৮ সাল ২৯ মার্চ।

AMENDED BILL.

A Bill for the Regulation of the Rural Police in the Districts of Hazaribagh and Lohardugga.

PART I.

PRELIMINARY.

Preamble.

WHEREAS it is expedient to make provision for the appointment, dismissal, maintenance and duties of village policemen and other rural police in the districts of Hazaribagh and Lohardugga; It is enacted as follows:—

Short title and commencement.

1. This Act may be called the Hazaribagh and Lohardugga Rural Police Act;

it extends only to the districts of Hazaribagh and Lohardugga;

and it shall come into force from the date on which it may be published in the *Calcutta Gazette* with the assent of the Governor-General.

Interpretation clause.

2. In this Act, unless there be something repugnant in the subject or context—

"Deputy Commissioner."

"Deputy Commissioner" includes the Deputy Commissioner of the district, and

any officer appointed by the Local Government to perform the functions of a Deputy Commissioner under this Act.

"Headman."

"Headman" means the person entru-ted with collecting the village rents, by whatever designation he may be called.

"Road patrol."

"Road patrol" includes ghatwals, digwars, and all other persons, by whatever name they may be called, who are engaged in the performance of the duties assigned by this Act to road patrols.

"Under-tenure."

"Under-tenure" includes jaghir, khúr-o-posh, mukarrari, and thika.

"Village."

"Village" includes a group of villages.

"Village policeman."

"Village policeman" includes chowkidars, goraits, and kotwars.

"Zemindar."

"Zemindar" means the person whose name is registered in the general register of lands paying revenue directly to Government as the proprietor of an estate so paying revenue, or the person whose name is registered in the general register of revenue-refe lands as proprietor of a revenue-free tenure.

সংশোধিত পাণ্ডুলিপি।

হাজারীবাগ ও লোহারডগা জিলার গ্রামীয় পোলীসের বিধান করণার্থ আইনের পাণ্ডুলিপি।

প্রথম খণ্ড।

পারিভাষিক।

হেতুবাদ।

হাজারীবাগ ও লোহারডগা জিলার গ্রামীয় পোলীসের লোক ও গ্রামীয় অন্য পোলীস নিযুক্ত করণ ও কর্ম্ম চ্যুত করণ বিষয়ক ও তাহাদের প্রতিপালন ও কর্ত্তব্য কর্ম্ম বিষয়ক বিধান করা বিহিত, এই কারণে নিম্নলিখিত বিধান করা গেল।

সংক্ষেপ নামের ও যে অবধি চলিবে তদ্বিষয়ের কথা।

১ ধারা। এই আইন হাজারীবাগ ও লোহারডগার গ্রামীয় পোলীসের আইন নামে খ্যাত হইতে পারিবে

ও কেবল হাজারিবাগ ও লোহারডগা জিলায় প্রচলিত হইবে,

ও শ্রীযুত গবরনর জেনরল সাহেবের সম্মতিক্রমে যে তারিখে কলিকাতা গেজেটে প্রকাশ করা যায় সেই তারিখ অবধি প্রবল করা যাইবে ইতি।

অর্থ নির্ণায়ক ধারা।

২ ধারা। এই আইনে বিষয়বিবেচনায় কি পূর্ব্বাপর কথার দ্বারা ভাবান্তর বোধ না হইলে

ডিপুটী কমিশ্যনর।"

"ডেপুটী কমিশ্যনর" শব্দে জিলার ডেপুটী কমিশ্যনর সাহেব গণ্য এবং স্থানীয় গবর্ণমেণ্ট এই আইনমতে ডেপুটী কমিশ্যনরের কর্ম্ম নির্ব্বাহ করণার্থে যে কোন কার্য্যকারককে নিযুক্ত করেন তিনও গণ্য।

"সরদার।"

গ্রামের খাজানা আদায় করণের ভার যে ব্যক্তির প্রতি অর্পিত হয় তিনি যে নামে খ্যাত হউন "সরদার" শব্দে তাঁহাকে জানিতে হইবে।

"রোঁদ গস্ত।"

ঘাটওয়াল দিগওয়ার প্রভৃতি যে লোকেরা এই আইন ক্রমে রোঁদগস্তদের প্রতি নির্দ্ধারিত কার্য্য নির্ব্বাহার্থে নিযুক্ত হন তাঁহারা যে নামে খ্যাত হউন রোঁদগস্ত শব্দের মধ্যে তাঁহারাও গণ্য।

"যোত।"

যোত শব্দের মধ্যে জায়গীর, খোরপোশ, মোকররী ও ঠিকা এই সকল প্রকারের ভূমিও গণ্য

"গ্রাম।"

"গ্রাম" শব্দের মধ্যে গ্রামসংগ্রহও গণ্য।

গ্রামীয় পোলীসের লোক

গ্রামীয় পোলীসের লোক" এই শব্দের মধ্যে চৌকিদার গরাইট ও কোৎওয়ারও গণ্য।

"জমীদার।"

নিজ গবর্ণমেণ্টের মালগুজারী জমীর সাধারণ রেজিষ্টরী বহীতে তদ্রূপ মালগুজারী মহালের মালিক বলিয়া যাঁহার নাম রেজিষ্টরী করা যায় কিম্বা নিষ্কর ভূমির সাধারণ রেজিষ্টরী বহীতে নিষ্কর ভূমির মালিক বলিয়া যাঁহার নাম রেজিষ্টরী করা যায় "জমীদার" শব্দে তাঁহাকে জানিতে হইবে ইতি।

PART II.

Village Police.

Number of village police to be determined by Deputy Commissioner.

3. The Deputy Commissioner shall determine the number of village policemen to be appointed for each village within his district: provided that there shall be at least two village policemen appointed for every village in which there are one hundred and fifty houses, and one additional village policeman for every complete number of one hundred houses beyond such number of one hundred and fifty.

Joining of two or more villages under one village policeman.

4. Where there are fewer than seventy-five houses in a village, and some house in such village is situated within one mile of some house in another village, the Deputy Commissioner may join such villages together and appoint one village policeman for two or more villages: provided that where two or more villages are joined together, one village policeman shall not have charge of more than one hundred and twenty-five houses.

Deputy Commissioner to determine salaries of village policemen.

5. The Deputy Commissioner shall from time to time determine the monthly salaries of the village policemen:

Provided that such salaries shall not be less than two nor more than three rupees per mensem for each village policeman;

Provided also that in determining such salaries the Deputy Commissioner shall take into consideration the value of the chakran lands (if any) held by a village policeman.

Certain zemindars and under-tenure holders liable to pay salaries of village policemen.

6. Wherever any zemindar or under-tenure holder holds subject to the condition, expressed or implied, of maintaining the village police within his zemindari or under-tenure, he shall be liable to pay the amount determined by the Deputy Commissioner under the last preceding section.

Salaries to be raised by assessment and persons liable to assessment.

7. In cases other than those referred to in the last preceding section, the amount required for the salaries of the village policemen, together with a sum, not exceeding fifteen per cent. of such amount, to provide for payment of the expenses of collection and losses from the non-realization of sums from defaulters, shall be assessed on each village; and all owners or occupiers of houses in any village, and every zemindar or under-tenure

দ্বিতীয় খণ্ড।

গ্রামীয় পোলীস বিষয়ক বিধি।

গ্রামীয় পোলীসে যত জন নিযুক্ত থাকিবে ইহা ডেপুটী কমিশ্যনর সাহেবের স্থির করিবার কথা।

৩ ধারা। ডেপুটী কমিশ্যনর সাহেবের জিলার অন্তর্গত প্রত্যেক গ্রামে গ্রামীয় পোলীসের যত জন নিযুক্ত থাকিবেন তাহা তিনিই স্থির করিবেন। কিন্তু যে গ্রামে দেড়শত ঘর থাকে তন্মধ্যে ন্যূনকল্পে গ্রামীয় পোলীসের দুইজন নিযুক্ত হইবেন। ও সেই দেড়শতের উপর পুর একং শত ঘর থাকিলে তার একজন গ্রামীয় পোলীসের লোক নিযুক্ত হইবেন ইতি।

দুই কি তদধিক গ্রাম সংযুক্ত করিয়া গ্রামীয় পোলীসের এক জনের অধীন রাখার কথা।

৪ ধারা। কোন গ্রামে ৭৫ পঞ্চাত্তর ঘরের কম থাকিলে, ও সেই গ্রামের কোন এক ঘর অন্য গ্রামের কোন এক ঘরহইতে এক মাইলের মধ্যে থাকিলে, ডেপুটী কমিশ্যনর সাহেব সেইং গ্রাম সংযোগ করিয়া দুই কি তদধিক গ্রামে গ্রামীয় পোলীসের এক জনকে নিযুক্ত করিতে পারিবেন। কিন্তু দুই কি তদধিক গ্রামের সংযোগ হইলে গ্রামীয় পোলীসের এক জনের জিম্মায় এক শত পঁচিশ ঘরের অধিক থাকিবেনা ইতি।

গ্রামীয় পোলীসের লোকদের বেতন ডেপুটী কমিশ্যনর সাহেবের স্থির করিতে হইবার কথা।

৫ ধারা। ডেপুটী কমিশ্যনর সাহেব সময়েং গ্রামীয় পোলীসের লোকদের মাসিক বেতন স্থির করিবেন। কিন্তু একং জনের মাসে ২ দুই টাকার কম কি ৩ তিন টাকার অধিক হইবে না।

আরো গ্রামীয় পোলীসের কোন লোকের চাকরান জমি থাকিলে, ঐ বেতন ধার্য্য করিতে গেলে ডিপুটী কমিশ্যনর সাহেব সেই জমির মূল্যও বিবেচনায় আনিবেন ইতি।

গ্রামীয় পোলীসের লোকদের বেতনের নিমিত্ত কোন ২ জমীদারদের ও যোতদারদের দায়ী হইবার কথা।

৬ ধারা। কোন জমীদার কি যোতদার স্পষ্টরূপে কি ভাবতঃ আপন জমীদারীর কি যোতের মধ্যে গ্রামীয় পোলীসের বেতনাদি দিবার নিয়মে ভূমি ভোগ করিলে, ইহার পূর্ব্ব ধারামতে ডেপুটী কমিশ্যনর সাহেব যত টাকা ধার্য্য করেন ঐ জমীদারের বা যোতদারের তত টাকা দিতে হইবে ইতি।

কর ধার্য্য করিয়া বেতন তুলিবার কথা ও যাহারা টাকা দিবার যোগ্য তাহাদের কথা।

৭ ধারা। ইহার পূর্ব্ব ধারার উল্লিখিত স্থলভিন্ন গ্রামীয় পোলীসের লোকদের বেতনের জন্য যত টাকা প্রয়োজন ও সেই টাকা আদায় করিবার খরচ ও কোনং ব্যক্তি কর দিতে ত্রুটি করিলে যে হানিহইতে পারে তদ্বিবেচনায় ঐ টাকার উপর শতকরা ১৫ টাকার অনধিক, প্রত্যেক গ্রামে কর ধার্য্য করিয়া তোলা যাইবে।

কোন গ্রামে যাঁহারা ঘরের স্বামী কি দখীলকার হন, ও গ্রামের মধ্যে যেং জমীদারের কি যোতদারের খাজানা

holder who has a bhandar or cutcherry for the collection of rent within the village, shall be liable to assessment for the purposes of this Act.

8. The amount payable by each village shall be fixed by the Deputy Commissioner, and thereupon the headman of such village shall prepare a list showing the amount payable monthly by each person liable to assessment in such village.

Method of assessment.

Such list, when sanctioned by the Deputy Commissioner, shall be published at some conspicuous place within the village, and shall remain in force until altered by the Deputy Commissioner;

provided that if the headman neglect to prepare the list within three months from the fixing by the Deputy Commissioner of the amount payable by the village, the Deputy Commissioner may cause such list to be prepared by such means as shall seem to him proper.

9. The amount at which each person is assessed under the last preceding section shall be fixed according to the circumstances and the property to be protected of such person:

Nature and amount of assessment.

provided that the amount to be assessed on any one person shall not exceed one rupee per mensem in the case of a zemindar, under-tenure holder, or trader, nor eight annas per mensem in the case of an ordinary ryot;

provided also that all persons who, in the opinion of the Deputy Commissioner, are too poor to pay half an anna per mensem, shall be exempted from assessment.

10. The Deputy Commissioner may from time to time alter the amount assessed on any village.

Alteration of assessment.

Notice of such alteration shall be given to the headman of the village before the month of Magh in the year preceding the year in which the alteration is to take effect.

When any such alteration is made, the headman shall prepare and submit revised lists of the sums payable by each person.

11. Any person dissatisfied with the amount at which he has been assessed by the headman of his village may apply to the Deputy Commissioner, either orally or in writing, for a revision of the assessment, and the Deputy Commissioner may confirm, amend, or remit the assessment.

Power to confirm, amend, or remit assessment.

আদায় করিবার ভাণ্ডার কি কাচারী থাকে, তাঁহারা এই আইনের কার্য্যপক্ষে ঐ কর দিবার যোগ্য ইতি।

৮ ধারা। একং গ্রামের যত দিতে হইবে ডেপুটী কমিশ্যনর সাহেব ইহা স্থির করিবেন, তাহা করিলে ঐ গ্রামে কর দিবার যোগ্য প্রত্যেক ব্যক্তির মাসে যত দিতে হইবে, ঐ গ্রামের সরদার ইহার এক ফর্দ্দ প্রস্তুত করিবেন।

কর ধার্য্য করণের নিয়মের কথা।

ডেপুটী কমিশ্যনর সাহেব ঐ ফর্দ্দ মঞ্জুর করিলে, ঐ গ্রামের কোন প্রকাশ স্থানে প্রচার করা যাইবে ও ডেপুটী কমিশ্যনর সাহেব তাহা যত দিন পরিবর্ত্তন না করেন তত দিন ঐ ফর্দ্দ প্রবল থাকিবে।

কিন্তু কোন গ্রামের যত দিতে হইবে ডেপুটী কমিশ্যনর সাহেব ইহা স্থির করিলে পর তিন মাসের মধ্যে সরদার ঐ ফর্দ্দ প্রস্তুত করিতে তাচ্ছল্য করিলে, ডেপুটী কমিশ্যনর সাহেব অন্য যে উপায় উচিত বোধ করেন সেই উপায় দ্বারা ঐ ফর্দ্দ প্রস্তুত করাইতে পারিবেন ইতি।

৯ ধারা। প্রত্যেক ব্যক্তির যে সঙ্গতি থাকে ও তাঁহার যত সম্পত্তি রক্ষা করিতে হইবে, তদনুসারে ইহার পূর্ব্ব ধারামতে তাঁহার কর ধার্য্য হইবে।

যে ভাবের ও যত কর দেওয়া যাইবে তদ্বিবরের কথা।

কিন্তু কোন ব্যক্তি জমীদার কি যোতদার কি বাণিজ্য ব্যবসায়ী হইলে, তাহার উপর মাসে এক টাকার অধিক ও সামান্য প্রজার উপর আট আনার অধিক ধার্য্য হইবে না,

আরো যে সকল ব্যক্তি ডেপুটী কমিশ্যনর সাহেবের বিবেচনায় দরিদ্র প্রযুক্ত মাসে দুই পয়সাও দিতে না পারে তাহাদিগকে সেই করদানহইতে মুক্ত করা যাইবে ইতি।

১০ ধারা। ডেপুটী কমিশ্যনর সাহেব কোন গ্রামের উপর নির্দ্ধারিত কর সময়েং পরিবর্ত্তন করিতে পারিবেন।

নির্দ্ধারিত কর পরিবর্ত্তনের কথা।

সেই কর পরিবর্ত্তিত হইয়া যে বৎসর অবধি চলিবে তাহার পূর্ব্ব বৎসরের মাঘ মাসের পূর্ব্বে গ্রামের সর্দ্দারকে ঐ পরিবর্ত্তন হওয়ার নোটিস দেওয়া যাইবে।

তদ্রূপে পরিবর্ত্তন করা গেলে, একং জনের যত করিয়া দিতে হইবে সর্দ্দার ইহার সংশোধিত ফর্দ্দ প্রস্তুত করিয়া অর্পণ করিবেন ইতি।

১১ ধারা। গ্রামের সর্দ্দার কোন ব্যক্তির যত কর ধার্য্য করেন ঐ ব্যক্তি তাহাতে সন্তুষ্ট না হইলে কথায় কিম্বা লিখিয়া ডেপুটী কমিশ্যনর সাহেবের নিকট ঐ করপত্র সংশোধন করিবার প্রার্থনা করিতে পারিবেন। ও ডেপুটী কমিশ্যনর সাহেব সেই নির্দ্ধারিত কর স্থির রাখিতে বা সংশোধন বা ক্ষমা করিতে পারিবেন ইতি।

কর মঞ্জুর বা সংশোধন বা ক্ষমা করিবার ক্ষমতার কথা।

Sums assessed payable monthly or quarterly in advance.

12. Every sum due under section six of this Act, and every assessment under section seven of this Act, shall be paid by equal monthly or quarterly instalments, as may appear most convenient to the Deputy Commissioner; and the instalments on account of each month or quarter shall be due on the first day of such month or quarter.

Collection of assessment.

13. The headman of each village shall collect the assessment payable by each of the persons in such village, and shall grant receipts for the same, and shall pay thereout the salaries, month by month, of the village policemen.

The Deputy Commissioner may permit the headman to retain a sum, not exceeding six per cent. of the amount collected by him, for repayment of the costs of such collection.

Application by village policeman for payment of his salary.

14. Whenever the salary due for any month is not paid in full to any village policeman on or before the fifteenth day of the next succeeding month, such village policeman may apply to the Deputy Commissioner, who shall thereupon issue a notice calling on the holder of the village, whether he be a zemindar or an under-tenure holder, to pay the said salary within fifteen days from the service of the notice, and, in default, may attach his zemindari or under-tenure, and retain possession of the same until the amount due has been recovered out of the income derivable therefrom.

Application for repayment of sums paid by zemindar or under-tenure holder.

15. When any zemindar or under-tenure holder other than those referred to in section seven of this Act, has paid any arrears of salary due to any village policeman under the last preceding section, he may apply to the Deputy Commissioner for the attachment and sale of the moveable property of any person in the village who has failed to pay the amount assessed on him.

Power to distrain for arrears.

16. The Deputy Commissioner shall thereupon issue a writing in the form in Schedule A hereto annexed, signed by him, authorizing the headman of the village, or such other person as may be therein named, to levy, by the distraint and sale of a sufficient portion of the moveable property of such defaulters, the amount of their respective arrears, together with sums equal to a proportionate share of the cost of the distraint.

কর মাসেং বা তিনং মাসে অগ্রিম দিতে হইবার কথা।

১২ ধারা। ডেপুটী কমিশ্যনর সাহেব যাহা সুবিধাজনক জ্ঞান করেন তদনুসারে এই আইনের ৬ ধারামতে দেনা টাকা বা এই আইনের ৭ ধারামতে নির্দ্ধারিত কর মাসিক বা ত্রৈমাসিক সমান কিস্তি করিয়া দেওয়া যাইবে। ও প্রতি মাসের বা তিন মাসের যে কিস্তি দেনা হয় তাহা সেই মাসের বা সেই তিন মাসের প্রথম দিনে দিতে হইবে ইতি।

নির্দ্ধারিত কর আদায়ের কথা।

১৩ ধারা। প্রত্যেক গ্রামের প্রত্যেক ব্যক্তির যত কর দিতে হইবে সেই গ্রামের সর্দ্দার তাঁহার স্থানে তাহা লইয়া রসীদ দিয়া তাহাহইতে মাসেং গ্রামীয় পোলীসের লোকদের বেতন দিবেন।

সরদারের সেই টাকা আদায় করিবার খরচ বলিয়া ডেপুটি কমিশ্যনর সাহেব তাঁহাকে ঐ আদায় করা টাকাহইতে শতকরা ৬ টাকার অনধিক লইবার অনুমতি দিতে পারিবেন ইতি।

বেতন পাইবার নিমিত্ত পোলীসের লোকের প্রার্থনা করিবার কথা।

১৪ ধারা। গ্রামীয় পোলীসের কোন লোকের কোন মাসের সম্পূর্ণ বেতন তাহার পর মাসের ১৫ পনের তারিখ পর্য্যন্ত তাঁহাকে না দেওয়া গেলে, গ্রামীয় পোলীসের সেই লোক ডেপুটী কমিশ্যনর সাহেবের নিকট প্রার্থনা করিতে পারিবেন তাহা হইলে ঐ গ্রামভোগি ব্যক্তি জমিদার কি যোতদার হউন ডেপুটী কমিশ্যনর সাহেব তাঁহার নামে নোটিস জারী করিয়া ঐ নোটিস জারী হইবার দিনাবধি ১৫ পনের দিনের মধ্যে সেই বেতন দিতে আজ্ঞা করিবেন। না দিলে তাঁহার জমীদারী বা যোত ক্রোক করিয়া তাহাহইতে উৎপন্ন আয় দ্বারা যত দিন সেই টাকা আদায় না হয় তত দিন ঐ ভুমি দখল করিয়া রাখিতে পারিবেন ইতি।

জমীদার বা যোতদার ঐ টাকা দিলে তাহা ফিরিয়া পাইবার প্রার্থনার কথা।

১৫ ধারা। এই আইনের ৭ ধারার উল্লিখিত ব্যক্তিভিন্ন কোন জমীদার কি যোতদার ইহার পূর্ব্ব ধারামতে গ্রামীয় পোলীসের কোন লোকের বাকি বেতন দিয়া থাকিলে, গ্রামের যে কোন ব্যক্তি আপনার নির্দ্ধারিত কর দিতে ত্রুটি করিলেন ঐ জমীদার বা যোতদার তাঁহার অস্থাবর সম্পত্তি ক্রোক ও বিক্রয় করণার্থে ডেপুটী কমিশ্যনর সাহেবের নিকট প্রার্থনা করিতে পারিবেন ইতি।

বাকীর নিমিত্ত ক্রোক করিবার ক্ষমতার কথা।

১৬ ধারা। তাহা হইলে, ডেপুটী কমিশ্যনর সাহেব এই আইনের A তফসীলের পাঠে লিখিত ও আপনার স্বাক্ষরিত লিপি জারী করিয়া গ্রামের সরদারকে কিম্বা ঐ পত্রলিখিত অন্য কোন ব্যক্তিকে, ঐ নাদেহীদারদের অস্থাবর সম্পত্তির উপযুক্ত অংশ ক্রোক ও নীলাম করিয়া তাহাদের বাকী ও ক্রোক করিবার খরচের উপযুক্ত টাকা হারহারীমতে আদায় করিবার ক্ষমতা দিতে পারিবেন ইতি।

17. The person so authorised shall seise and keep in his own custody such portion of the moveable property of such defaulters as he shall deem sufficient, and shall make an inventory of all moveable property so seized, and shall at the same time give notice by beat of drum of the time and place where it shall be sold.

Manner of executing distress.

The time of sale shall not be less than five nor more than ten days from the time of the proclamation thereof.

18. If any defaulter does not, within the time specified in such notice, pay the amount payable by him, with his share of the costs, the moveable property distrained, or such portion of it as may be necessary, shall be sold by public outcry at the time and place specified, and the proceeds shall be applied in discharge of the amount so payable and the costs, and the surplus, if any, shall be returned to the owner of the distrained property.

Sale in execution of warrant.

The amount realised by the Deputy Commissioner under this section and the two last preceding sections, other than the costs, shall be paid to the zemindar or tenure-holder referred to in section fifteen of this Act.

19. Whenever any person whose name has been included in any list of defaulters disputes his liability to pay the amount mentioned in such list, or any portion thereof, he may apply to the Deputy Commissioner either orally or in writing, stating the grounds of his objection, and the Deputy Commissioner shall examine his objection and pass such order thereon as to him shall seem proper.

Objection to levy how to be made.

20. No arrears of any assessment payable under this Act shall be levied by distress after the expiration of one year from the day on which the same shall have become due.

Distress not to be levied after a year.

এই টাকা পোলীসের দ্বারা মহকুমার খাজানাখানায় চালান করা গেলেও প্রধান কেরাণী তাহা জমা করিয়া লইতেন না। ইহার অনুসন্ধানে এই প্রমাণ হইল যে, প্রধান কেরাণী সেই প্রকারের সকল টাকা আপন হাতে রাখিয়া অনেক দিন পরে তাহা খাতায় জমা করিয়া লইতেন, কখন২ দিতেনও না। এই প্রকারে যত টাকা অবৈধমতে লওয়া গিয়াছিল তাহা ফিরিয়া পাওয়া গিয়াছে, কিন্তু আকৌণ্টেণ্ট জেনরল সাহেব কহিলেন যে নিম্ন লিখিত দুইটি বিধিতে তাচ্ছল্য না করিলে, ঐ বঞ্চনা কার্য্য কখনই হইতে পারিত না। প্রথম বিধি এই যে, মহকুমার আফিসে খাজাঞ্চী ও হিসাবনবীসের কর্ম্ম দুই স্বতন্ত্র ব্যক্তির করিতে হইবে, দ্বিতীয় বিধি এই, মহকুমার কর্তৃপক্ষ চালানের ও নগদের রেজিষ্টরী বহীর প্রত্যেক দফা মিলাইয়া দেখিয়া দফাং২ আপন নামের আদ্যক্ষর লিখিয়া চালানে রসীদ লিখিবেন। অমুক স্থানে প্রধান কেরাণী খাজাঞ্চী ও হিসাবনবীসও ছিলেন। কালেক্টর সাহেব কোন সময়ে মহকুমার আফিস দেখিতে গেলে তাঁহার সেই বিষয়ের সন্ধান জানিয়া তাহা নিবারণ করা কর্ত্তব্য ছিল। মহকুমার কর্তৃপক্ষও প্রত্যেক দফা মিলাইয়া দেখিয়া রসীদে স্বাক্ষর করিতেন না। চালানে প্রধান কেরাণীর নামের আদ্যক্ষর দেখিয়া পোলীস তাহা গ্রাহ্য করিতেন। আরও খোঁয়াড়ে যত টাকা আদায় হইত তাহার দায় বিশেষমতে দ্বিতীয় কেরাণীর প্রতি ছিল ও তাহা যেন নিয়মমতে জমা করিয়া লওয়া যায় এই বিষয়ে তাঁহারই দেখা উচিত ছিল, কিন্তু জমা করিয়া না লওয়া গেলে তিনি কাহাকেও সেই কথা জানাইতেন না। কালেক্টর সাহেব ঐ দ্বিতীয় কেরাণীর এক মাস সসপেণ্ড হওয়ার পরামর্শ দিলেন, কিন্তু শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব বোধ করেন যে, অন্যেরা যাহাতে সতর্ক হইতে পারে তাঁহার এমত দণ্ড দেওয়া উচিত। কালেক্টর সাহেব অনুরোধ না করিলে, তিনি একেবারে তাঁহার কর্ম্মচ্যুতির আজ্ঞা করিতেন, তদ্রূপ অনুরোধ হওয়াতে তাঁহাকে ন্যূনকল্পে এক বৎসর সসপেণ্ড করা যাইবে। গবর্ণমেণ্ট সেই প্রকারের আফিসের কর্ম্মকারকদিগকে জ্ঞানপূর্ব্বক ও চতুর হইয়া কর্ম্ম করাইতে দৃঢ় প্রতিজ্ঞ আছেন, এই কথা তাঁহাদের বুঝিয়া লওয়া অত্যাবশ্যক। টাকা ও হিসাব রাখিবার দায় তাঁহাদের প্রতি বর্ত্তিলে, কার্য্য সকল ঠিক হইয়া চলিতেছে বলিয়া তাঁহাদের নিশ্চিন্ত থাকিতে হইবে না, কিন্তু বিধিমতে উপযুক্তরূপে কার্য্য করা যাইতেছে কি না, ও যত টাকা চালান হয় তাহা যেন নিয়মমতে জমা করিয়া লওয়া যায়, এই২ বিষয় তাঁহাদের স্বয়ং দেখিয়া হৃদ্বোধমতে জানিতে হইবে। ১৮৭৬ সালের আপ্রিল মাস অবধি ডিসেম্বর মাসপর্য্যন্ত খোঁয়াড়হইতে প্রাপ্ত টাকা লইয়া এই প্রকারের প্রতারণা হওয়াতে মহকুমার কর্তৃপক্ষদের কার্য্যাধ্যক্ষতার প্রতি ভারী দোষ বর্ত্তিয়াছে।

পূর্ব্বোক্ত প্রতারণার ব্যাপারভিন্ন ১৮৭২ সালের অক্টোবর মাসের ৫ তারিখঅবধি ১৮৭৫ সালের আগষ্ট মাসের ২৭ তারিখপর্য্যন্ত ক্রমশই তহবীল ভাঙ্গন হইয়া আসিতেছে। তদ্দৃষ্টে পূর্ব্বোক্ত বিষয়ে যাহা কথিত হইয়াছে এই২ বিষয়েরও তদ্রূপ অনুভব হয়, খাজানাখানায় টাকা চালান হইলে প্রধান কেরাণী তাহা রাখিয়া মহকুমার নিমিত্ত এক প্রকারের খাতা ও জিলার খাজানাখানায় পাঠাইবার নিমিত্ত অন্যপ্রকারের খাতা রাখিতেন। দিন২ যে চুম্বক সদর আফিসে পাঠান যাইত মহকুমার কর্তৃপক্ষ তাহাতে স্বাক্ষর করিলে পর তাহার কোন২ কথা প্রভৃতি পরিবর্ত্তন করা যাইত, কএকবার তাঁহার স্বাক্ষর না হইলেও চালান হইত ও জিলার খাজানাখানাতেও অমনি গ্রাহ্য হইত। ও প্রধান কেরাণী হিসাবের যে চুম্বক পাঠাইতেন তাহাতে পরিবর্ত্তিত কথা সর্ব্বদা দেখা যাইতে পারিলেও মহকুমার কর্তৃপক্ষ তাহার কিছুই সন্ধান লইতেন না।

মহকুমার একের পর এক কর্তৃপক্ষ ক্রমশই বিধি তাচ্ছল্য না করিলে, ও মহকুমার হিসাব সূক্ষ্মরূপে দেখিয়া লওনসম্পর্কে খাজানাখানার কর্তৃপক্ষদের যাহা কর্ত্তব্য সেই কর্তৃপক্ষেরা একের পর এক ঐ কর্ত্তব্য কর্ম্মে অমনোযোগ না করিলে, ও সদর হিসাবনবীস মহকুমার কৈফিয়তের অনিয়মিত নানা দোষ সাধারণমতে ধরিতে ত্রুটি না করিলে, ও কালেকটর সাহেবের সদর ও মহকুমার খাজানাখানা সম্পূর্ণরূপে পরিদর্শন করিবার ও তথাকার সকল কর্ম্মকারক সকল বিধি ও কার্য্য করণের নিয়ম উপযুক্তমতে বুঝিয়া মানিয়া থাকেন ইহা হৃদ্বোধমতে জানিবার স্পষ্ট ত্রুটি না হইলে, ঐ প্রকারের তহবীল ভাঙ্গন কখনও হইতে পারিত না।

এই সকল ব্যাপারের বৃত্তান্ত দৃষ্টে জানা গেল যে, নানা দেওয়ানী আদালত ও পোলীসের কর্ম্মকারকেরা মহকুমার ও অন্যান্য খাজানাখানায় টাকা দিলে তাঁহাদের পাসবুকে ও চালানে অনিয়মিতরূপে রসীদ লেখা গেলেও তাঁহারা অমনোযোগে তাহা গ্রাহ্য করিয়া থাকেন। ইহার পর গবর্ণমেণ্টের কোন হানি হইলে, যে ব্যক্তি অনিয়মিত কার্য্য করেন তিনি যে প্রকারে দায়ী হইবেন, উক্ত যে কর্তৃপক্ষেরা স্পষ্ট নিয়ম বিরুদ্ধ ঐ কার্য্য প্রকাশ করিতে ত্রুটি করেন তিনিও সেই প্রকারে দায়ী হইবেন, এই কথা তাঁহাদিগকে সতর্ক করিয়া জ্ঞাত করা শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব আবশ্যক জ্ঞান করিলেন।

২। উক্ত সকল প্রতারণাব্যাপার সম্পর্কে গবর্ণমেণ্ট এই আজ্ঞা করিয়াছেন, "এই শীতকালে কালেক্টর সাহেবেরা দাওরায় গেলে, অত্যন্ত মনোযোগে আপনাদের নানা মহকুমার অবস্থার পরীক্ষা করেন।"

৩। অতএব দেশখণ্ডের কমিশ্যনর সাহেবদের প্রতি উক্ত সকল আজ্ঞা সফল করিবার আদেশ থাকিল।

শ্রীযুত সি, টি, বকলাণ্ড সাহেব।

---

৬ নম্বর।

বোর্ডের সাহেবদের আবকারী বিধি ১৮৬৬ সালে প্রকাশ করা গেলে পর, বঙ্গপ্রভৃতি দেশে আবকারী কার্য্য নিরূপণ সম্পর্কে অনেক বিষয়ের পরিবর্ত্তন হওয়াতে, তৎকালের প্রচলিত কোন২ বিধি সম্পূর্ণরূপে, আর কোন২ বিধি আংশিক ভাবে অকর্ম্মণ্য হইয়াছে, অন্যান্য বিধিও পরিবর্ত্তন, ও নূতন কএক বিধি প্রণীত হইয়াছে। এই২ কারণে এইক্ষণকার প্রচলিত বিধির পরিবর্ত্তে নূতন বিধিশ্রেণী প্রচার করা যাইতেছে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৮। ৫ ফেব্রুয়ারি।]

2. The rules have been carefully revised in order to bring them into conformity with the avowed principles and practice by which, under Government instructions, the Excise administration is to be conducted. The former arrangement of sections has been retained as far as possible. The first two sections have been recast. They relate to the present sources and methods of taxation, and the rules generally applicable to all the systems of management. Particular attention should be given to the instructions regarding the annual settlement of excise shops contained in clauses 7 to 10 of Section II.

3. Section III contains the rules applicable to the auction system, and is almost entirely new.

4. Sections XII, XIII, and XIV, relate to the different methods of taxing country spirit, viz. the outstill system, the system of taxing the materials used in the manufacture, and the fixed duty system.

5. The rules in Section XVII, relating to the cultivation, storage, transport, and sale of ganja, &c., have received considerable modifications and additions, and require close attention.

6. Sections XIV and XV and part of Section XVIII of the former rules, concerning opium and preparations therefrom, have been omitted, as a separate series of rules on the subject has been drawn up, and will be issued as soon as the rules have received the sanction of the Government of India under section 8 of Act XXIII of 1876. The rules, however, contained in Sections I, II, and III, apply to opium in common with other exciseable articles.

7. Appendix A contains specimen forms of notices, licenses, passes, and accounts, &c., in which many changes have been introduced.

8. The rules are interleaved with blank pages for the purpose of showing any alterations or additions to them made subsequently to the 1st January 1878.

No. 7.

It has been brought to notice by an inspection of the accounts of some of the District Road Fund Committees that the provisions of the General Stamp Act regarding the necessity for affixing stamps to receipts for sums of money above Rs. 20 are frequently disregarded. The Board therefore desire to call the attention of District Road Fund Committees to the requirements of the law in such respect.

2. District Officers should take every opportunity of reminding Municipalities, Road Cess Committees, Railway Companies, and Managers of courts of wards that the law requires every receipt for a sum of money exceeding Rs. 20, unless it is granted by, or on behalf of, Government, to be stamped with a one-anna adhesive stamp.

[*Government Gazette, 5th February* 1878.]

২। গবর্ণমেন্টের আদেশানুসারে আবকারী কার্য্য নিরূপণ হওয়ার যে নিয়ম ও রীতি ব্যক্ত হইল তাহার অনুযায়ি করিবার নিমিত্তে উক্ত সকল বিধি মনোযোগে সংশোধন করা গিয়াছে। পূর্ব্বের যেং পরিচ্ছেদ ছিল সাধ্যপর্য্যন্ত তাহা পূর্ব্ববৎ রহিল, কিন্তু প্রথম ও দ্বিতীয় পরিচ্ছেদ নূতন করিয়া লেখা গেল। এইক্ষণে যেং দ্রব্যের উপর ও যে নিয়মমতে টাক্স ধার্য্য হইয়াছে, ও কার্য্য নির্ব্বাহ করিবার সকল নিয়মের প্রতি সাধারণমতে যেং বিধি খাটে, ঐ দুই পরিচ্ছেদে তাহাই লেখা গেল। দ্বিতীয় পরিচ্ছেদের ৭ অবধি ১০ পর্য্যন্ত ধারায় আবকারী দোকানের সালিয়ানা বন্দোবস্ত সম্পর্কীয় যে উপদেশ আছে তৎপ্রতি বিশেষ মনোযোগ করা কর্ত্তব্য।

৩। নীলাম করণের নিয়মের প্রতি যে সকল বিধি খাটে তাহা তৃতীয় পরিচ্ছেদে আছে, প্রায় সমুদয়ই নূতন।

৪। দেশীয় মদিরার উপর টাক্স আদায়ের যেং নিয়ম আছে, অর্থাৎ বাহিরের ভাটিখানার নিয়ম ও মদিরা প্রস্তুত করিতে যেং সরঞ্জামের ব্যবহার হয় তাহার উপর টাক্স ধার্য্য ও অবধারিত মাসুল ধার্য্য করণের নিয়ম বিষয়ক বিধি, ১২ ও ১৩ ও ১৪ পরিচ্ছেদে আছে।

৫। ১৭ সপ্তদশ পরিচ্ছেদে গাঁজা প্রভৃতির চাষ ও গুদামজাত ও চালান ও বিক্রয় করণ বিষয়ক বিধির অনেকাংশ পরিবর্ত্তন হইয়াছে ও নূতনং বিধি সংযোগ করা গিয়াছে, তাহাতে অত্যন্ত মনোযোগের প্রয়োজন।

৬। আফীন ও তদ্দ্বারা প্রস্তুত নানা বিষয়ের নূতন বিধিশ্রেণী প্রণীত হওয়াতে পূর্ব্ব বিধির ১৪ ও ১৫ পরিচ্ছেদ ও ১৮ পরিচ্ছেদের একাংশ ত্যাগ করা গিয়াছে। ১৮৭৬ সালের ২৩ আইনের ৮ ধারামতে ভারতবর্ষের গবর্ণমেন্টের অনুমতি পাওয়া গেলে সেই নূতন বিধিশ্রেণী প্রকাশ করা যাইবে। পরন্তু ১ ও ২ ও ৩ পরিচ্ছেদের বিধি, যেমন আবকারী মাসুলের যোগ্য অন্যং দ্রব্যের প্রতি খাটে, তেমনি আফীনেরও প্রতি খাটে।

৭। A ক্রোড়পত্রে নোটিস, পাট্টা, ছাড়পত্র, হিসাব প্রভৃতি লিখিবার পাঠ আছে, তাহারও অনেকাংশ পরিবর্ত্তন করা গেল।

৮। ঐ বিধিপুস্তকের সকল পেজের মধ্যেং শাদা কাগজ দেওয়া গিয়াছে। ১৮৭৮ সালের জানুয়ারি মাসের ১ তারিখের পর ঐ বিধির পরিবর্ত্তন হইলে কি নূতন বিধি করা গেলে ঐ কাগজে লেখা যাইতে পারিবে।

---

৭ নম্বর।

ডিষ্ট্রিকট রোড ফণ্ডের কোনং কমিটীর হিসাব দেখিয়া জানা গেল যে ২০ বিশ টাকার অধিকের রসীদে টিকিট বসাওনের বিষয়ে সাধারণ ইষ্টাম্প বিষয়ক আইনের বিধান অনেকবার তুচ্ছ হইয়া থাকে। অতএব বোর্ডের সাহেবেরা তৎসম্পর্কে আইনের আদেশের প্রতি ডিষ্ট্রিকট রোড ফণ্ডের সকল কমিটীকে মনোযোগ করিতে বলিয়াছেন।

২। গবর্ণমেন্টের দ্বারা বা গবর্ণমেন্টের পক্ষে না দেওয়া গেলে, ২০ বিশ টাকার অধিকের প্রত্যেক রসীদে ✓০ এক আনার আটাল টিকিট দিবার আজ্ঞা আছে, এই কথা নানা মুনিসিপালিটির ও পথকর কমিটীর ও রেলওয়ে কোম্পানির ও কোর্টওয়ার্ডসের অধীন কার্য্যাধ্যক্ষদের স্মরণ করাইয়া দেওয়া জিলার কর্ত্তৃপক্ষদের কর্ত্তব্য।

JANUARY 1878.

C. T. BUCKLAND, ESQ.

No. 1.

IN supersession of the Board's Circular Order No. 1 of March 1876, the following table showing the rates of discount to be allowed from 1st February 1878 on the sale of General and Court Fees Stamps respectively is published for the information and guidance of all Revenue Officers:—

1	2	3	4	5	6	7		8
	GENERAL OR NON-JUDICIAL STAMPS.					Judicial or Court Fees Stamps.*		
	Class I. (Adhesive stamps and stamps under schedule I, articles 1 and 2, and schedule II, articles 1 to 9.)			Class II.* (All other stamps prescribed by the General Stamp Act of 1869.)				
	Stamps not exceeding in value 8 annas each.	Stamps exceeding in value 8 annas each, but not exceeding in value Rs. 5 each.	Stamps exceeding in value Rs. 5 each, but not exceeding in value Rs. 50 each.		Per cent.			Per cent.
	Per cent.	Per cent.	Per cent.					
Calcutta, Howrah (Sudder Station), 24-Pergunnahs (Sudder Station)	3⅛ - two pice in the rupee.	1 9/16 one pice in the rupee.	1 9/16 - one pice in the rupee.	At all places	3⅛ - two pice in the rupee.	Moorshedabad, Dinagepore, Maldah, Rungpore, Mymensingh, Sundeep Island	Licensed vendors at places more than five miles distant from either a sudder or sub-divisional treasury.	2
All other places	4 11/16 - three pice in the rupee.	3⅛ - two pice in the rupee.	1 9/16 = one pice in the rupee.			All other places except Calcutta, where salaried vendors are employed		1 9/16 one pice in the rupee.

N. B.—Stamps coming under this class (1) may be sold by any person, and discount at the above rates is allowed on purchase of the total value of Rs. 5 and upwards at one time.

* Only *licensed* vendors purchasing stamps of the total value of Rs. 25 or upwards at one time are allowed discount on these kinds of stamps.

Note.—(1)—No discount is allowed on the purchase of any general or court fees stamps of which the value is more than Rs. 5 and Rs. 75 respectively, or in the purchase of any stamp applied on material furnished by the purchaser himself.

(2)—Discount is allowed at 6¼ per cent. (one anna in the rupee) on the sale of the special description of paper to be used for documents under the Court Fees Act VII of 1870.

[*Government Gazette, 5th February* 1878.]

১৮৭৮ সাল জানুয়ারি মাস।

শ্রীযুত সি টি বকলাণ্ড সাহেব।

১ নম্বর।

বোর্ডের ১৮৭৬ সালের মার্চ মাসের ১ নং সরকুলর রহিত হইল। ১৮৭৮ সালের ফেব্রুয়ারি মাসের ১ তারিখ অবধি সাধারণ ও কোর্ট ফী ইষ্টাম্প বিক্রয় করিলে যে হারে ডিসকৌন্ট দেওয়া যাইবে তাহার নিম্নলিখিত ফর্দ্দ সাধারণের জ্ঞান ও উপদেশার্থে প্রকাশ করা যাইতেছে।

১	২	৩	৪	৫	৬	৭		৮
আদালতের ইষ্টাম্প ভিন্ন সাধারণ ইষ্টাম্প						কোর্ট ফী ইষ্টাম্প।*		
প্রথম শ্রেণী। অট্‌ল ইষ্টাম্প এবং ১ তফসীলের ১ ও ২ প্রকরণমত ও ২ তফসীলের ১ অবধি ৯ পর্য্যন্ত প্রকরণমত ইষ্টাম্প।				দ্বিতীয় শ্রেণী * সাধারণ ইষ্টাম্প বিষয়ক ১৮৬৯ সালের আইনের নির্দ্ধারিত অন্য সকল ইষ্টাম্প।				
	একং ইষ্টাম্প ৷৹ আট আনা মূল্যের অধিক না হইলে।	একং ইষ্টাম্পের মূল্য ৷৹ আট আনার অধিক কিন্তু ৫৲ টাকার অনধিক হইলে।	একং ইষ্টাম্পের মূল্য ৫৲ টাকার অধিক কিন্তু ৫০৲ টাকার অনধিক হইলে।		শতকরা			শতকরা।
	শতকরা	শতকরা	শতকরা			মুরশিদাবাদ দিনাজপুর মালদহ রঙ্গপুর ময়মনসিংহ	সদর কিম্বা মহকুমার খাজানাখানা হইতে পাঁচ মাইলের অধিক দূর লাইসেন্স প্রাপ্ত বিক্রেতারা থাকিলে	২৲
কলিকাতা। হাবড়া সদর স্থান। চব্বিশ পরগনা সদর স্থান।	৩⅛ অর্থাৎ টাকা প্রতি দুই পয়সা	১$\frac{9}{16}$ অর্থাৎ টাকাপ্রতি এক পয়সা	১$\frac{9}{16}$ অর্থাৎ টাকাপ্রতি এক পয়সা	সকল স্থানে	৩⅛ অর্থাৎ টাকা প্রতি দুই পয়সা	সন্দ্বীপ		২৷০
অন্য সকল স্থানে	৪$\frac{11}{16}$ অর্থাৎ টাকাপ্রতি তিন পয়সা	৩⅛ অর্থাৎ টাকাপ্রতি দুই পয়সা	১$\frac{9}{16}$ অর্থাৎ টাকাপ্রতি এক পয়সা			কলিকাতা ছাড়া অন্য যে সকল স্থানে বেতনভোগি বিক্রেতারা থাকেন		১$\frac{9}{16}$ অর্থাৎ টাকা প্রতি এক পয়সা।

মন্তব্য।—এই প্রথম শ্রেণীর মধ্যে যে সকল ইষ্টাম্প আইসে তাহা কোন ব্যক্তি বিক্রয় করিতে পারিবেন। একিকালে মোটে ৫৲ পাঁচ টাকার কি অধিক মূল্যের ইষ্টাম্প ক্রয় করা গেলে, উক্ত হারে ডিসকৌন্ট পাওয়া যাইবে।

* কেবল লাইসেন্স প্রাপ্ত বিক্রেতারা একিকালে ২৫৲ টাকার কি অধিক মূল্যের এই প্রকারের ইষ্টাম্প ক্রয় করিলে ডিসকৌন্ট পাইতে পারিবেন।

মন্তব্য।—(১) ৫০৲ টাকার অধিক মূল্যের সাধারণ ইষ্টাম্প কিম্বা ৭৫৲ টাকার অধিক মূল্যের কোর্ট ফী ইষ্টাম্প ক্রয় করা গেলে, কিম্বা ক্রেতা আপনি কাগজ দিয়া তাহাতে ইষ্টাম্প বসাইবার নিমিত্ত ইষ্টাম্প ক্রয় করিলে তাহার উপর ডিসকৌন্ট দেওয়া যাইবে না।

(২) আদালতের হুকুম বিষয়ক ১৮৭০ সালের ৭ আইনমতে নকীল লিখিবার বিশেষ প্রকারের কাগজ ক্রয় করা গেলে তাহার উপর শতকরা ৬৷০ টাকা অর্থাৎ টাকা প্রতি ৴০ এক আনা ডিসকৌন্ট দেওয়া যাইবে।

No. 2.

DISTRICT OFFICERS are informed that a revised form of Half-yearly Return No. XXI(c) is now passing through the press, and that the submission of the separate reports in stamp prosecution cases, required by Board's Circular Order No. 6 of December 1875, is no longer necessary. The form will be issued for use as soon as the supply of the old form of Return No. XXI(c) is exhausted.

[*Government Gazette, 5th February* 1878.]

২ নম্বর।

জিলার কর্ত্তৃপক্ষদিগকে এই কথা জ্ঞাত করা যাইতেছে। ষাণ্মাসিক ২১৫ নং রিটর্ণের সংশোধিত পাঠ এইক্ষণে ছাপা হইতেছে। বোর্ডের ১৮৭৫ সালের ডিসেম্বর মাসের ৬ নং সরক্যুলর অর্ডরমতে ইষ্টাম্প সম্পর্কীয় নালিশের মোকদ্দমায় যে স্বতন্ত্র রিপোর্ট দেওয়া যায় তাহার আর প্রয়োজন নাই। ২১৫ নং রিটর্ণের পূর্ব্বকার পাঠ ফুরাইলে নূতন পাঠ ব্যবহার হইবার নিমিত্ত দেওয়া যাইবে।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, FEBRUARY 19, 1878.

মঙ্গলবার ১৮৭৮ সাল ১৯ ফেব্রুয়ারি ।

PART VII.

Circular Orders of the High Court and Board of Revenue.

সপ্তম খণ্ড ।

হাই কোর্টের ও রেবিনিউ বোর্ডের আজ্ঞাপত্র ।

CIRCULAR ORDERS ISSUED BY AUTHORITY OF THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

(CIVIL.)

No. 1, dated the 1st February 1878.

The following instructions are issued in continuation of those contained in Circular Orders Nos. 13 and 14, dated 18th and 19th July last.

HIGH COURT, CIVIL SIDE *Present:* The Full Court.

2. In addition to the documents specified in the former Circular, vakalutnamahs will in all original suits form a part of the "Trial Nuthee" and shall be entered in order as No. 1A.

3. Cases decided *ex-parte* shall be excluded from the rule in the latter Circular requiring the process records to be entirely destroyed on the expiry of one year from the final order in the suits or cases to which they belong. In such cases the process nuthee shall be preserved until such time as the decree shall have been wholly satisfied out of Court or until execution shall have been had against the defendant.

No. 2, dated the 11th February 1878.

By desire of the Government of Bengal, the Court is pleased to direct that the Presiding Officer of every Civil Court subordinate to the High Court, under whose orders any civil prisoner is detained in jail, shall, if the prescribed instalment of the monthly allowance has not been deposited on the last day of each month, forthwith transmit to the officer in charge of the jail an order for the release of such prisoner.

[*Government Gazette*, 19*th February* 1878.]

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের আজ্ঞাক্রমে প্রচারিত দেওয়ানী সরক্যুলর অর্ডর।

দেওয়ানী।

১৮৭৮ সাল ১ ফেব্রুয়ারি ১ নম্বর।

গত জুলাই মাসের ১৮ ও ১৯ তারিখের ১৩ ও ১৪ নং সরকুলার অর্ডর অবলম্বনে নিম্নলিখিত উপদেশ দেওয়া যাইতেছে।

২। প্রথমোক্ত সরক্যুলরে যে সকল দলীল উল্লিখিত হইয়াছে তদতিরিক্ত, প্রথমত উপস্থিত করা সকল মোকদ্দমায়, ওকালত্‌নামাও বিচারের নথীর একাংশ হইবে, ও তাহা ক্রমান্বয়ে ১ A নং বলিয়া গাঁথা যাইবে।

৩। দ্বিতীয়োক্ত সরকুলর অর্ডরে এই আজ্ঞা হইয়াছিল যে, পরওয়ানার কাগজপত্র যে মোকদ্দমা সম্পর্কীয় হয় তাহার চূড়ান্ত হুকুম হওয়ার পর এক বৎসর গত হইলে ঐ কাগজপত্র নষ্ট করিতে হইবে। কিন্তু এক পক্ষমাত্র উপস্থিত থাকিতে যে মোকদ্দমার নিষ্পত্তি হয় তাহা এই বিধির মধ্যে আসিবে না। তদ্রূপ মোকদ্দমার ডিক্রী যত দিন আদালতের বাহিরে সম্পূর্ণমতে সাধন না করা যায়, কিম্বা প্রতিবাদির বিপক্ষে যত দিন ডিক্রীজারী করা না যায়, তত দিন পরওয়ানার নথী রাখিতে হইবে।

১৮৭৮ সাল ১১ ফেব্রুয়ারি ২ নম্বর।

হাই কোর্টের অধীন প্রত্যেক দেওয়ানী আদালতের যে কর্তৃপক্ষের আজ্ঞাক্রমে দেওয়ানী কোন বন্দীকে জেলে বদ্ধ রাখা যায় তাহার খোরাকীর নির্দিষ্ট টাকা প্রতি মাসের শেষ তারিখে দাখিল করিয়া দেওয়া না গেলে, দেওয়ানী আদালতের সেই কর্তৃপক্ষ উক্ত বন্দীকে অবিলম্বে ছাড়িয়া দিবার নিমিত্তে জেলের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত কার্য্যকারকের নামে আজ্ঞাপত্র দিবেন বঙ্গদেশের গবর্ণমেণ্টের ইচ্ছাক্রমে হাই কোর্ট এই আজ্ঞা করিলেন।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

গবর্ণমেণ্ট্ গেজেট

TUESDAY, MARCH 12, 1878.

মঙ্গলবার ১৮৭৮ সাল ১২ মার্চ।

PART VII.

Circular Orders of the High Court and Board of Revenue.

সপ্তম খণ্ড।

হাইকোর্টের ও রেবিনিউ বোর্ডের সরকুলর অর্ডর।

CIRCULAR ORDERS ISSUED BY AUTHORITY OF THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

CIVIL.

No. 3, dated the 16th February 1878.

From a report recently submitted by a District Judge, it appears that, in the time of his predecessors, the record-room attached to this Court has been allowed to fall into a state of great confusion. No register of the contents of the record-room had been prepared; no system in arranging the records had been followed. The provisions of Circular Order No. 7, dated 4th March 1874, requiring lists of the records sent in by the Lower Courts to be prepared on printed forms of a uniform size and bound into volumes, had been overlooked. The papers, the periodical destruction of which was prescribed by Circular Order No. 26, dated 16th November 1865, and previous Circular Orders of the Sudder Court, had not been touched, though year after year the annual reports contained certificates to the effect that the rules had been complied with. The record-keeper and his deputy had been permitted to delegate their duties to copyists, who were allowed unrestricted access to the record-room, and permitted to do their copying work there, away from the control of the Serishtadur. Irregularities, such as might have been expected in regard to the granting of copies, are said to have resulted.

2. To remedy the irregularities noted above as soon as they were discovered, advantage was taken by the Judge of the Dusserah vacation to employ all the clerks of the Court, who had not taken leave, in making a list of the contents of the racks, and examining, as far as possible, the contents of the bundles. A complete index to the papers, which are now being arranged, is in process of preparation, and something like order is gradually being introduced.

3. It is to be feared that a somewhat similar state of things may prevail elsewhere, and consequently the Judges consider it necessary to direct that steps be taken to ascertain in every Court that the record-keeper is performing his duties thoroughly, and not only so far as is sufficient to prevent the immediate detection of neglect.

4. The Court have to remind the District Judges that the native holidays afford opportunities which may be usefully employed in carrying out inquiries for the neglect of which pressure of business is frequently pleaded, and that it must always be possible to make arrangements for the performance of this duty without interfering with the religious observances of their ministerial officers.

5. The object to be attained is of such importance, that the Court trust that all District Judges will co-operate heartily in securing it. Officers who may hereafter neglect this duty must bear in mind that they will be held personally responsible.

No. 4, dated the 16th February 1878.

In lieu of the monthly return, shewing the number of pauper suits decided in the Civil Courts, prescribed by the Circular Order of the late Sudder Court, No. 22, dated 2nd October 1845, the Court is pleased to prescribe for use the annexed form of quarterly statement to be prepared by the District Judge on account of his own and the Subordinate Civil Courts, and by him forwarded to the Collector of the District concerned.

2. Instead of communicating directly with the Collector immediately on passing a decision in favour of a person suing *in formâ pauperis*, as directed in Circular Order No. 34, dated 30th November 1864, the officer deciding will, in future, within seven days from the day on which the decree is signed, deliver to the Government Pleader a copy of the decree in the case.

[*Government Gazette*, 12*th March* 1878.]

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের আজ্ঞাক্রমে প্রচারিত সরকুলর অর্ডর।

দেওয়ানী।

৩ নম্বর। ১৮৭৮ সাল ১৬ ফেব্রুয়ারি।

কোন জিলার জজ সম্প্রতি যে রিপোর্ট করিলেন তদ্দ্বারা দৃষ্ট হইল যে, তাহার পূর্ব্বে ঐ পদধারিদের সময়ে তাঁহার আদালতের মহাফেজখানায় কাগজপত্রের অত্যন্ত গোল হইয়া পড়িয়াছিল। মহাফেজখানায় কাগজপত্রের কোন রেজিষ্টর প্রস্তুত করা যায় নাই। ও কাগজপত্র সাজাইয়া রাখিবার কোন নিয়ম ধার্য্য হয় নাই। নিম্ন সকল আদালত হইতে যে কাগজপত্র পাঠান যায় তাহার নির্ঘণ্টপত্র এক পরিমাণের ছাপা ফারমে লিখিত হইয়া বহি বাঁধা যাইবে, ১৮৭৪ সালের ৪ মার্চের ৭ নং সরকুলরের এই বিধানের প্রতি মনোযোগ হয় নাই। ১৮৬৫ সালের ১৬ নবেম্বরের ২৬ নং ও সদর আদালতের তৎপূর্ব্বিকার অন্য ২ সরকুলর অর্ডরমতে যে২ কাগজপত্র নিরূপিত সময়ান্তরে নষ্ট করিবার আজ্ঞা ছিল, বৎসর২ বার্ষিক রিপোর্টে সেই আজ্ঞামতে কার্য্য করা গিয়াছে বলিয়া সার্টিফিকট লেখা থাকিলেও সেই কাগজপত্র স্পর্শও করা যায় নাই। নকলনবীসদের প্রতি মহাফেজের ও তাঁহার নায়েবের কার্য্য অর্পণ করিবার অনুমতি হইয়াছিল। ঐ নকলনবিসেরা অবাধিতরূপে মহাফেজখানায় যাওয়া আসা করিতেন, ও তথায় সেরিশতাদারের তত্ত্বাবধানে না থাকিয়া আপনাদের নকল করণ কার্য্য চালাইতেন, সুতরাং নকল দেওন বিষয়ে অনেক অনিয়মিত কর্ম্ম হইবার অপেক্ষা হইতে পারিত, তাহাও হইল এমত কথিত হইয়াছে।

২। পূর্ব্বোক্ত অনিয়মিত কার্য্য জানিতে পাওয়া গেলেই জজ সাহেব তাহার প্রতিকারের এই২ উপায় করিলেন। ছুটীর সময়ে যে২ কেরানিরা ছুটী লন নাই, তাঁহাদের দ্বারা প্রত্যেক মাচার সকল কাগজপত্রের নির্ঘণ্টপত্র প্রস্তুত করাইয়া, প্রত্যেক বাণ্ডেলে যে২ পত্র ছিল সাধ্যমতে তাহাও দেখিয়া লইলেন। ঐ কাগজপত্র এইক্ষণ সাজাইয়া রাখা যাইতেছে ও কাগজপত্রের সম্পূর্ণ নির্ঘণ্টপত্র প্রস্তুত হইতেছে, ক্রমে২ সকলেরই পুনরায় সুধারা হইবে।

৩। অন্য২ স্থানেও সেই প্রকারের গোল হওয়ার সম্ভাবনা বিবেচনায় হাই কোর্টের জজ সাহেবেরা এই আদেশ করা আবশ্যক জ্ঞান করিলেন, মহাফেজের শৈথিল্য যাহাতে হঠাৎ ধরিতে না পারা যায় তিনি কেবল এমতে যে আপন কর্ম্ম করিতেছেন তাহা নয় কিন্তু আপনার কর্ত্তব্য কর্ম্ম যে সম্পূর্ণরূপে সম্পাদন করিতেছেন ইহা নিশ্চয়মতে জানিবার উপায় করা প্রত্যেক আদালতের কর্ত্তব্য।

৪। সন্ধান লওয়া গেলে যাহাতে বিস্তর কর্ম্ম আছে বলিয়া যে২ কার্য্যের শৈথিল্য দোষের ওজর হইয়া থাকে, এদেশীয় লোকদের পরবের সময়ে সেই২ কার্য্য সম্পাদন করিবার অনেক সুযোগ হইতে পারে ও আমলাদের ধর্ম্মক্রিয়ার প্রতি হস্তক্ষেপ না করিয়া ঐ কর্ম্ম সম্পাদনের নিয়ম করা সর্ব্বদাই সাধ্য, হাই কোর্টের সাহেবেরা এই কথা জিলার জজ সাহেবদের স্মরণ করাইতেছেন।

৫। ইহাতে যে অভিপ্রায় নিষ্কর্ষ উদ্দেশ্য তাহা অত্যন্ত গুরুতর হওয়াতে সকল জিলার জজ সাহেব এইবিষয়ে সম্যক্‌রূপে সহযোগী হইবেন হাই কোর্টের এই আশা আছে। ইহার পর কোন কার্য্যকারকেরা আপনাদের কর্ত্তব্য এই কর্ম্মে শিথিল হইলে তাঁহাদের নিজের দায়ী হইতে হইবে, এই কথা মনে রাখিবেন।

---

৪ নম্বর। ১৮৭৮ সাল ১৬ ফেব্রুয়ারি।

দেওয়ানী আদালতে পাপরের মত মোকদ্দমা নিষ্পত্তি হয়, ভূতপূর্ব্ব সদর আদালতের ১৮৬৬ সালের ২ অকটোবরের ২২ নং সরকুলর অর্ডরে ইহার মাসিক রিটর্ণ দিবার বিধান হইয়াছিল। তৎপরিবর্ত্তে হাই কোর্টের সাহেবেরা নিম্নলিখিত পাঠে ত্রৈমাসিক কৈফিয়তের আজ্ঞা দিয়াছেন। জিলার জজ সাহেব আপনার ও আপন অধীন সকল দেওয়ানী আদালতের নিমিত্ত তাহা প্রস্তুত করিয়া তাহাতে যে২ জিলার সম্পর্ক থাকে সেই২ জিলার কালেক্টর সাহেবের নিকট পাঠাইবেন।

১। পাপররূপে মোকদ্দমা করিয়া কোন ব্যক্তির সপক্ষে নিষ্পত্তি হইলে বিচারপতি একেবারে কালেক্টর সাহেবকে সেই কথা জানাইবেন, ১৮৬৪ সালের ১০ নবেম্বরের ৩৪ নং সরকুলর অর্ডরে এই আজ্ঞা হইয়াছিল, কিন্তু এই অবধি বিচারপতি তাহা না করিয়া যে দিনে ডিক্রীতে স্বাক্ষর করেন তাহার পর সাত দিনের মধ্যে গবর্ণমেণ্টের উকীলকে ঐ মোকদ্দমার ডিক্রীর নকল দিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৮। ১২ মার্চ।]

Statement shewing the number of Pauper Suits decided in the Civil Courts of the District of during the Quarter of the year 18 , and the amount of Stamp Duty leviable on behalf of Government (Circular Order No. 4, dated 16th February 1878.

In what Court decided	Date of institution of suit	Register number of suit	Names of suitors, with their places of residence	Nature of the suit	Substance of the order passed	Date on which copy of the decree was made over to the Government Pleader	Amount or value in dispute	Amount of stamp duty leviable	REMARKS.

No. 5, dated 20th February 1878.

HIGH COURT CIVIL SIDE.
Present
The Full Court.

The Court are pleased to direct that the following be substituted for the penultimate paragraph of Circular Order No. 13, dated the 18th July 1877 :—

"13. Order sheet.

"In proceedings after decree for the execution thereof, the trial nuthee shall be constituted of the undermentioned papers and documents :—

"14. The decree-holder's application under Section 212, Act VIII of 1859 [Section 230, Act X of 1877].

"15. Applications for substitution in place of decree-holder under Section 208, Act VIII of 1859 [Section 232, Act X of 1877].

"16. Applications to execute against the estate of a deceased debtor under Section 210, Act VIII of 1859 [Section 234, Act X of 1877].

"17. Notices issued under Section 216, Act VIII of 1859 [Section 248, Act X of 1877].

"18. Applications by the defendant objecting to the execution proceeding.
"19. Writs of attachment or possession, and returns of service.
"20. Proclamations of sale and returns of service.
"21. Proceedings of the Court holding a sale.
"22. Applications by the decree holder granting time to the debtor.
"23. Statements of accounts.
"24. Receipts and acknowledgments of satisfaction in whole or in part.
"25. Vakalutnamahs.
"26. The final order."

No 6, dated the 20th February 1878.

HIGH COURT CIVIL SIDE.
Present
The Full Court.

The Court are pleased to direct that the following additions be made in Circular Order No. 14, dated the 19th July 1877 :—

In the list of "papers to be preserved," and before the words "the periods for which the trial nuthee shall be preserved entire," &c., the following shal be inserted :—

"In execution of decree cases—
14. The decree-holder's application.
19. Writs of attachment or possession and returns of service.
21. Proceedings of the court holding a sale of immovable property.
24. Receipts, &c.
25. Vakalutnamahs by which a decree-holder authorises a pleader to receive money from the court.
26. The final order."

[*Government Gazette, 12th March* 1878.]

অমুক সালের অমুক তিন মাসে অমুক জিলার দেওয়ানী আদালতে পাপরের যত মোকদ্দমা নিষ্পত্তি হয় এবং গবর্ণমেণ্টের পক্ষে যত ইষ্টাম্পের মাশুল আদায় হইতে পারে তাহার বর্ণনাপত্র। (১৮৭৮ সালের ১৬ ফেব্রুয়ারির ৪ নং সরকুলর অর্ডর।)

যে আদালতে নিষ্পত্তি হইল।	মোকদ্দমা উপস্থিত করণের তারিখ।	মোকদ্দমার যে কাচারী নম্বর।	বাদিদের নাম ও বাসস্থান।	যে প্রকারের মোকদ্দমা।	যে আজ্ঞা করা গেল তাহার মর্ম্ম।	ডিক্রীর নকল যে তারিখে গবর্ণমেণ্টের উকীলকে দেওয়া গেল।	যত টাকার বা যত টাকা মূল্যের বিবাদ হয়।	যত টাকা ইষ্টাম্পের মাশুল আদায় হইতে পারে।	মন্তব্য কথা।

৫ নম্বর। ১৮৭৮ সাল ২০ ফেব্রুয়ারি।

হাই কোর্টের সাহেবেরা ১৮৭৭ সালের ১৮ জুলাইর ১৩ নং সরকুলর অর্ডরের শেষ দফার পূর্ব্ব দফার পরিবর্ত্তে নিম্নলিখিত কথা প্রযোগ করিতে আদেশ করিলেন।

১৩। রোয়দাদ।

ডিক্রীর পর ডিক্রীজারীর নিমিত্ত দরখাস্তকারীতে নিম্নলিখিত কাগজপত্র ও দলীল লইয়া বিচারের নথী হইবে।

১৪। ১৮৫৯ সালের ৮ আইনের ২১২ ধারা [১৮৭৭ সালের ১০ আইনের ২৩০ ধারা] মতে ডিক্রীদারের প্রার্থনাপত্র।

১৫। ১৮৫৯ সালের ৮ আইনের ২০৮ ধারা [১৮৭৭ সালের ১০ আইনের ২৩২ ধারা] মতে ডিক্রীদারের স্থলে অন্য ব্যক্তির প্রার্থনাপত্র।

১৬। ১৮৫৯ সালের ৮ আইনের ২১০ ধারা [১৮৭৭ সালের ১০ আইনের ২৩৪ ধারা] মতে মৃত ব্যক্তির সম্পত্তির উপর ডিক্রী জারী করিবার প্রার্থনাপত্র।

১৭। ১৮৫৯ সালের ৮ আইনের ২১৬ ধারা [১৮৭৭ সালের ১০ আইনের ২৪৮ ধারা] মতে জারী করা নোটিস।

১৮। ডিক্রীজারী করণ সম্পর্কীয় কার্য্যানুষ্ঠানে প্রতিবাদির আপত্তিসূচক প্রার্থনা পত্র।

১৯। ক্রোক করণের বা অধিকার লওনের পরওয়ানা ও পরওয়ানা জারীর রিটর্ণ।

২০। নীলামের ঘোষণা পত্র ও ঐ পত্র জারীর রিটর্ণ।

২১। যে আদালত নীলাম করেন তাঁহার দরখাস্ত।

২২। ডিক্রীদার খাতককে অবকাশ দিলে তাহার প্রার্থনা পত্র।

২৩। হিসাবের কৈফিয়ৎ

২৪। সম্পূর্ণরূপে বা একাংশের ঋণশোধ হওয়া রসীদ ও স্বীকারপত্র

২৫। ওকালৎনামা।

২৬। শেষ আজ্ঞা।)

৬ নম্বর।—১৮৭৮ সাল ২০ ফেব্রুয়ারি।

হাই কোর্টের সাহেবেরা ১৮৭৭ সালের ১৯ জুলাইর ১৪ নং সরকুলর অর্ডরে নিম্নলিখিত কথা সংযোগ করিতে আদেশ করিলেন।

"যেং কাগজপত্র রাখিতে হইবে" তাহার নির্ঘণ্টপত্রের মধ্যে "বিচারের নথী যত দিন পুরা রাখিতে হইবে" প্রভৃতি কথার পূর্ব্বে এই ২ কথা সংযোগ করিয়া দিতে হইবে।

"ডিক্রীজারীর মোকদ্দমায়"—

১৪। ডিক্রীদারের প্রার্থনাপত্র।

১৯। ক্রোক করণের বা অধিকার লওনের পরওয়ানা ও পরওয়ানা জারীর রিটর্ণ।

২১। যে আদালত স্থাবর সম্পত্তি নীলাম করেন তাহার দরখাস্ত।

২৪। রসীদ প্রভৃতি।

২৫। যে ওকালৎনামাদ্বারা ডিক্রীদার উকীলের প্রতি আদালত হইতে টাকা গ্রহণ করিবার ক্ষমতা দেন তাহা।

২৬। শেষ আজ্ঞা।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৮। ১২ মার্চ।]

In page 2, the following shall be inserted after the words "or in executions, not proceeded with when three years have elapsed since the last application":—

The word 'application' must be here read in connection with clause 4, Article 179, Schedule II, Act XV of 1877.

No. 7, dated the 23rd February 1878.

Circular Order No. 186, dated 24th October 1861, issued by the late Sudder Court, prescribing a form of fly leaf for use with pending suits, is hereby cancelled. In future it will be sufficient if, on the termination of a trial, the fly leaf or index of the contents of the Trial Nuthee is prepared as directed in Circular Order No. 13, dated 18th July last.

2. The orders contained in the latter circular order for the preparation of supplementary indexes, shewing separately for each party to the suit the documents used by them, supersede the orders contained in Circular Order No. 12, dated 3rd December 1869, in so far that a list of rejected documents is not now required. All that is now necessary is to make up a list of all the documents admitted in evidence in the case in as many parts as there are parties.

No. 8, dated 23rd February 1878.

The Court are pleased to direct that the quarterly returns submitted to it by the Judges of Courts of Small Causes through the District Judge, under the provisions of Circular Order No. 10A, dated 26th April 1864, and Circular Memo. No. 6, dated 8th April 1875, be discontinued. As the Courts of Small Causes are now, under Act X of 1877, subordinate to the District Courts, it will be the duty of the District Judges to exercise the same control over them in the matter of their process establishments as they do over the other Subordinate Civil Courts.

No. 9, dated the 23rd February 1878.

As the High Court has ceased, under the provisions of Act VI of 1871, to exercise any control over the establishments attached to the Subordinate Civil Courts, it is no longer necessary that the annual reports on the validity of the security filed by ministerial officers, which some District Judges continue to forward under the provisions of Circular Order No. 34, dated 23rd September 1831, issued by the late Sudder Court, should be submitted for the information of the Judges.

2. District Judges must in future be guided in the matter of taking security from members of the establishments subordinate to them, and of periodically satisfying themselves as to its validity by any instructions which they may receive on the subject from the Government.

CIRCULAR ORDER OF THE BOARD OF REVENUE, L. P.

JANUARY 1878.

H. L. DAMPIER, ESQ.

Erratum.

For the words "53 *of the Court of Wards Act,* 1877," *in lines* 1 *and* 2 *of the Board's Circular Order No.* 1 *of May* 1877, *substitute the words* "49 *of Act IV* (*B.C.*) *of* 1870."

No. 3.

WITH the approval of the Government, the Board direct that Collectors shall make no representations to the civil courts under section 326 of the Civil Procedure Code of 1877 without the sanction of the Board previously obtained.

2. Should any sale be immediately impending of property in respect of which a Collector considers that a representation under section 326 should be made, he can, at the same time as he applies to the Commissioner for permission to act under section 326, represent to the civil court that he has made such an application; and it will be in the discretion of the court to stay the sale.

[*Government Gazette,* 12*th March* 1878.]

তৎপর পৃষ্ঠায় (বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের সপ্তম খণ্ডের ১৫৩ পৃষ্ঠায়),, কিম্বা ডিক্রী জারীর কার্য্যানুষ্ঠান না হইলে শেষ প্রার্থনাপত্র উপস্থিত করণাবধি তিনবৎসর গত হইলে, শেষআজ্ঞা করা গেল বলিয়া জ্ঞান হইবে, এই কথার পরে।

ঐ "এইস্থলে ১৮৭৭ সালের ১৫ আইনের ২ দ্বিতীয় তফসীলের ১৭৯ প্রকরণের ৪ দফা সম্পর্কে, প্রার্থনা পত্র শব্দ পাঠ করা যাইবে,' এই কথা প্রয়োগ করিতে হইবে।

---

৭ নম্বর। ১৮৭৮ সালের ২৩ ফেব্রুয়ারি।

বিচারাধীন মোকদ্দমার কাগজপত্রের উপর বিশেষ পাঠের একখানি শাদাপাত রাখিবার আদেশ বিষয়ে ভূতপূর্ব্ব সদর আদালত ১৮৬১ সালের অকটোবর মাসের ২৪ তারিখের ১৮৬ নম্বরের যে সরক্যুলর অর্ডর প্রকাশ করেন তাহা রহিত করা গেল। এক্ষণ অবধি বিচার শেষ হইলে গত জুলাই মাসের ১৮ তারিখের ১৩ নং সরক্যুলরের আদেশমতে বিচারের নথীর অন্তর্গত কাগজপত্রের উক্ত শাদাপাত কি সূচীপত্র লিখিলেই যথেষ্ট হইবে।

২। মোকদ্দমার প্রত্যেক পক্ষ যে২ দলীলের ব্যবহার করেন তাহা স্বতন্ত্র২ রূপে দেখাইবার নিমিত্তে পরিশিষ্ট সূচীপত্র প্রস্তুত করণ বিষয়ক শেষোক্ত সরক্যুলরের আজ্ঞা দ্বারা ১৮৬৯ সালের ডিসেম্বর মাসের ৩ তারিখের ১২ নং সরক্যুলর অর্ডর এতদূর রহিত করা গেল যে, অগ্রাহ্য কর দলিলের নির্ঘণ্টপত্রের আর প্রয়োজন নাই। এইরূপে মোকদ্দমার প্রমাণ স্বরূপ যে২ দলিল গ্রাহ্য হয়, মোকদ্দমার যত পক্ষ থাকিবেন তত ভাগে বিভক্ত করিয়া ঐ দলীলের নির্ঘণ্টপত্র প্রস্তুত করা আবশ্যক।

---

৮ নম্বর। ১৮৭৮ সালের ২৩ ফেব্রুয়ারি।

১৮৬৪ সালের আপ্রিল মাসের ২৬ তারিখের ১০A নং সরক্যুলর অর্ডরের ও ১৮৭৫ সালের আপ্রিল মাসের ৮ তারিখের ৬ নং স্মারকলিপির বিধানমতে ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজেরা জিলার জজ সাহেবদের দ্বারা হাইকোর্টে ত্রৈমাসিক যে রিটর্ণ প্রেরণ করেন উক্ত কোর্টের সাহেবেরা তাহা আর পাঠাইতে বারণ করিলেন। ১৮৭৭ সালের ১০ আইনমতে ক্ষুদ্র মোকদ্দমার আদালত জিলার আদালতের অধীন হওয়াতে, জিলার জজ সাহেবেরা আপনাদের অধীন অন্যান্য দেওয়ানী আদালতের যেরূপ তত্ত্বাবধারণ করিয়া থাকেন, পরওয়ানা বিষয়ক শিরিস্তা সম্পর্কে সেই আদালতেরও তাঁহাদের তদ্রূপ তত্ত্বাবধারণ করা কর্ত্তব্য।

---

৯ নম্বর। ১৮৭৮ সালের ২৩ ফেব্রুয়ারি।

কোন২ জিলার জজ সাহেবেরা ভূতপূর্ব্ব সদর আদালতের ১৮৩১ সালের সেপ্টেম্বর মাসের ২৩ তারিখের ৩৪ নং সরক্যুলরের বিধানমতে আপনাদের আমলা প্রভৃতির জামীনের মাতবরী বিষয়ে হাই কোর্টে বৎসর২ রিপোর্ট প্রেরণ করিয়া থাকেন। পরন্তু ১৮৭১ সালের ৬ আইনের বিধানমতে অধীনস্থ দেওয়ানী আদালতে নিযুক্ত আমলা হাই কোর্টের জজ সাহেবদের তত্ত্বাবধানে আর না থাকাতে তাঁহাদের জ্ঞানার্থে উক্ত রিপোর্ট প্রেরণ করিবার আর আবশ্যক নাই।

২। জিলার জজ সাহেবেরা অধীনস্থ শিরিস্তার আমলাগণের স্থানে জামীন লওন ও সময়ে২ ঐ জামীনের মাতবরীর কথা স্ববোধমতে জানিয়া লওন বিষয়ে, গবর্ণমেণ্টহইতে যে২ আদেশ পাইবেন তাঁহাদের তদনুসারেই কার্য্য করিতে হইবে।

বঙ্গপ্রভৃতি দেশের রেবিনিউ বোর্ডের সরক্যুলর অর্ডর।

১৮৭৮ সাল জানুয়ারি মাস।

শ্রীযুত এচ, এল, ডাম্পিয়র সাহেব।

অশুদ্ধশোধন।

বোর্ডের ১৮৭৭ সালের মে মাসের ১ নম্বরের ১ও২ পঁক্তিতে"বোর্ট ওয়ার্ডসবিষয়ক ১৮৭৭ সালের ৫৩" এই কথার পরিবর্ত্তে"১৮৭০ সালের বঙ্গীয় ৪ আইনের ৪৯" এই কথা পাঠ করিতে হইবে।

---

৩ নম্বর।

গবর্ণমেণ্টের অনুমোদনক্রমে বোর্ডের সাহেবেরা এই আদেশ করেন যে, তাঁহাদের অনুমতি না পাইলে কালেক্টর সাহেবেরা দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক ১৮৭৭ সালের আইনের ৩২৬ ধারামত কথা দেওয়ানী আদালতে জ্ঞাত না করেন।

২। অল্পকালের মধ্যে কোন সম্পত্তি নীলাম হইবার সম্ভাবনা থাকিলে, ও কালেক্টর সাহেব ৩২৬ ধারামত কথা জ্ঞাত করা উচিত বোধ করিলে, তিনি যে সময়ে কমিশ্যনর সাহেবের নিকট ৩২৬ ধারামতে কার্য্য করিবার অনুমতি প্রার্থনা করেন সেই সময়েও আপনার সেই প্রার্থনা করিবার কথা দেওয়ানী আদালতে জ্ঞাত করিতে পারিবেন। ও আদালত উচিত বোধ করিলে নীলাম স্থগিত রাখিতে পারিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৮। ১২ মার্চ।]

No. 4.

THE Accountant-General has explained that under the note attached to paragraph 7 of the Comptroller-General's circular No. 215, dated 23rd August 1875, circulated with his No. 346, dated 21st September following, the omission of the columns for the entry of currency notes of the value of Rs. 20 and under from the note register No. 79 was intended to be optional, and that such omission has given rise to practical difficulties in the preparation of returns by treasury officers required for his office. The following alterations are accordingly made—

(a) Paragraph 1 of the Board's circular No. 2 of July 1876 is cancelled.

(b) In clause 1 of paragraph 2 of the above circular, for the words "Rs. 50 and upwards," substitute the words "all denominations."

2. The following clause should also be added after clause 7 in section VI, chapter II page 25, of the Board's Rules—

"(7a) In column 3 of the register for notes of other circles, the name of the circle to which a note belongs shall be entered."

3. The above alterations should be noted in the new edition of the Board's Rules when received.

C. T. BUCKLAND, ESQ.

No. 5.

THE following resolution of the Government of India, No. 3335, dated 21st September 1877, regarding the maintenance of a register of court fees, is published for the information and guidance of all revenue officers in the Lower Provinces:—

No. 3335, dated Simla, the 21st September 1877.

RESOLUTION—By the Government of India, Financial Department (Separate Revenue—Stamps).

READ—

The following papers having reference to the question of the expediency of maintaining for all courts the register of court fees prescribed in paragraph 11 of Financial Circular No. 1817, dated 16th March 1870:—

(*For the second time.*)

Letter from Chief Commissioner of Central Provinces, No. 656-29, dated 23rd February 1875, and enclosure.

Letter to Chief Commissioner of Central Provinces, No. 2071, dated 10th April 1875.

Letter from Chief Commissioner of Central Provinces, No. 1427-65, dated 23rd April 1875, and enclosures.

Circular to Local Governments, No. 1643, dated 29th June 1875.

(*For the first time.*)

Letter from Chief Commissioner of British Burmah, No. 1091-228, dated 3rd October 1875.
Letter from Government of Bombay, No. 6496, dated 28th October 1875.
Letter from Chief Commissioner of Oudh, No. 4080, dated 11th November 1875.
Letter from Chief Commissioner of Ajmere, No. 770, dated 11th November 1875.
Letter from Government of Bengal, No. 9801, dated 27th November 1875.
Letter from Chief Commissioner of Assam, No. 4381, dated 22nd December 1875.
Letter from Chief Commissioner of Central Provinces, No. 15-3, dated 13th January 1876.
Letter from Resident at Hyderabad, No. 1265, dated 13th January 1876.
Letter from Government of Madras, No. 403, dated 2nd March 1876.
Letter from Government of North-Western Provinces, No. 40A., dated 27th March 1876.
Letter from Government of Punjab, No. 801, dated 28th March 1876.

RESOLUTION.

BY paragraph 11 of Financial Resolution No. 1817, dated 3rd March 1870, the Governor General in Council resolved that there should be maintained for each court a register of the fees levied under Chapter IV, and of those levied under the different articles of schedules I and II of the Court Fees Act. Subsequently it was indicated in Financial Notification No. 2923, dated 5th August 1870, that these registers need not be kept in great detail.

2. In 1875 a question was raised as to the expediency of continuing the registers, and the opinions of the several local Governments were invited on the subject.

3. From the replies received to that reference, it appears that the maintenance of the registers is generally considered desirable.

[*Government Gazette*, 12*th March* 1878.]

৪ নম্বর ।

১৮৭১ সালের ২১ সেপ্টেম্বরের ৩৪৬ নং সরকুলরের সঙ্গে কনট্রোলর জেনরল সাহেবের ঐ সালের ২৩ আগস্টের ২১৫ নম্বরের যে সরকুলর প্রচারিত ছিল, তাহার ৭ দফায় সংযুক্ত মন্তব্য কথামতে, ৭৯ নং নোটের রেজিস্টরের মধ্যে ২০ টাকার ও তাহার কমমূল্যের করেন্সী নোট লিখিবার ঘর না ধরা কেবল স্বেচ্ছাধীন, ও আকৌন্টেন্ট জেনরল সাহেবের আফিসের নিমিত্ত খাজানাখানার কর্ত্তৃপক্ষদের যে রিটর্ণ প্রস্তুত করা উচিত, ঐ ঘর ত্যাগ করাতে সেই রিটর্ণ প্রস্তুত করণের কার্য্যপক্ষে কষ্ট হইয়াছে, আকৌন্টেন্ট জেনরল সাহেব এই কথা ব্যাখ্যা করাতে, নিম্নলিখিতমতে সংশোধন করা প্রয়োজন ।

(ক) বোর্ডের ১৮৭৬ সালের জুলাই মাসের ২ নং সরকুলর অর্ডরের ১ দফা রহিত করা গেল ।

(খ) ঐ সরকুলরের ২ দফার ১ প্রকরণে "৫০ টাকার ও তদূর্দ্ধ" এই কথার পরিবর্ত্তে "সকল" শব্দ পাঠ করিতে হইবে ।

২ । বোর্ডের বিধি পুস্তকের ৪২ পৃষ্ঠায় দ্বিতীয় অধ্যায়ের ৭ সপ্তম পরিচ্ছেদের ৭ ধারার পর এই ধারা সংযোগ করিতে হইবে,—

"৭ ক । অন্য ২ চক্রের নোটের রেজিস্টরের ৩ ঘরে, নোট যে চক্রের হয় তাহার নামও লিখিতে হইবে ।"

৩ । বোর্ডের বিধি পুস্তকের নূতন সংস্করণ পাওয়া গেলে, তন্মধ্যে ঐ পরিবর্ত্তিত কথ লিখিতে হইবে ।

শ্রীযুত সি টি বকলাণ্ড সাহেব ।

৫ নম্বর ।

কোর্ট ফীর রেজিস্টর রাখণ বিষয়ে ভারতবর্ষের গবর্ণমেণ্টের ১৮৭৭ সালের ২১ সেপ্টেম্বরের ৩৩৩৫ নং নিম্নলিখিত নির্দ্ধারণপত্র বঙ্গপ্রভৃতি দেশের রাজস্বের সকল কর্ত্তৃপক্ষদের জ্ঞান ও উপদেশার্থে প্রকাশ করা যাইতেছে

৩৩৩৫ নং । সিমলা, ১৮৭৭ সাল ২১ সেপ্টেম্বর ।

ফিনান্শ্যল ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের স্বতন্ত্র রাজস্ব ঘটিত ইষ্টাম্প বিষয়ক নির্দ্ধারণ ।

১৮৭০ সালের ১৮ মার্চের ১৮১৭ নং ফিনানশ্যল সরকুলরের ১১ দফায় কোর্ট ফীর যে রেজিস্টর রাখিবার বিধান হইয়াছিল, সকল আদালতে সেই প্রকারের রেজিস্টর রাখিবার ঔচিত্য বিষয়ক নিম্নলিখিত পত্রাদি পাঠ করা গেল

এই২ পত্রাদি দ্বিতীয়বার পাঠ করা গেল ।

মধ্যপ্রদেশের প্রধান কমিশ্যনর সাহেবের ১৮৭৫ সালের ২৩ ফেব্রুয়ারির ৬৫৬ । ২৯ নং পত্র ও তৎসহিত অন্য পত্র
মধ্যপ্রদেশের প্রধান কমিশ্যনর সাহেবের নামে ১৮৭৫ সালের ১০ আপ্রিলের ২০৭১ নং পত্র ।
মধ্যপ্রদেশের প্রধান কমিশ্যনর সাহেবের ১৮৭৫ সালের ২৩ আপ্রিলের ১৪২৭ । ৬৫ নং পত্র ও তৎসহিত অন্য পত্রাদি ।
স্থানীয় গবর্ণমেণ্টের নামে ১৮৭৫ সালের ২৯ জুনের ১৬৪৩ নং সরকুলর ।

এই২ পত্র প্রথমবার পাঠ করা গেল, ।

ব্রিটনীয় বর্ম্মাদেশের প্রধান কমিশ্যনর সাহেবের ১৮৭৫ সালের ৩ অকটোবরের ১০৯১ । ২২৮ নং পত্র ।
বোম্বাইয়ের গবর্ণমেণ্টের ১৮৭৫ সালের ২৮ অকটোবরের ৬৪৯৬ নং পত্র ।
অযোধ্যার প্রধান কমিশ্যনর সাহেবের ১৮৭৫ সালের ১১ নবেম্বরের ৪০৮০ নং পত্র ।
আজমেরের প্রধান কমিশ্যনর সাহেবের ১৮৭৫ সালের ১১ নবেম্বরের ৭৭৭ নং পত্র ।
বঙ্গদেশের গবর্ণমেণ্টের ১৮৭৫ সালের ২৭ নবেম্বরের ৯৮০১ নং পত্র ।
আসামের প্রধান কমিশ্যনর সাহেবের ১৮৭৫ সালের ২২ ডিসেম্বরের ৪৯৮১ নং পত্র ।
মধ্য প্রদেশের প্রধান কমিশ্যনর সাহেবের ১৮৭৬ সালের ১৩ জানুআরির ১৭১৩ নং পত্র ।
হয়দরাবাদের রেসিডেণ্ট সাহেবের ১৮৭৬ সালের ১৩ জানুয়ারির ১২৬৫ নং পত্র ।
মান্দ্রাজের গবর্ণমেণ্টের ১৮৭৬ সালের ২ মার্চের ৪০৩ নং পত্র ।
উত্তর পশ্চিমদেশের গবর্ণমেণ্টের ১৮৭৬ সালের ২৭ মার্চের ৪০Δ নং পত্র ।
পাঞ্জাবের গবর্ণমেণ্টের ১৮৭৬ সালের ২৮মার্চের ৮০১ নং পত্র ।

নির্দ্ধারণ ।

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব ১৮৭০ সালের ৩ মার্চের ১৮১৭নং ফিনানশ্যল নির্দ্ধারণপত্রের ১১ দফায় ইহা স্থির করিলেন যে, আদালতের রসুম বিষয়ক আইনের ৪ চতুর্থ অধ্যায়মতে যে ফী আদায় হয় ও ১ ও ২ তফসালের নানা প্রকরণমতে যে ফী আদায় হয় প্রত্যেক আদালতে তাহার রেজিস্টর রাখিতে হইবে । পরে ঐ সকল রেজিস্টর অতি বিস্তারিতরূপে রাখা না যায়, ফিনানশ্যল ডিপার্টমেণ্টের ১৮৭০ সালের ৫ আগস্টের ২৯২৩ নম্বরের এই মর্ম্মের জ্ঞাপনপত্র হইয়াছিল ।

২ । ঐ রেজিস্টর রাখাই বিহিত কি না, ১৮৭৫ সালে এই প্রশ্ন উত্থিত হইলে তদ্বিষয়ে স্থানীয় নানা গবর্ণমেণ্টের অভিমত জানাইবার আদেশ হইয়াছিল ।

৩ । তদুত্তরে যাহা অবগত হওয়া গেল তাহাতে ঐ রেজিস্টর রাখাই সকলের বিহিত বলিয়া জ্ঞান হইল ।

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৭৮ । ১২ মার্চ ।]

4. The Hon'ble the President in Council is accordingly pleased to order the continuance of this register, and, to secure uniformity, is further pleased to direct that it be kept in the following form:—

I.—FOR CIVIL COURTS.

Daily register of court fees realized in the court of the

Date.	Process fees.		Amount realized under Act VII of 1870, schedule I, articles 1 to 9 inclusive.		Amount realized under the same schedule, Nos. 10 to 12.		Amount realized under schedule II.		Total.		REMARKS.
	Rs.	A.	Rs.	A.	Rs.	A.	Rs.	A.	Rs.	A.	

II.—FOR REVENUE AND CRIMINAL COURTS.

Daily register of court fees realized in the

Date.	Process fees.		Other fees.		Total.		REMARKS.
	Rs.	A.	Rs.	A.	Rs.	A.	

5. It is to be observed that the entries are not to be made in detail, but only so as to show, in the case of the civil courts, the aggregate value of the stamps filed in the court during each day under each of the four classes indicated, and in the case of the criminal and revenue courts the total daily receipts from process fees and other fees. The entries should be initialled daily by the presiding officer.

No. 6.

IT is notified for general information that, under the orders of Government, the duty on ganja will be levied as follows on and from 1st April 1878:—

	Rs.	A.	
On flat ganja	3	8	per seer.
,, round ,, ...	4	0	,,
,, choor ,, ...	4	0	,,

No. 7.

THE attention of Government having been drawn to the falling off in the fines and penalties levied under the General Stamp Act, XVIII of 1869, during the first quarter of 1877-78, as shown in the statement given in the margin, district officers are requested not to relax their efforts in seeking for cases of insufficiently stamped documents. It is contrary to the doctrine of probabilities that such offences against the law will not occur, and it is necessary that they should be diligently sought for in order that the revenue derived from stamps may not be impaired.

FINES AND PENALTIES.

	Rs.	A.	P.
April 1877.			
Total current month	[illegible]19	5	0
Total same month last year	2,079	2	0
May 1877.			
Total current month	1,355	8	6
Total same month last year	1,431	7	0
1st April to date, two months	2,[illegible]04	13	6
Same period last year	[illegible],510	9	0
June 1877.			
Total current month	1,424	3	6
Total same month last year	1,291	7	0
1st April to date, three months	3,[illegible]29	1	0
Total same period last year	4,[illegible]02	0	0

[*Government Gazette*, 12*th March* 1878.]

৪। অতএব মন্ত্রিসভাধিষ্ঠিত মান্যবর সভাপতি সাহেব ঐ রেজিষ্টর রাখিবার আজ্ঞা করিলেন ও সকল স্থানে একিরূপে রাখাযায় এই কারণে নিম্নলিখিত পাঠে ঐ রেজিষ্টর রাখিবার আজ্ঞা করিলেন।

১।—দেওয়ানী আদালতে।

অমুক আদালতে যে কোর্ট ফী আদায় হইল তাহার দৈনিক রেজিষ্টর।

তারিখ।	পরওয়ানার ফী।	১৮৭০ সালের ৭ আইনের ১ তফশীলের ১ অবধি ৯ পর্য্যন্ত প্রকরণমতে যত টাকা আদায় হইল।	ঐ তফশীলের ১০, ১১, ১২ নং প্রকরণ মতে যত টাকা আদায় হইল।	২ তফশীল মতে যত টাকা আদায় হইল।	মোটে।	মন্তব্য।
	টাকা।	টাকা।	টাকা।	টাকা।	টাকা।	

২।—রাজস্বের ও ফৌজদারী আদালতে।

অমুক আদালতে যে কোর্ট ফী আদায় হইল তাহার দৈনিক রেজিষ্টর।

তারিখ।	পরওয়ানার ফী।	অন্যং ফী।	মোটে।	মন্তব্য।
	টাকা।	টাকা।	টাকা।	

৫। বিস্তারিত কথা লিখিতে হইবে না। কিন্তু দেওয়ানী আদালতে প্রতিদিন উল্লিখিত চারি শ্রেণীর প্রত্যেক শ্রেণীমতে মোটে যত মূল্যের ইষ্টাম্পো দেওয়া যায় এবং ফৌজদারী ও রাজস্বের আদালতে পরওয়ানা ও অন্যং প্রকারের ফী বলিয়া প্রতিদিন মোটে যত টাকা পাওয়া যায় কেবল ইহাই দেখান এই রেজিষ্টরের অভিপ্রায় জানিতে হইবে। আদালতের কর্ত্তৃপক্ষ প্রতিদিন ঐ রেজিষ্টরের লিখিত অঙ্কে আপন নামের আদ্যাক্ষর লিখিবেন।

---

৬ নম্বর।

সাধারণের জ্ঞানার্থে এই নোটিস দেওয়া গেল। গবর্ণমেণ্টের আজ্ঞামতে ১৮৭৮ সালের আপ্রিল মাসের ১ তারিখ অবধি গাঁজার উপর এইং মাশুল আদায় হইবে।—

চেপ্টা গাঁজা … সেরপ্রতি ৩।।০ টাকা
গোল গাঁজা … ঐ ৪৲
চুর গাঁজা … ঐ ৪৲

৭ নম্বর।

সাধারণ ইষ্টাম্প বিষয়ক ১৮৬৯ সালের ১৮ আইনমতে ১৮৭৭। ৭৮ সালের প্রথম তিন মাসে অর্থদণ্ডের ও দণ্ডের যত টাকা আদায় হইল, পার্শ্বলিখিত অঙ্ক দ্বারা তাহা পূর্ব্ববৎসর অপেক্ষা কম দেখাযাইতেছে। এই বিষয়ে গবর্ণমেণ্টের মনোযোগ হওয়াতে জিলার কর্ত্তৃপক্ষদের প্রতি এই আদেশ হইল যে, অল্প মূল্যের ইষ্টাম্প যেং দলিলে বসান গেল তাহা চেষ্টা করিবার যত্ন করণে তাঁহারা শিথিল না হন। আইনের বিপরীত সেই প্রকারের দোষ যে না হইবে ইহা অনুমানের বিহিসম্মত নহে। এবং ইষ্টাম্প দ্বারা যে রাজস্ব উৎপন্ন হয় তাহার হানি না হওয়ার জন্যে, উক্ত প্রকারের দোষের যত্ন পূর্ব্বক সন্ধান হওয়া আবশ্যক।

অর্থদণ্ডের ও দণ্ডের টাকা।

১৮৭৭ সাল আপ্রিল মাস

চলিত মাসে মোট … .. … …	৮৪৯।/
গত বৎসরের সেই মাসে মোট … … .	২০৭৯৵

১৮৭৭ সাল মে মাস।

চলিত মাসে মোট … … … …	১৩৭৫॥১০
গত বৎসরের সেই মাসে মোট … … .. …	১৪৩১।৶
১ আপ্রিল অবধি মে মাসের শেষ পর্য্যন্ত দুই মাস … …	২২০৪৸১০
গত বৎসরের সেই কালে … … … …	৩৫৩০।'/

১৮৭৭ সাল জুন মাস।

চলিত মাসে মোট … … … …	১৪২৪৶১০
গত বৎসরের সেই মাসে … … … …	১২৯১।৶
১আপ্রিল অবধি জুনের শেষ পর্য্যন্ত তিন মাস · … …	৩৬২৯/
গত বৎসরের সেই কালে … … … …	৪৮৫২৲

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৮। ১২ মার্চ।]

FEBRUARY 1878.

C. T. BUCKLAND, ESQ.

No. 1.

THE following revised register will supersede the existing registers Nos. 81 and 82, given at page 226 of the Board's Rules:—

Register (No. 81) of Excise Licenses.

1. Serial number of license; 2. Date of license and period to which it extends; 3. Locality of shop; 4. Name of vendor or licensee; 5. Amount of license fee; 6. Amount of fee paid in advance; 7. Quantity of exciseable article purchased by each vendor in each month of the year (a column to each month); 8. Remarks.

Note.—There should be a separate register for each article. This register is to be kept by a Sub-divisional officer when he is authorized to issue excise licenses.

2. District officers should indent upon the Superintendent of Stationery for a supply of form of the revised register, which should be used from the beginning of the coming official year.

No. 2.

UNDER Government instructions the rates of duty to be levied from the 1st April 1878 on Mowah, Choon, Goor, Dates and other fruits used in the distillation of country spirits, in the districts in which the system of taxing material obtains, are the following:—

	Rs.
Mowah	5
Choon	6
Goor	7
Dates and other fruits	5

These rates should be noted in Section XIII of the Board's Excise Rules in modification of the rates there mentioned.

[*Government Gazette, 12th March* 1878.]

১৮৭৮ সাল ফেব্রুয়ারি মাস।

শ্রীযুক্ত সি, টি, বকল্যাণ্ড সাহেব।

১ নম্বর

বোর্ডের বিধিপুস্তকের ৩৫০ পৃষ্ঠায় ৮১ ও ৮২ নম্বরের এইক্ষণকার রেজিষ্টরের পরিবর্ত্তে নিম্ন-লিখিত সংশোধিত রেজিষ্টর পাঠ করিতে হইবে।

আবকারী লাইসেন্সের (৮১ নং) রেজিষ্টর।

১, লাইসেন্সের ক্রমিক নম্বর। ২, লাইসেন্সের তারিখ ও মিয়াদ। ৩, দোকান যে স্থানে আছে। ৪, বিক্রেতার কি লাইসেন্স প্রাপ্ত ব্যক্তির নাম। ৫, যত টাকা লাইসেন্স-ফী। ৬, ফীর যত টাকা অগ্রিম দেওয়া গেল। ৭, প্রত্যেক জন বিক্রেতা বৎসরের প্রত্যেক মাসে আবকারী মাসুলযোগ্য যত দ্রব্য ক্রয় করিলেন (এক২ মাসের স্বতন্ত্র ঘর করিতে হইবে)। ৮, মন্তব্য কথা।

মন্তব্য।—প্রত্যেক দ্রব্যের স্বতন্ত্র রেজিষ্টর রাখিতে হইবে। মহকুমার কর্ত্তৃপক্ষ আবকারী লাইসেন্স দিবার ক্ষমতাপন্ন হইলে তিনিই ঐ রেজিষ্টর রাখিবেন।

২। সংশোধিত রেজিষ্টরের পাঠ পাইবার জন্যে ষ্টেশনরির সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের নামে জিলার কর্ত্তৃপক্ষদের ইণ্ডেণ্ট করা উচিত। রাজকীয় কার্য্যসংক্রান্ত আগামি বৎসরের আরম্ভঅবধি ঐ রেজিষ্টরের ব্যবহার করা যাইবে।

২ নম্বর।

দেশীয় মদীরা যেং দ্রব্যেতে প্রস্তুত হইয়া থাকে সেই২ দ্রব্যের উপর মাসুল ধার্য্য করণের নিয়ম যেং জিলায় প্রচলিত হইবে, সেই ২ জিলায় গবর্ণমেণ্টের আদেশমতে ১৮৭৮ সালের আপ্রিল মাসের ১ তারিখ অবধি মহুয়া ও চুয়া ও গুড় ও খাজুর প্রভৃতি দেশীয় মদিরা চোয়াইবার ফলের উপর এই ২ হারে মাসুল লওয়া যাইবে।

মহুয়া	৫ টাকা
চুয়া	৬ ,,
গুড়	৭ ,,
খাজুর ও অন্য ২ ফল ...	৫ ,,

বোর্ডের আবকারী বিধি বিষয়ক অধ্যায়ের ১৩ পরিচ্ছেদে যে ২ হার লেখা আছে তৎপরিবর্ত্তে উক্ত হারের কথা লেখা উচিত।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, MARCH 26, 1878.

মঙ্গলবার ১৮৭৮ সাল ২৬ মার্চ।

PART VII.

Circular Orders of the High Court and Board of Revenue.

সপ্তম খণ্ড।

হাই কোর্টের ও রেবিনিউ বোর্ডের সরক্যুলর অর্ডর।

CIRCULAR ORDER ISSUED BY AUTHORITY OF THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

CRIMINAL.

No. 1, dated the 4th March 1878.

THE attention of Sessions Judges, and of Magistrates of the first class in the Lower Provinces of Bengal, and of the Presidency Magistrates in Calcutta, is drawn to the rules made by the Governor-General in Council under Section 22, Act V of 1876, and published at page 138, Part I, of the *Calcutta Gazette* of 20th February, by which the periods for which they may send youthful offenders to Reformatory Schools must be regulated.

2. The Court have learnt from the Government of Bengal that the preliminary arrangements for the introduction of the Reformatory Schools' Act in the Lower Provinces of Bengal are now complete; that the buildings for the Reformatory School to be established at Alipore for the reception and industrial training of juvenile offenders are ready for occupation, and that the Act has been formally extended to the Lower Provinces of Bengal from the 1st March. The instructions contained in Circular Memorandum No. 2, dated 20th May 1874, are therefore withdrawn. Officers must, however, bear in mind that the accommodation available in the Reformatory will be very limited, at least during 1878-79, provision having been made for the maintenance of only 50 boys in the institution during the ensuing financial year. It will therefore be necessary, before recording an order for sending a boy to the Reformatory School at Alipore, to inquire whether he can be received.

CIRCULAR ORDERS OF THE BOARD OF REVENUE, L. P.

FEBRUARY 1878.

H. L. DAMPIER, ESQ.

No. 3.

THE Government of Bengal having ordered the introduction into the revenue courts of the scale of remuneration for section-writing adopted by the civil courts, and it having been found that the rates prevailing in the two courts differ only in the case of vernacular copies, the charge in the civil courts being half an anna less than that levied in the revenue courts, the following alteration is made in clause 11, section VI, chapter XIII of Board's Rules:—

For "2 annas" *substitute* "1½-anna."

H. L. DAMPIER, ESQ.

AND

C. T. BUCKLAND, ESQ.

No. 4.

A QUESTION having arisen as to whether a general power-of-attorney is sufficient to enable a revenue agent to conduct proceedings under the Land Registration Act, the Board are of opinion that the rule laid down in Board's Rules, chapter XI, section 13, paragraph 8, page 188, which was prescribed with special reference to Act X suits, is hardly adapted to general application. The distinction that ought to be drawn is not between an agent appearing in judicial proceedings or otherwise, but between his discharging the functions of a general agent or of a revenue agent qualified and specially authorized to appear in court and plead, or otherwise perform acts for which pleaders, mooktears, and revenue agents are specially licensed.

[*Government Gazette*, *26th March* 1878.]

বঙ্গদেশস্থ কোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের সরকুলের অর্ডর।

ফৌজদারী।

১ নম্বর। ১৮৭৮ সাল ৪ মার্চ।

১৮৭৬ সালের ৫ আইনের ২২ ধারামতে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেবের প্রণীত যে বিধি ১৮৭৮ সালের ২৬ মার্চের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের ১ খণ্ডে প্রকাশ করা গেল, তৎপ্রতি বঙ্গ প্রভৃতি দেশের সেশন জজ সাহেবদের ও প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেট সাহেবদের ও কলিকাতার প্রেসিডেন্সী মাজিষ্ট্রেট সাহেবদের মনোযোগ করিবার আদেশ হইল। অল্প বয়স্ক অপরাধিদিগকে যত কালের নিমিত্ত চরিত্র সংশোধনালয়ে রাখিতে হইবে উক্ত বিধিতে এতদ্বিষয়ের বিধান হইয়াছে।

২। বঙ্গপ্রভৃতি দেশে চরিত্র সংশোধনালয় বিষয়ক আইন প্রচলিত করণের প্রথম স্থলীয় নিয়ম সকল সম্পন্ন করা গিয়াছে, ও ঐ চরিত্র সংশোধনালয় আলিপুরে স্থাপিত হইয়া অল্প বয়স্ক অপরাধিদিগকে গ্রাহ্য করিয়া শিল্পবিদ্যা শিক্ষা করাইবার গৃহাদি প্রস্তুত আছে, ও উক্ত আইন মার্চ মাসের ১ তারিখঅবধি বঙ্গপ্রভৃতি দেশে দাঁড়ামতে প্রচলিত করা গিয়াছে, এইং কথা হাই কোর্টের সাহেবেরা বঙ্গদেশের গবর্ণমেণ্টের নিকট অবগত হইয়াছেন। অতএব ১৮৭৪ সালের ২০ মের ২ নং স্মরণার্থ সরকুলরের যেং উপদেশ ছিল তাহা রহিত করা গেল। কিন্তু সেই চরিত্র সংশোধনালয়ে অন্ততঃ ১৮৭৮। ৭৯ সালে কএকমাত্র বালকের থাকিবার স্থান আছে, ও ঐ বৎসরে কেবল ৫০টি বালকের রক্ষণাবেক্ষণের নিয়ম করা গিয়াছে, কর্ত্তৃপক্ষেরা এই কথা মনে রাখিয়া আলিপুরের চরিত্র সংশোধনালয়ে কোন বালককে পাঠাইবার আজ্ঞা লিপিবদ্ধ করণের পূর্ব্বে তাহাকে গ্রাহ্য করা যাইতে পারে কি না ইহার সন্ধান লওয়া আবশ্যক।

বঙ্গপ্রভৃতি দেশের রেবিনিউ বোর্ডের সরকুলের অর্ডর।

১৮৭৮ সাল ফেব্রুয়ারি মাস।

শ্রীযুত এচ, এল, ডাম্পিয়র সাহেব।

৩ নম্বর।

দেওয়ানী আদালতে দেকপ্যান লিখিবার যে মেহনতানা যে হারে দেওয়া গিয়া থাকে, বঙ্গদেশের গবর্ণমেণ্ট রাজস্বের আদালতেও সেই হারে দিবার আজ্ঞা করিলেন। উক্ত দুই প্রকারের আদালতে কেবল দেশীয় ভাষায় নকল করিবার মেহনতানার কিছু বিশেষ দেখা যাইতেছে, অর্থাৎ রাজস্বের আদালতে যত পাওয়া গিয়া থাকে দেওয়ানী আদালতে তাহা হইতে দুই পয়সা কম পাওয়া যায়। এই কারণে বোর্ডের বিধিপুস্তকের ১৩ অধ্যায়ের ৬ পরিচ্ছেদের ১১ ধারা এই রূপে পরিবর্ত্তন করিতে হইবে,

"৵দুই আনা" এই কথার পরিবর্তে "৴.০ ছয় পয়সা" পড়িতে হইবে।

শ্রীযুত এচ, এল, ডাম্পিয়র সাহেব।

ও

শ্রীযুত সি, টি, বকলাণ্ড সাহেব।

৪ নম্বর।

রেবিনিউ এজেণ্ট আমমোক্তারনামা পাইলে, ঐ আমমোক্তারনামাক্রমে ভূমি রেজিষ্টরী করণ বিষয়ক আইনমতে তাঁহার কার্য্য চালাইবার প্রচুর ক্ষমতা থাকে কি না, এই প্রশ্ন উত্থিত হওয়াতে বোর্ডের সাহেবেরা এই অভিমত জানাইয়াছেন, ১০ আইনমত মোকদ্দমা বিশেষ প্রকারে লক্ষ করিয়া বোর্ডের বিধিপুস্তকের ২৮৭ পৃষ্ঠের ১১ অধ্যায়ের ১৩ পরিচ্ছেদের ৮ ধারার বিধি নির্দ্ধারিত হওয়াতে, সাধারণ স্থলে প্রায় খাটিতে পারে না। এই স্থলে এজেণ্ট আদালতের আনুষ্ঠানিক কার্য্য সম্পর্কে উপস্থিত হইলে বা অন্য কার্য্যসম্পর্কে উপস্থিত হইলে তাঁহার অবস্থার যে বিশেষ হয় তাহা ধরা উচিত নয়। কিন্তু প্রকৃত কথা এই যে, তিনি সাধারণ এজেণ্টের অর্থাৎ আমমোক্তারের কর্ম্ম নির্ব্বাহ করিতেছেন, না আদালতে উপস্থিত হইয়া সওয়াল জওয়াব করিতে কিম্বা উকীল ও মোক্তার ও রেবিনিউ এজেণ্টের যেং কর্ম্ম নির্ব্বাহ করণার্থে বিশেষ লাইসেন্স প্রাপ্ত হন সেইং কর্ম্ম নির্ব্বাহ করণার্থ ক্ষমতা পত্র ও বিশেষ অনুমতিপ্রাপ্ত রেবিনিউ এজেণ্টের কর্ম্ম করিতেছেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৮। ২৬ মার্চ।]

—

2. The Board therefore see no objection to an agent with a general power-of-attorney being allowed to present applications, under the Land Registration Act to produce witnesses for examination, supply information, &c.; but he should not be permitted, on the strength of his general power-of-attorney to address the court, plead, or otherwise argue the case in any way before the court, though he may, of course, be examined as a witness.

3. If, in a contested case or otherwise, it is desired that witnesses should be examinep or arguments addressed to the court on behalf of the applicant, or of the opposite party, a revenue agent must be appointed for that purpose by special power-of-attorney, which may be given by the general agent if his general power is so worded as to admit of it. There is no objection to an agent acting under a general power taking out a special power in his own name.

H. L. DAMPIER, Esq.

No. 5.

As the Board have no means of checking return No. XII, which contains settlements confirmed by the Commissioner, district officers are requested henceforward, in modification of circular order No. 2, of January 1867, to submit one copy of return No. XII to the Board and two to the Commissioner. The Commissioner will examine the return sent to him with the express object of seeing that every settlement which has been confirmed by him is entered in the statement. He will certify to that effect, and send on one copy with the certificate endorsed on it to the Board.

C. T. BUCKLAND, Esq.

No. 6.

THE Board having determined that licenses for the retail sale of opium shall be settled under the auction system in future in every district, including Calcutta and its suburbs, the following alterations are necessary in clause 2 of section III of the Board's Excise Rules :—

In the 4th line strike out the words "and opium."

In the 5th line strike out the words "opium and."

No. 7.

ADD, as a fresh condition in Excise License Form No. 15, given at page 14 of the appendix to the Board's Revised Excise Rules.

IIIA.—That he do not introduce any soluble saccharine matter into the distillery without a pass from the darogah, or add any flavouring material to the spirit between the time of its passing from the still and its being tested by the hydrometer.

No. 8.

THE following addition is made to the rules in section V of the Board's Revised Excise Rules :—

8. Proprietors of railway refreshment rooms must take out a retail license (in form 6A., Appendix A.) to authorise them to retail imported spirituous and fermented liquors. The fee for such licenses is Rs. 50 (fifty) per month to cover both sales on the premises to *bonâ fide* travellers by railway, and retail sales to outsiders.

[*Government Gazette*, 26*th March* 1878.]

২। কোন এজেণ্ট আমমোক্তারনামা পাইলে ভূমি রেজিষ্টরী করণ বিষয়ক আইনমতে দরখাস্ত উপস্থিত করিলেও, কিম্বা পরীক্ষা করণার্থে সাক্ষিদিগকে উপস্থিত করিলে, কি সন্ধান জ্ঞাত করিলেও তাঁহার ইত্যাদি কার্য্য করণ বিষয়ে বোর্ডের সাহেবেরা কোন আপত্তি দেখিতে পান না। কিন্তু আমমোক্তারনামা পাইয়াছেন বলিয়া, যদিও সাক্ষিস্বরূপ তাঁহার সাক্ষ্য লওয়া যাইতে পারে, তথাপি তাঁহার প্রতি আদালতে বক্তৃতা করিবার কি সওয়াল জওয়াব কি অন্য কোন প্রকারে আদালতের সম্মুখে মোকদ্দমা সম্পর্কীয় তর্কবিতর্ক করিবার অনুমতি দেওয়া উচিত নয়।

৩। কোন মোকদ্দমায় প্রতিবাদী থাকিলে কিম্বা স্থলান্তরেও সাক্ষিদের সাক্ষ্য গ্রহণ করা কিম্বা আদালতের নিকট দরখাস্তকারির বা বিপক্ষের পক্ষে তর্ক বিতর্ক করা উচিত জ্ঞান হইলে, সেই কার্য্যের নিমিত্ত বিশেষ মোক্তারনামার দ্বারা রেবিনিউ এজেণ্টকে নিযুক্ত করিতে হইবে। আমমোক্তারনামার কথাক্রমে যদি সাধারণ এজেণ্ট ঐ ক্ষমতা প্রদান করিতে পারেন, তবে তিনিই ঐ বিশেষ মোক্তারনামা দিতে পারিবেন। যে এজেণ্ট আমমোক্তারনামাক্রমে কর্ম্ম করেন তাঁহার নিজ নামে খাস মোক্তারনামা লওয়ার কোন আপত্তি নাই।

শ্রীযুত এচ এল ডাম্পিয়র সাহেব।

---

৫ নম্বর

১২ নম্বরের যে রিটর্ণে কমিশ্যনর সাহেবদের মঞ্জুর করা বন্দোবস্তের কথা আছে তাহার দোষ-দোষ ধরিতে বোর্ডের সাহেবদের কোন উপায় না থাকাতে, ১৮৬৭ সালের জানুয়ারি মাসের ২ নং সরক্যুলর অর্ডর সংশোধন করণ পূর্ব্বক জিলার কর্ত্তৃপক্ষদের প্রতি এই আদেশ হইল যে, তাঁহারা এই অবধি ১২ নং রিটর্ণের এককেতা বোর্ডে ও দুই কেতা কমিশ্যনর সাহেবের নিকট প্রেরণ করেন। কমিশ্যনর সাহেব যত বন্দোবস্ত মঞ্জুর করিয়াছেন ঐ বর্ণনাপত্রে প্রত্যেকটি লেখা গিয়াছে কি না ইহা জানিবার স্পষ্ট অভিপ্রায়ে তিনি আপনার নিকট প্রেরিত ঐ রিটর্ণ দেখিবেন, ও সেই মর্ম্মের সর্টিফিকট লিখিয়া পৃষ্ঠলিখিত সর্টিফিকট সহিত ঐ রিটর্ণের এক কেতা বোর্ডে পাঠাইবেন।

শ্রীযুত সি, টি, বকলাণ্ড সাহেব।

---

৬ নম্বর।

এই অবধি কলিকাতা ও শহরতলীস্থ প্রত্যেক জিলায় নীলামদ্বারা আফীন খুজরা বিক্রয় করিবার লাইসেন্সের বন্দোবস্ত করা যাইবে, বোর্ডের সাহেবেরা ইহা স্থির করাতে বোর্ডের আবকারী বিধির ৩ পরিচ্ছেদের ২ ধারা নিম্নলিখিতমতে পরিবর্ত্তন করা আবশ্যক।—

৪ চতুর্থ পংক্তিতে "ও আফীন" এই কথা ও

৫ পঞ্চম পংক্তিতে "আফীন ও" এই কথা ত্যাগ করিতে হইবে।

---

৭ নম্বর।

বোর্ডের সংশোধিত আবকারী বিধির ক্রোড়পত্রের ১৫ পৃষ্ঠায় আবকারী লাইসেন্সের ১৪ নং পাঠে এই নূতন নিয়ম সংযোগ করিতে হইবে।—

৩ ক। তিনি দারোগার ছাড়পত্র না পাইলে, শর্করযুক্ত গণনীয় কোন দ্রব্য ভাটীখানায় আনাইবেন না, ও ভাটীহইতে মদিরা যে সময়ে বাহির হয় ও হয়েড্রোমিটরদ্বারা যে সময়ে পরীক্ষা করা যায় ইহার মধ্য কোন সময়ে ঐ মদিরার স্বাদবর্দ্ধক কোন দ্রব্য দিবেন না।

---

৮ নম্বর।

বোর্ডের সংশোধিত আবকারী বিধির ৫ পঞ্চম পরিচ্ছেদে এই বিধি সংযোগ করিতে হইবে,।—

৮। রেলওয়ে ষ্টেশনে যাহারা আহারীয় দ্রব্যাদি বিক্রয় করিবার ঘর রাখেন, আমদানী করা উগ্র ও গাঁজলা শরাব খুজরা বিক্রয় করিবার অনুমতি প্রাপণার্থে তাঁহাদের (A ক্রোড়পত্রের ৬ ক পাঠে) খুজরা বিক্রয়ের লাইসেন্স লইতে হইবে। ঐ লাইসেন্সের ফী মাসে ৫০ টাকা, ও তাহার বলে যাঁহারা রেলওয়ে দ্বারা প্রকৃতই যাত্রীক তাঁহাদের নিকট সেই ঘরেই এবং বাহিরের লোকদের নিকটও খুজরা বিক্রয় হইতে পারিবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৮। ২৬ মার্চ।]

2. **Add the following as license form No. 6A., Appendix A. of the Board's Revised Excise Rules:—**

FORM No. 6A.

(SEE SECTION V, CLAUSE 8.)

License for the retail vend of imported spirituous and fermented liquors in a Railway Refreshment Room.

NOTE.—Counterpart of this license to be signed by the holder, and filed in the Collector's Office.

District
Number of license in Register No. 81
Name of vendor
Locality of vend

BE it known to all concerned that is authorized by the undersigned, Collector of , to sell, by retail, imported wines, spirits, and beer at the railway refreshment room situate at , in the district of , from the date of this license to the 31st March 18 .

It is required of the holder of this license, as a condition of its remaining in force, that he duly and faithfully perform and abide by the following articles: —

I.—That he pay to Government a monthly fee of Rs. 50 in the following instalments:—

Two months' fee at the time of engaging to take this license;

one month's fee on the ; and

one month's fee on the 1st of every succeeding month until the whole of the fees due on the license be paid.

II.—That all spirituous and fermented liquors sold under this license shall be brought from Calcutta or from other districts under pass, or purchased from a licensed wholesale dealer.

III.—That he do not sell under colour of this license any spirituous or fermented liquors manufactured in this country.

IV.—That he effect his sales only in the refreshment room for which the license is granted, and that he do not sell liquors in any other place or establish a second refreshment room without another separate license.

V.—That he do not sell liquor of any description to European soldiers except in the case of *boná fide* travellers by railway.

VI.—That he do not sell more than two imperial gallons or twelve quart bottles to any person at one time.

VII.—That he do not receive any wearing-apparel or other goods in barter for liquor.

VIII.—That he maintain peace and good order within the precincts of the said refreshment room.

IX.—That he do not wilfully adulterate or deteriorate any spirituous or fermented liquors sold by him, or sell the same knowing them to have been adulterated.

X.—That he produce for inspection, on demand of any Excise Officer above the rank of a head-constable or chupprassee, his license and his daily accounts, and that he do not prevent any Excise Officer of whatever grade from entering his shop at any hours of the day or night.

XI.—Upon a breach of any of the above conditions the license shall be forfeited.

COLLECTORATE OF ,
The 18 . *Collector.*

3. **The district officers should indent upon the Superintendent of Stationery for the new form.**

২। বোর্ডের সংশোধিত আবকারী বিধির A ক্রোড়পত্রের লাইসেন্সের ৬ ক নং পাঠ বলিয়া এই পাঠ লিখিতে হইবে,—

৬ ক নং পাঠ।

(৫ পরিচ্ছেদের ৮ ধারা দেখ।)

রেলওয়ে ষ্টেশনে আহারীয় দ্রব্যাদি বিক্রয়ার্থ ঘরে আমদানী করা উগ্র ও গাঁজলা শরাব খুচরা বিক্রয় করিবার লাইসেন্স।

মন্তব্য।—যিনি এই লাইসেন্স	জিলা।
পান ইহার অনুলিপি তাঁহার দ্বারা	৮১ নং রেজিষ্টরী বহীতে ঐ লাইসেন্সের নম্বর।
স্বাক্ষরিত হইয়া কালেক্টরী কাছা-	বিক্রেতার নাম।
রীতে রাখা যাইবে।	বিক্রয়ের স্থান।

এতদ্বিষয়ে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহারা সকলেই অবগত হউন যে, অমুক জিলার নিম্নলিখিত কালেক্টর সাহেব শ্রী অমুকের প্রতি এই লাইসেন্সের তারিখ অবধি অমুক সালের মার্চ মাসের ৩১ তারিখপর্য্যন্ত অমুক জিলার অন্তর্গত অমুক স্থানের রেলওয়ে ষ্টেশনে আহারীয় দ্রব্যাদি বিক্রয় করণের ঘরে আমদানী করা ওয়াইন ও মদিরা ও বীর শরাব খুচরা বিক্রয় করিতে অনুমতি দিয়াছেন।

এই লাইসেন্স প্রবল থাকার একটি নিয়মস্বরূপ প্রয়োজন এই যে ঐ লাইসেন্স প্রাপ্ত ব্যক্তি উপযুক্তমতে ও বিশ্বস্তভাবে নিম্নলিখিত সকল নিয়ম পালন করেন ও তদনুসারে কার্য্য করেন।

১ প্রথম।—তিনি গবর্ণমেণ্টে মাসে২ ৫০ টাকা ফী নিম্নলিখিত কিস্তি করিয়া দিবেন।

এই লাইসেন্স লইবার করার করণ সময়ে দুই মাসের ফী ও অমুক তারিখে এক মাসের ফী। তৎপরে এই লাইসেন্সের নিমিত্ত যত ফী বাকী থাকে তাহা সমুদয় শোধ না হওন পর্য্যন্ত প্রতি মাসের প্রথম দিনে এক মাসের ফী দিবেন।

২ দ্বিতীয়।—এই লাইসেন্সমতে যে সকল উগ্র ও গাঁজলা শরাব বিক্রয় করা যায় তাহা ছাড়পত্রক্রমে কলিকাতা বা অন্য জিলাহইতে আনা যাইবে কিম্বা লাইসেন্স প্রাপ্ত থোকে বিক্রেতার স্থানে ক্রয় করিয়া আনা যাইবে।

৩ তৃতীয়।—এই লাইসেন্সের বলছলে তিনি এই দেশের চোয়ান কোন উগ্র কি গাঁজলা শরাব বিক্রয় করিবেন না।

৪ চতুর্থ।—রেলওয়ে ষ্টেশনের যে ঘরে বিক্রয় করিবার নিমিত্ত এই লাইসেন্স দেওয়া যায়, তিনি কেবল সেই ঘরে মদিরা বিক্রয় করিবেন অন্য কোন স্থানে নয়, ও পৃথক অন্য লাইসেন্স না লইয়া ঐ আহারীয় দ্রব্যাদি বিক্রয়ের অন্য ঘর স্থাপন করিবেন না।

৫ পঞ্চম।—ইউরোপীয় সৈন্যেরা প্রকৃতপ্রস্তাবে রেলওয়ে যাত্রী না হইলে, কোন ইউরোপীয় সৈন্যের নিকট কোন প্রকারের মদ বিক্রয় করিবেন না।

৬ ষষ্ঠ—একি সময়ে কোন ব্যক্তির নিকট দুই ইম্পিরিয়ল গ্যালনের বা ১২ বারো কুয়ার্ট বোতলের অধিক বিক্রয় করিবেন না।

৭ সপ্তম।—মদের নিমিত্ত পরিধেয় বস্ত্র বা অন্য দ্রব্য বিনিময় করিয়া লইবেন না।

৮ অষ্টম।—উক্ত আহারীয় দ্রব্য বিক্রয়ের ঘরে শান্তি ও সুধারা রক্ষা করিবেন।

৯ নবম।—যে উগ্র কি গাঁজলা শরাব বিক্রয় করেন তাহার মধ্যে ইচ্ছা করিয়া অন্য দ্রব্য মিশ্রিত করিবেন না বা তাহা অপকৃষ্ট করিবেন না ও মদিরার মধ্যে অন্য দ্রব্য মিশ্রিত হইয়াছে জানিয়া তাহা বিক্রয় করিবেন না।

১০ দশম।—হেড কনষ্টাবলের কি চাপরাশীর ঊর্দ্ধ শ্রেণীর কোন আবকারী কর্ম্মকারক তাঁহার লাইসেন্স ও দৈনিক হিসাব দেখিতে চাহিলে তাহা দেখাইবেন ও কোন শ্রেণীর আবকারী কোন কর্ম্মকারককে দিনের বা রাত্রির কোন সময়ে আপন দোকানে যাইতে বারণ করিবেন না।

১১ একাদশ।—পূর্ব্বোক্ত কোন নিয়ম ভঙ্গ হইলে এই লাইসেন্স বাতিল হইবে।

অমুক জিলার কালেক্টরী।
সাল　　তারিখ

কালেক্টর।

৩। ষ্টেশনদিগের সুপারিন্টেণ্ডেণ্ট সাহেবের নিকট জিলার কর্ত্তৃপক্ষদের ঐ নূতন পাঠের নিমিত্ত ইণ্ডেণ্টপত্র পাঠান উচিত।

No. 9.

OFFICERS entitled to indent for printed forms on the Superintendent of Stationery are informed that their indents for such forms should be sent to the Stationery Office at the time mentioned in the following list, *e.g.* all forms prescribed by the Board should be indented for in February, those prescribed by the High Court in June, those prescribed by the Bengal Police Department in July, and so forth. The indent should cover a year's supply.

Time of submission of indent to the Superintendent of Stationery.	Description of forms.
January	Sanitary and Ecclesiastical.
February	Board's forms.
March	Accountant-General of Bengal's forms.
April	Director of Public Instruction's forms. Special forms for heads of offices in the mofussil.
May	Special forms for heads of offices at the Presidency.
June	High Court.
July	Bengal Police.
August	Jail Code.
September	Registration. Road Cess, and Road Fund.
October	Public Works Correspondence, Meteorological, and Stamps.
November	Customs, Bengal Superintending Engineers, Emigration, and Assam.
December	Government of Bengal, Executive.

No. 10.

THE Government of Bengal having approved of the transfer. to the Superintendent and Remembrancer of Legal Affairs, of the check hitherto exercised by the Board over the action of Collectors in the matter of realization of stamp fees in pauper suits, the divisional and district officers are informed that the submission to this office of the quarterly return No. XXIB., prescribed by the Board's Circular order No. 1, of April 1867, should be discontinued, and that in future they should be guided by the instructions which may be issued to them by the Legal Remembrancer on the subject.

C. T. BUCKLAND, ESQ.
AND
H. L. DAMPIER, ESQ.

No. 11.

IN modification of the orders contained in circular order No. 3, of April 1876, it is notified that a mooktarnama or vakalutnama filed for the conduct of any case before a revenue court, and duly stamped as provided in that article, may be held to convey authority to take back any document which has been filed in the proceedings of the case by the person or agent holding the mooktarnama or vakulatnama, unless the presiding officer sees reason to call for a fresh mooktarnama or vakalutnama for this purpose.

C. T. BUCKLAND, ESQ.

No. 12.

DISTRICT OFFICERS should indent upon the Superintendent of Stationery for the form of promissory note prescribed in clause 20, section III of the Board's Revised Excise Rules.

[*Government Gazette, 26th March* 1878.]

৯ নম্বর।

যে সকল কর্তৃপক্ষের প্রতি ষ্টেশনরির সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের স্থানে ছাপা করা কোন পাঠ আনাইবার অধিকার আছে, তজ্জন্যে তাঁহাদের ইণ্ডেণ্টপত্র নিম্নলিখিত ফর্দ্দের নির্দ্দিষ্ট সময়ে ষ্টেশনরি আফিসে পাঠাইতে হইবে। যথা, বোর্ডের নির্দ্ধারিত সকল পাঠের ইণ্ডেণ্টপত্র ফেব্রুয়ারি মাসে, হাই কোর্টের নির্দ্ধারিত পাঠের ঐ পত্র জুন মাসে, বঙ্গীয় পোলীস কর্ম্মবিভাগের ঐ পত্র জুলাই মাসে প্রভৃতি। যত খানিতে এক বৎসর কুলাইবে ততখানির নিমিত্ত ইণ্ডেণ্ট করিতে হইবে। ।

ষ্টেশনরির সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের নিকট ইণ্ডেণ্টপত্র যে সময়ে পাঠাইতে হইবে।	যে প্রকারের পাঠ।
জানুয়ারি	স্বাস্থ্য সম্বন্ধীয় ও ইক্লিসিয়াষ্টিকল।
ফেব্রুয়ারি	বোর্ডের নির্দ্ধারিত পাঠ।
মার্চ	বঙ্গদেশের আকৌণ্টেণ্ট জেনরল সাহেবের নির্দ্ধারিত পাঠ।
আপ্রিল	সাধারণের শিক্ষা সংক্রান্ত ডাইরেকটর সাহেবের নির্দ্ধারিত পাঠ। মফঃসলদেশে নানা আফিসের প্রধান কর্ম্মকারকদের বিশেষ পাঠ।
মে	রাজধানীর নানা আফিসের প্রধান কর্ম্মকারকদের বিশেষ পাঠ।
জুন	হাই কোর্টের।
জুলাই	বঙ্গীয় পোলীসের।
আগষ্ট	জেলের আইন সম্পর্কীয়।
সেপ্টেম্বর	রেজিষ্টরী করণ সম্পর্কীয় ও পথকর ও পথের তহবীল সম্পর্কীয়।
অক্টোবর	পবলিক ওর্কসের পত্রাদি সম্পর্কীয় ও মেটিয়রলজি ও ইষ্টাম্প সম্পর্কীয়।
নবেম্বর	কষ্টম ও বঙ্গদেশের সুপরিন্টেণ্ডিং ইঞ্জিনিয়রদের ও ভিন্ন দেশে গমন ও আসাম সম্পর্কীয়।
ডিসেম্বর	বঙ্গদেশের গবর্ণমেণ্টের কর্তৃত্ব কার্য্য নির্ব্বাহ করণ সম্পর্কীয়।

১০ নম্বর।

পাপরের মোকদ্দমায় ইষ্টাম্প ফী আদায় করণ সম্পর্কে কালেক্টর সাহেবেরা যে কার্য্য করেন বোর্ডের সাহেবেরা তাহার দোষাদোষ নিরূপণ কার্য্য করিয়া আসিতেন। এইক্ষণে বঙ্গদেশের গবর্ণমেণ্ট আইন সম্পর্কীয় কার্য্যের তত্ত্বাবধারক ও প্রয়োজক সাহেবের প্রতি সেই কার্য্যের ভার অর্পণ করণের অনুমোদন করাতে, দেশখণ্ডের ও জিলার কর্তৃপক্ষদিগকে এইকথা জ্ঞাত করা যাইতেছে, বোর্ডের ১৮৬৭ সালের আপ্রিল মাসের ১ নং সরকুলর অর্ডর ক্রমে ২১ B নম্বরের যে ত্রৈমাসিক রিটর্ণ এই আফিসে পাঠাইবার আজ্ঞা ছিল তাহা রহিত করা যাইবে। এই অবধি তাঁহারা এতদ্বিষয়ে আইন সংক্রান্ত কার্য্যের প্রয়োজক সাহেবের স্থানে যে উপদেশ পান তদনুসারে কার্য্য করিবেন।

শ্রীযুত সি, টি, বকলাণ্ড সাহেব।

ও

শ্রীযুত এচ, এল, ডাম্পিয়র সাহেব।

১১ নম্বর।

১৮৭৬ সালের আপ্রিল মাসের ৩ নং সরকুলর অর্ডরে যে আজ্ঞা ছিল তাহা মতান্তর করণ পূর্ব্বক এই কথা জ্ঞাত করা যাইতেছে। রাজস্বের আদালতের সম্মুখে কোন মোকদ্দমা চালাইবার নিমিত্ত যে মোক্তার নামা কি ওকালৎনামা অর্পণ করা যায়, উক্ত প্রকরণের নির্দ্দিষ্টমতে তাহাতে নিয়মিত ইষ্টাম্প দেওয় গেলে, ঐ মোক্তারনামা কি ওকালৎনামা প্রাপ্ত যে ব্যক্তি বা এজেণ্ট মোকদ্দমার কার্য্যানুষ্ঠান কালে কোন দলীল দাখিল করেন, ঐ মোক্তারনামার বা ওকালৎনামার বলে তাঁহার সেই দলীল ফিরিয়া লইবারও ক্ষমতা আছে বলিয়া জ্ঞান হইবে। কিন্তু প্রধান কর্তৃপক্ষ শেষোক্ত কার্য্যের নিমিত্ত নূতন মোক্তারনামা বা ওকালৎনামা আনাইবার কারণ দেখিতে পাইলে তাহা আনাইতে পারিবেন।

শ্রীযুত সি, টি, বকলাণ্ড সাহেব।

১২ নম্বর।

বোর্ডের সংশোধিত আবকারী বিধির ৩ তৃতীয় পরিচ্ছেদের ২০ ধারায় যে খৎ লিখিয়া দিবার বিধান হইয়াছে, ষ্টেশনরির সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের স্থানে জিলার কর্তৃপক্ষদের সেই খতের পাঠ আনান কর্ত্তব্য।

JOHN ROBINSON, *Bengali Translator.*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৮। ২৬ মার্চ।]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, APRIL 2, 1878.

মঙ্গলবার ১৮৭৮ সাল ২ আপ্রিল।

PART VII.

Circular Orders of the High Court and Board of Revenue.

সপ্তম খণ্ড।

হাই কোর্টের ও রেবিনিউ বোর্ডের আজ্ঞাপত্র।

CIRCULAR ORDERS ISSUED BY AUTHORITY OF THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

CIVIL.

No. 11, *dated the 6th March* 1878.

District Judges are reminded that any cash belonging to an intestate's estate, which may be received in Court, from whatever source derived, must be paid into the treasury at once, and that no such cash must be allowed to remain in the hands of their Nazirs.

2. On the receipt of unclaimed property of persons dying intestate, the Nazir must make the requisite entries in the register prescribed in paragraph 35 of the Account Rules, and these entries must be compared with the police chalan by the sheristadar and the accountant. If cash be part of the property, or if part of the property, being perishable, be sold before expiry of the year prescribed by law, such cash or sale proceeds must, after entry in the register referred to, be put in deposit till the time arrives for paying them over to claimants or crediting them to Government.

3. When any property in the custody of the Court is sold, the sale account must invariably be checked with the Register by the Sheristadar and the Accountant, and the Judge must from time to time test the work of his subordinates by personally examining the sale accounts in some cases taken at random.

No. 12, *dated the 9th March* 1878.

With reference to Section 2, Act X of 1877, which enacts that every Court of Small Causes shall, for the purposes of that Code, be deemed to be subordinate to the District Court, the Court direct that all communications, including the monthly returns, from Small Cause Courts to the High Court, be submitted in the first instance to the District Judge, to whom the Small Cause Court is subordinate.

No. 13, *dated the 15th March* 1878.

THE attention of all Judges, and of the Civil authorities subordinate to them in the Province of Assam, is drawn to the Revised Rules drawn up by the Court under Clause 1, Section 20, of the Court Fees Act. 1870, notified in the *Assam Gazette* of the 8th instant.

2. Immediate effect must be given to these rules, copies of which are forwarded for distribution.

These Rules having been confirmed by the Local Government and sanctioned by the Governor-General in Council, were published in the "Calcutta Gazette" on the 6th February 1878.

I.—Revised Rules framed by the High Court of Judicature at Fort William in Bengal, in accordance with Clause I, Section 20, of the Court Fees Act of 1870, declaring the Fees chargeable for Serving and Executing Processes issued by the High Court in its Appellate Jurisdiction, and by the other Civil and Revenue Courts established within the limits of such Jurisdiction.

RULE I.—The fees exhibited in the following table shall be charged for serving and executing the several processes against which they are respectively ranged :—

TABLE OF FEES.

PART I.—In the High Court, Appellate Jurisdiction—

	Proper Fees. Rs. A. P.
Article 1.—Summons to defendants, notice of appeal, or other notice to respondents, when the defendants or respondents are not more than four in number, *one fee*...	3 0 0

When such defendants or respondents are more than four in number, then the fee above mentioned for the first four, and an additional fee of 8 annas for every such person in excess of four.

	Rs. A. P.
Article 2.—Summons to witnesses, when the witnesses named therein are not more than four in number, *one fee* ...	3 0 0

When such witnesses are more than four in number, then the fee above mentioned for the first four, and an additional fee of 8 annas for every such witness in excess of four.

[*Government Gazette*, 2nd *April* 1878.]

বঙ্গদেশস্থ কোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের আজ্ঞাক্রমে প্রকাশিত দেওয়ানী সরকুলার অর্ডর।

দেওয়ানী।

১১ নম্বর।—১৮৭৮ সাল ৬ মার্চ।

কোন ব্যক্তি উইল না লিখিয়া মরিলে তাঁহার সম্পত্তির অন্তর্গত নগদ টাকা, যে কোন রূপে উৎপন্ন হউক, আদালতে জমা গেলেই তাহা একবারে খাজানাখানায় দিতে হইবে, নাজীরদের হাতে নগদ থাকিতে দিতে হইবে না, এই কথা জিলার জজ সাহেবদিগকে স্মরণ করাণ যাইতেছে।

২। কোন ব্যক্তি উইল না লিখিয়া মরিলে ও তাঁহার সম্পত্তির দাওয়াদার না থাকিলে তাহা প্রাপ্ত হওয়া গেলে, নাজীর হিসাব বিষয়ক বিধির ৩৫ ধারার নির্দ্দিষ্ট রেজিষ্টরী বহীতে প্রয়োজনমত কথা লিখিবেন, ও সিরিশতাদার ও হিসাবনবীস পোলীসের চালানের সঙ্গে ঐ লিখিত কথা মিলাইয়া দেখিবেন। ঐ সম্পত্তির একাংশ নগদ টাকা হইলে, কিম্বা সম্পত্তির কোন অংশ কাঁচা দ্রব্য হইয়া আইনের নির্দ্ধারিত বৎসরের অবসানের পূর্ব্বে বিক্রয় করা গেলে, সেই নগদ কি বিক্রয়োৎপন্ন টাকা পূর্ব্বোক্ত রেজিষ্টরী বহীতে লেখা গেলে পর, দাওয়াদারদিগকে দিবার কিম্বা গবর্ণমেণ্টের নামে জমা করিয়া লইবার সময় না হওন পর্য্যন্ত গচ্ছিত থাকিবে।

৩। আদালতে গচ্ছিত কোন সম্পত্তি নীলাম করা গেলে, সিরিশতাদার ও হিসাবনবীস রেজিষ্টরী বহীর সঙ্গে নীলামের হিসাব মিলাইয়া দেখিবেন। ও জজ সাহেব সন্ধানবিনা কোন এক নীলামের হিসাব বীজে পরীক্ষা করিয়া দেখিয়া আপন অধীন কর্ম্মকারকদের কার্য্যের পরীক্ষা করিবেন।

---

১২ নম্বর।—১৮৭৮ সালের ৯ মার্চ।

দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক ১৮৭৭ সালের ১০ আইনের কার্য্য পক্ষে ক্ষুদ্র মোকদ্দমার প্রত্যেক আদালত জিলার আদালতের অধীন বলিয়া জ্ঞান হইবে, ঐ আইনের ২ ধারার এই বিধান উপলক্ষে হাই কোর্টের সাহেবেরা এই আজ্ঞা করিলেন, ক্ষুদ্রমোকদ্দমার আদালত মাসিক রিটর্নসুদ্ধ যে সকল পত্রাদি হাই কোর্টে পাঠাইবেন, ঐ আদালত যে জিলার জজ সাহেবের অধীন হন প্রথমে তাঁহার সম্মুখে তাহা অর্পণ করিবেন।

---

১৩ নম্বর, ১৮৭৮ সাল ১৫ মার্চ।

হাই কোর্ট, আদালতের রসুম বিষয়ক ১৮৭০ সালের আইনের ২০ ধারার ১ প্রকরণমতে এই মাসের ৯ তারিখের আসাম গেজেটে প্রকাশিত যে সংশোধিত বিধি প্রণয়ন করিলেন তৎপ্রতি আসাম প্রদেশের জজ সাহেবদের ও তদধীন দেওয়ানী কর্ত্তৃপক্ষদের মনোযোগ করাণ যাইতেছে।

২। উক্ত সকল বিধিমতে অবিলম্বে কার্য্য করিতে হইবে। তাহার অনুলিপি বিতরণের নিমিত্ত প্রেরণ করা গেল।

এই সকল বিধি স্থানীয় গবর্ণমেণ্ট স্থির রাখাতে মহামান্যাধিষ্ঠিত শ্রীযুত গবর্নর জেনরল সাহেবের অনুমোদনক্রমে ১৮৭৮ সালের ফেব্রুয়ারি মাসের ১৯ তারিখের বাঙ্গালা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ করা গিয়াছে।

১।—আপীলী মোকদ্দমার বিচার করণের এলাকা সম্পর্কে হাই কোর্টহইতে ও সেই এলাকার সীমার মধ্যে স্থাপিত অন্য দেওয়ানী ও মাল আদালতহইতে যে পরওয়ানা বাহির হয় তাহা দিবার ও জারী করিবার যত ফী লওয়া যাইবে, এই বিষয়ে বঙ্গদেশস্থ কোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্ট, আদালতের রসুম বিষয়ক ১৮৭০ সালের আইনের ২০ ধারার ১ প্রকরণমতে এইং সংশোধিত বিধি প্রণয়ন করিলেন।

১ ধারা।—নিম্নলিখিত নিরূপণপত্রে যে পরওয়ানার পার্শ্বে যত টাকা ফী লেখা আছে সেই পরওয়ানা বাহির করিয়া জারী করিবার নিমিত্ত তত ফী লাগিবে।

ফীর নিরূপণপত্র।

প্রথম ভাগ।—আপীলী মোকদ্দমার বিচার করিবার এলাকা সম্পর্কে হাই কোর্টে

উপযুক্ত ফী।

টাকা।

১ প্রকরণ।—চারি জনের অধিক প্রতিবাদী কিম্বা রেস্পাণ্ডেণ্ট না থাকিলে, প্রতিবাদিদের নামে সমনের ও রেস্পাণ্ডেণ্টদের নামে আপীলের বা অন্য নোটিসের একই ফী .. ৩৲

চারি জনের অধিক প্রতিবাদী কি রেস্পাণ্ডেণ্ট থাকিলে প্রথম চারি জনের নিমিত্ত উপরোক্ত ফী, ও চারি জনের অতিরিক্ত প্রত্যেক ব্যক্তির নিমিত্তে আর ৷৷০ আনা ফী।

২ প্রকরণ —চারি জনের অধিক সাক্ষী না থাকিলে, সাক্ষিদের নামে সমনের একই ফী ৩৲

চারি জনের অধিক সাক্ষী থাকিলে প্রথম চারি জনের নিমিত্ত উপরোক্ত ফী, ও চারি জনের অতিরিক্ত প্রত্যেক সাক্ষির নিমিত্তে আর ৷৷০ আট আনা ফী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৮। ২ আপ্রিল।]

Article 3.—Every commission to make a local investigation or to take evidence, or for any other purpose—

	Rs. A. P.
(*a*) in respect of the commission	3 0 0
(*b*) in respect of the remuneration of the Commissioner, *i.e.*, person who is to execute the commission, *per diem*	Such sum as the Court may direct.

Note.—A sum sufficient to cover the daily fee (*b*) for such period as may be fixed by the Court for the purpose of executing the commission must be paid in addition to the fee (*a*) at the time when the commission is issued; and, if the commission is not completely executed within the period so fixed, a further sum, sufficient to cover the daily fee (*b*) for the excess period extending from the end of that fixed period up to, and inclusive of, the date of the complete execution of the commission, must be paid before the Commissioner's report or other return to the commission is used.

	Rs. A. P.
Article 4.—Every warrant for arrest of the person ...	3 0 0
Article 5.—Every rule, notice, proclamation, injunction, or other order not specified in any preceding article of this part	3 0 0

Part II.—In the Courts of Judges and Subordinate Judges, and in the Revenue Courts when the suit in the Revenue Courts in which the process is issued is valued at a sum exceeding Rs. 1,000—

	Rs. A. P.
Article 1.—Summons to defendants, notice of appeal, or other notice to respondents, when the defendants or respondents are not more than four in number, *one fee*	2 0 0

When such defendants or respondents are more than four in number, then the fee abovementioned for the first four, and an additional fee of 8 annas for every such person in excess of four.

	Proper Fees. Rs. A. P.
Article 2.—Summons to witnesses, when the witnesses are not more than four in number, *one fee*	2 0 0

When such witnesses are more than four in number, then the fee above mentioned for the first four, and an additional fee of 8 annas for every such witness in excess of four.

Article 3.—Every commission to make a local investigation or to take evidence, or for any other purpose—

	Rs. A. P.
(*a*) in respect of the commission	2 0 0
(*b*) in respect of the remuneration of the Commissioner, *i.e.*, person who is to execute the commission, if such person be an officer of Government specially appointed for the purpose, *per diem*	3 0 0

Note.—A sum sufficient to cover the daily fee (*b*) for such period as may be fixed by the Court for the purpose of executing the commission must be paid in addition to the fee (*a*) at the time when the commission is issued; and, if the commission is not completely executed within the period so fixed, a further sum, sufficient to cover the daily fee (*b*) for the excess period extending from the end of that fixed period up to, and inclusive of, the date of the complete execution of the commission, must be paid before the Commissioner's report or other return to the commission is used.

Article 4.—Every process of attachment of property by actual seizure—

	Rs. A. P.
(*c*) in respect of the warrant of attachment	2 0 0
(*d*) in respect of each man, necessary to effect the attachment and also to ensure safe custody, when such man is to be left actually in possession, *per diem*	0 6 0

Note.—The daily fee (*d*) is to be paid at the time of obtaining the process for so many days as the Court shall order, not being ordinarily less than 15 days, and the number of days required for the coming and going of the officer; but where the officer is not to be left in possession, then the daily fee (*d*) is to be paid only for the time to be occupied by the officer going, effecting the attachment, and returning. When the inventory filed by the judgment-creditor shows the property to be of such small value that the expense of keeping it in custody may probably exceed the value, the Court shall fix the fee with reference to the provisions of section 269 of the Code of Civil Procedure of 1877.

[*Government Gazette, 2nd April* 1878.]

৩ প্রকরণ।—স্থানবিশেষে তদারক করিবার কি সাক্ষ্য লইবার কি অন্য কার্য্যের নিমিত্ত কমিশ্যন বাহির হইলে, — টাকা।

(ক) ঐ কমিশ্যনের নিমিত্ত ... ৩৲

(খ) আমীনের, অর্থাৎ কমিশ্যনমতে কার্য্য করিবার নিমিত্ত যে ব্যক্তিকে নিযুক্ত করা যায়, দিন প্রতি তাঁহার মেহনৎআনা ... আদালত যত টাকা নিরূপণ করেন।

মন্তব্য।—কমিশ্যন দিবার সময়ে (ক) চিহ্নিত কথার পার্শ্বলিখিত ফী ছাড়া কোর্ট ঐ কমিশ্যনমতে কার্য্যনির্ব্বাহ করিবার যত দিন নিরূপণ করেন তত দিনের নিমিত্ত (খ) চিহ্নিত দৈনিক ফীর উপযুক্ত টাকা দিতে হইবে। আর সেই নিরূপিত কালের মধ্যে কমিশনমত সমুদয় কার্য্য সমাপ্ত না হইলে, ঐ নিরূপিত সময়ের শেষ অবধি কমিশ্যনমত কার্য্য সমাপ্ত করিবার তারিখ ধরিয়া সেই তারিখ পর্য্যন্ত (খ) চিহ্নিত দৈনিক ফীর উপযুক্ত ঐ টাকা দিতে হইবে। না দেওয়া গেলে আমীনের রিপোর্টের কিম্বা কমিশ্যনমতে অন্য ফেরৎ পত্রের ব্যবহার হইতে পারিবে না।

৪ প্রকরণ।—ব্যক্তিকে ধরিয়া আনিবার প্রত্যেক পরওয়ানার ... ৩৲

৫ প্রকরণ।—এই ভাগের পূর্ব্ব কোন প্রকরণে যাহা নির্দ্দিষ্ট নাই এমত প্রত্যেক বিধির ও নোটিসের ও ঘোষণাপত্রের ও নিষেধ আজ্ঞার ও অন্য আজ্ঞার ... ৩৲

২ দ্বিতীয় ভাগ।—জজ সাহেবদের ও সবর্ডিনেট জজদের আদালতে, এবং উপস্থিত করা যে মোকদ্দমায় পরওয়ানা বাহির হয় তাহার মূল্য ১০০০৲ টাকার অধিক ধরা গেলে সেই মাল আদালতেও।

১ প্রকরণ।—চারি জনের অধিক প্রতিবাদী কি রেস্পাণ্ডেণ্ট না থাকিলে, প্রতিবাদিদের নামে সমনের ও রেস্পাণ্ডেণ্টদের নামে আপীলের বা অন্য নোটিসের একি ফী ... ২৲

চারি জনের অধিক প্রতিবাদী কি রেস্পাণ্ডেণ্ট থাকিলে প্রথম চারি জনের নিমিত্ত উপরোক্ত ফী ও চারি জনের অতিরিক্ত প্রত্যেক ব্যক্তির নিমিত্ত আর ৷৷० আট আনা ফী।

২ প্রকরণ।—চারি জনের অধিক সাক্ষী না থাকিলে সাক্ষীদের নামে সমনের একি ফী ... ২৲

চারি জনের অধিক সক্ষী থাকিলে প্রথম চারি জনের নিমিত্ত উপরোক্ত ফী ও চারি জনের অতিরিক্ত প্রত্যেক সাক্ষীর নিমিত্তে আর ৷৷० আট আনা ফী।

৩ প্রকরণ।—স্থানবিশেষে তদারক করিবার কিম্বা সাক্ষ্য লইবার কি অন্য কার্য্যের নিমিত্ত যে প্রত্যেক কমিশ্যন দেওয়া যায়,

(ক) ঐ কমিশ্যনের নিমিত্ত ... ২৲

(খ) আমীনের, অর্থাৎ কমিশ্যনমতে কার্য্য করিবার নিমিত্ত যে ব্যক্তিকে নিযুক্ত করা যায় তিনি সেই কার্য্যের নিমিত্ত গবর্ণমেণ্টের বিশেষমতে নিযুক্ত কর্ম্মকারক হইলে, দিন প্রতি তাঁহার মেহনৎ আনা ... ৩৲

মন্তব্য।—কমিশ্যন দিবার সময়ে (ক) চিহ্নিত কথার পার্শ্বলিখিত ফী ছাড়া কোর্ট ঐ কমিশ্যনমতে কার্য্য নির্ব্বাহ করিবার যত দিন নিরূপণ করেন তত দিনের নিমিত্ত (খ) চিহ্নিত দৈনিক ফীর উপযুক্ত টাকা দিতে হইবে। সেই নিরূপিত কালের মধ্যে কমিশ্যনমত সমুদয় কার্য্য সমাপ্ত না হইলে, ঐ নিরূপিত সময়ের শেষ অবধি কমিশ্যনমত কার্য্য সমাপ্ত করিবার তারিখ ধরিয়া সেই তারিখপর্য্যন্ত (খ) চিহ্নিত দৈনিক ফীর উপযুক্ত ঐ টাকা দিতে হইবে, না দেওয়া গেলে আমীনের রিপোর্টে কিম্বা কমিশ্যনমতে অন্য ফেরৎ পত্রের ব্যবহার হইতে পারিবে না।

৪ প্রকরণ।—হস্তগতকরণ দ্বারা সম্পত্তি ক্রোক করিবার প্রত্যেক পরওয়ানা— টাকা।

(গ) ক্রোকী পরওয়ানার নিমিত্ত ... ২৲

(ঘ) ক্রোক সফল করিবার জন্যে যত ব্যক্তির আবশ্যক, ও ঐ সম্পত্তি নির্ব্বিঘ্নে রাখিবার জন্যে যে ব্যক্তিদের জিম্মায় দিয়া রাখা যায় তাঁহাদের প্রত্যেক জনের রোজ ... ।৴০

মন্তব্য।—সমান্যতঃ পনের দিনের কম না হয় আদালত এমত যত দিনের আজ্ঞা করেন পরওয়ানা পাইবার সময়ে তত দিনের ও কর্ম্মচারির যাইবার ও আসিবার জন্যে যত দিন লাগিবে তত দিনের নিমিত্তে দিন প্রতি (ঘ) চিহ্নিত কথার পার্শ্বলিখিত ফী দিতে হইবে কিন্তু উক্ত কর্ম্মচারির জিম্মার সম্পত্তি রাখা না গেলে কর্ম্মচারির যাইবার ও ক্রোক করিবার ও ফিরিয়া আসিবার নিমিত্তে যত দিন লাগে কেবল তত দিনের নিমিত্তে দিনপ্রতি (ঘ) চিহ্নিত কথার পার্শ্ব লিখিত ফী দিতে হইবে। ডিক্রীমত মহাজন যে ফর্দ্দ দাখিল করেন যদি তদ্দ্বারা দেখা যায় যে, সম্পত্তির মূল্য অতি অল্প হওয়াতে ঐ মূল অপেক্ষা জিম্মায় রাখিবার খরচ অধিক হইবার সম্ভাবনা, তবে আদালত দেওয়ানী মোকদ্দমার কার্য্য প্রণালী বিষয়ক ১৮৭৭ সালের আইনের ২৬৯ ধারার বিধানক্রমে ঐ ফী ধার্য্য করিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৮। ২ আপ্রিল।]

Proper Fees.
Rs. A. P.

Article 5.—Every process in execution of a decree by the arrest of the person 10 0 0

Article 6.—Every order for the sale of property, other than an order for the sale of distrained property under Act VIII of 1869, Bengal Council—

(*e*) in respect of the order of sale 2 0 0

(*f*) by way of poundage on the gross amount realized by the sale up to Rs. 1,000 ... ... 2 per cent.

together with a further fee on all excess of gross proceeds beyond Rs. 1,000 of ... ... 1 ,,

Note.—The portion (*e*) of this fee must be paid when the process is obtained, and the poundage (*f*) must be paid at the time of making the application for payment of the proceeds of sale out of Court, as hereinafter provided.

Rs. A. P.

Article 7.—Every rule, notice, proclamation, injunction, or other order not specified in any preceding article of this part 2 0 0

PART III.—[Except in the suits specified in Part IV.] In the Courts of Moonsifs and of Small Causes, and in the Revenue Courts when Part II does not apply.

Rs. A. P.

Article 1.—Summons to defendants, notice of appeal, or other notice to respondents, when the defendants or respondents are not more than four in number, *one fee* 1 0 0

When such defendants or respondents are more than four in number, then the fee above mentioned for the first four, and an additional fee of four annas for every such person in excess of four.

Rs. A. P.

Article 2.—Summons to witnesses, when the witnesses are not more than four in number, *one fee* ... 1 0 0

When the witnesses are more than four in number, then the fee above mentioned for the first four, and an additional fee of 4 annas for every such witness in excess of four.

Rs. A. P.

Article 3.—Every commission to make a local investigation or to take evidence, or for any other purpose—

(*a*) in respect of the commission 1 0 0

Rs. A. P.

(*b*) in respect of the remuneration of the Commissioner, *i.e.*, person who is to execute the commission, if such person be an officer of Government specially appointed for the purpose, *per diem* ... 3 0 0

Note.—A sum sufficient to cover the daily fee (*b*) for such period as may be fixed by the Court for the purpose of executing the commission must be paid in addition to the fee (*a*) at the time when the commission is issued; and if the commission is not completely executed within the period so fixed, a further sum, sufficient to cover the daily fee (*b*) for the excess period extending from the end of that fixed period up to, and inclusive of, the date of the complete execution of the commission, must be paid before the Commissioner's report or other return to the commission is used.

Rs. A. P.

Article 4.—Every process of attachment of property by actual seizure—

(*c*) in respect of the warrant of attachment ... 1 0 0

(*d*) in respect of each man necessary to effect the attachment and also to ensure safe custody, when such man is to be left actually in possession, *per diem* 0 4 0

Note.—The daily fee (*d*) is to be paid at the time of obtaining the process, for so many days as the Court shall order, not being ordinarily less than 15 days, and the number of days required for the coming and going of the officer; but where the officer is not to be left in possession, then the daily fee is to be paid only for the time to be occupied by the officer going, effecting the attachment, and returning. When the inventory filed by the judgment-creditor shows the property to be of such small value that the expense of keeping it in custody may probably exceed the value, the Court shall fix the daily fee with reference to the provisions of section 269 of the Code of Civil Procedure of 1877.

Rs. A. P.

Article 5.—Every process in execution of a decree by the arrest of the person 4 0 0

Article 6.—Every order for the sale of property other than an order for the sale of distrained property under Act VIII (B.C.) of 1869—

(*e*) in respect of the order of sale 1 0 0

(*f*) by way of poundage on the gross amount realized by the sale up to Rs. 1,000 ... ... 2 per cent.

together with a further fee on all excess of gross proceeds beyond Rs. 1,000 of ... ... 1 ,,

Note.—The portion (*e*) of this fee must be paid when the process is obtained; and the poundage (*f*) at the time of making the application for payment of the proceeds of sale out of Court, as hereinafter provided.

[*Government Gazette*, 2nd *April* 1878.]

টাকা।

৫ প্রকরণ।—ডিক্রী জারীক্রমে ব্যক্তি'ক ধরিবার প্রত্যেক পরওয়ানার ... ১০৲

৬ প্রকরণ।—বঙ্গদেশের মন্ত্রিসভার ১৮৬৯ সালের ৮ আইনমতে ক্রোক করা সম্পত্তি বিক্রয় করিবার আজ্ঞাভিন্ন সম্পত্তি বিক্রয় করিবার প্রত্যেক আজ্ঞার,—

(ঙ) নীলাম করিবার আজ্ঞার ... ২৲

(চ) নীলামদ্বারা ১০০০৲ টাকাপর্য্যন্ত মোটে যত টাকা আদায় হয় তাহার উপর ফী বলিয়া ...শতকরা ২৲

১০০০৲ টাকার উপর মোটে আর যত টাকা আদায় হয় তাহার উপর আর ঐ ১৲

মন্তব্য।—এই ফীর মধ্যে (ঙ) চিহ্নিত অংশ পরওয়ানা পাইবার সময়ে দিতে হইবে। ও আদালতহইতে নীলামের উৎপন্ন টাকা পাইবার দরখাস্ত যে সময়ে করা যায় সেই সময়ে (চ) চিহ্নিত ফী দিতে হইবে। তাহার বিধান পশ্চাৎ করা যাইতেছে।

৭ প্রকরণ।—এই ভাগের পূর্ব্ব কোন প্রকরণে যাহা নির্দ্দিষ্ট নাই এমত প্রত্যেক বিধির ও নোটিসের ও ঘোষণাপত্রের নিষেধাজ্ঞার ও অন্য আজ্ঞার ... ২৲

তৃতীয় ভাগ।—[চতুর্থ ভাগের নির্দ্দিষ্ট মোকদ্দমা ভিন্ন] মুনসেফদের ও ক্ষুদ্র মোকদ্দমার আদালতে এবং মাল আদালতে যে স্থলে দ্বিতীয় ভাগ না খাটে সেই স্থলে মাল আদালতে

টাকা।

১ প্রকরণ।—চারিজনের অধিক প্রতিবাদী কিম্বা রেস্পাণ্ডেণ্ট না থাকিলে, প্রতিবাদিদের নামে সমনের ও রেস্পাণ্ডেণ্টদের নামে আপীলের বা অন্য নোটিসের একি ফী ... ১৲

চারি জনের অধিক প্রতিবাদী কি রেস্পাণ্ডেণ্ট থাকিলে প্রথম চারি জনের নিমিত্ত উপরোক্ত ফী ও চারি জনের অতিরিক্ত প্রত্যেক ব্যক্তির নিমিত্ত আর ।০ চারি আনা ফী।

২ প্রকরণ।—চারি জনের অধিক সাক্ষী না থাকিলে, সাক্ষিদের নামে সমনের একি ফী ... ১৲

চারি জনের অধিক সাক্ষী থাকিলে প্রথম চারি জনের নিমিত্ত উপরোক্ত ফী ও, চারি জনের অতিরিক্ত প্রত্যেক সাক্ষির নিমিত্ত আর ।০ চারি আনা ফী।

৩ প্রকরণ।—স্থান বিশেষে তদারক করিবার কি সাক্ষ্য লইবার অন্য কার্য্যের নিমিত্ত যে প্রত্যেক কমিশ্যন দেওয়া যায়,—

(ক) ঐ কমিশ্যনের নিমিত্ত ১৲

(খ) আমানের অর্থাৎ কমিশ্যনমতে কার্য্য করিবার নিমিত্ত যে ব্যক্তিকে নিযুক্ত করা যায় তিনি ঐ কার্য্যের নিমিত্ত বিশেষমতে নিযুক্ত গবর্ণমেন্টের কার্য্যকারক হইলে দিনপ্রতি তাঁহার বেতন ভাতা ... ৩৲

মন্তব্য।—কমিশ্যন দিবার সময়ে (ক) চিহ্নিত কথার পার্শ্বলিখিত ফী চাড়া কোর্ট ঐ কমিশ্যনমতে কার্য্য নির্ব্বাহ করিবার যত দিন নিরূপণ করেন তত দিনের নিমিত্ত (খ) চিহ্নিত দৈনিক ফীর উপযুক্ত টাকা দিতে হইবে। সেই নিরূপিত কালের মধ্যে কমিশ্যনমত সমুদয় কার্য্য সমাপ্ত না হইলে ঐ নিরূপিত সময়ের শেষ অবধি কমিশ্যনমত কার্য্য সমাপ্ত করিবার তারিখ ধরিয়া সেই তারিখপর্য্যন্ত (খ) চিহ্নিত দৈনিক ফীর উপযুক্ত টাকা দিতে হইবে। না দেওয়া গেলে আমীনের রিপোর্টের কিম্বা কমিশ্যনমতে অন্য কোন পত্রের ব্যবহার হইতে পারিবে না।

৪ প্রকরণ।—হস্তগত করণ দ্বারা সম্পত্তি ক্রোক করিবার প্রত্যেক পরওয়ানা,

টাকা।

(গ) ক্রোক করিবার পরওয়ানার নিমিত্ত ১৲

(ঘ) ক্রোক করিবার নিমিত্ত যত জনের আবশ্যক, ও ঐ সম্পত্তি নির্ব্বিঘ্নে রাখিবার জন্যে যে চাকরদের জিম্মায় দিয়া রাখা যায়, তাহাদের প্রত্যেক জনের রোজ ... ।০

মন্তব্য।—সাধারণতঃ পনের দিবসের কম না হয় আদালত এমত যত দিনের আজ্ঞা করেন পরওয়ানা পাইবার সময়ে তত দিনের ও কর্মচারির যাইবার ও আসিবার জন্যে যত দিন লাগিবে তত দিনের নিমিত্ত দিনপ্রতি (ঘ) চিহ্নিত কথার পার্শ্বলিখিত ফী দিতে হইবে। কিন্তু ঐ কর্মচারির জিম্মায় সম্পত্তি রাখা না গেলে কর্মচারির যাইবার ও ক্রোক করিবার ও ফিরিয়া আসিবার নিমিত্ত যত দিন লাগে কেবল তত দিনের নিমিত্ত দিনপ্রতি (ঘ) চিহ্নিত কথার পার্শ্বলিখিত ফী দিতে হইবে। ডিক্রীমত মহাজন যে ফর্দ্দ দাখিল করেন যদি তদ্দ্বারা দেখা যায় যে সম্পত্তির মূল্য অতি অল্প হওয়াতে ঐ মূল্য অপেক্ষায় জিম্মায় রাখিবার খরচ অধিক হইবার সম্ভাবনা তবে আদালত দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক ১৮৭৭ সালের আইনের ২৬৯ ধারার বিধানক্রমে ঐ দৈনিক ফী মাফ করিবেন।

টাকা।

৫ প্রকরণ।—ডিক্রীজারীক্রমে ব্যক্তিকে ধরিবার প্রত্যেক পরওয়ানার ৫৲

৬ প্রকরণ।—১৮৬৯ সালের বঙ্গীয় ৮ আইনমতে ক্রোক করা সম্পত্তি বিক্রয় করিবার আজ্ঞাভিন্ন সম্পত্তি বিক্রয় করিবার অন্য প্রত্যেক আজ্ঞার,—

(ঙ) নীলাম করিবার আজ্ঞার ... ১৲

(চ) নীলামদ্বারা ১০০০৲ টাকা পর্য্যন্ত মোটে যত টাকা আদায় হয় তাহার উপর ফী বলিয়া ...শতকরা ২৲

১০০০৲ টাকার উপর মোটে আর যত টাকা আদায় হয় তাহার উপর আর ঐ ১৲

মন্তব্য।—এই ফীর মধ্যে (ঙ) চিহ্নিত অংশ পরওয়ানা পাইবার সময়ে দিতে হইবে। ও আদালতহইতে নীলামের উৎপন্ন টাকা পাইবার দরখাস্ত যে সময়ে করা যায় সেই সময়ে (চ) চিহ্নিত ফী দিতে হইবে। তাহার বিধান পশ্চাৎ করা যাইতেছে।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৮। ২ আপ্রিল।]

Rs. A. P.

Article 7.—Every rule, notice, proclamation, injunction, or other order not specified in any preceding article of this part 1 0 0

PART IV.—In the Courts of Moonsifs, in Small Cause Courts, and in the Revenue Courts where the suit is for debt or damage to personal property, or for rent, and where the claim does not exceed Rs. 50.

Rs. A. P.

Article 1.—Summons to defendants, when the defendants are not more than two in number, *one fee* ... 0 8 0

When the defendants are more than two in number, the fee above mentioned for the first two, and an additional fee of 4 annas for every such defendant in excess of two.

Rs. A. P.

Article 2.—Summons to witnesses in respect of each witness 0 4 0

Article 3.—Every commission to make a local investigation, or to take evidence, or for any other purpose—

Rs. A. P.

(*a*) in respect of the commission 1 0 0

(*b*) in respect of the remuneration of the Commissioner, *i.e.*, person who is to execute the commission, if such person be an officer of Government specially appointed for the purpose, *per diem* 3 0 0

Note.—A sum sufficient to cover the daily fee (*b*), for such period as may be fixed by the Court for the purpose of executing the commission, must be paid in addition to the fee (*a*) at the time when the commission is issued; and, if the commission is not completely executed within the period so fixed, a further sum, sufficient to cover the daily fee (*b*) for the excess period extending from the end of that fixed period up to, and inclusive of, the date of the complete execution of the commission must be paid before the Commissioner's report or other return to the commission is used.

Article 4.—Every process of attachment of property by actual seizure—

Rs. A. P.

(*c*) in respect of the warrant of attachment 0 8 0

(*d*) in respect of each man necessary to effect the attachment, and also to ensure safe custody, when such man is to be left actually in possession, *per diem* ... 0 4 0

Note—The daily fee (*d*) is to be paid at the time of obtaining the process for so many days as the Court shall order, not being ordinarily less than 15 days, and the number of days required for the coming and going of the officer; but where the officer is not to be left in possession, then the daily fee is to be paid only for the time to be occupied by the officer going, effecting the attachment, and returning. When the inventory filed by the judgment-creditor shews the property to be of such small value that the expense of keeping it in custody may probably exceed the value, the Court shall fix the daily fee with reference to the provisions of section 209 of the Code of Civil Procedure of 1877.

Proper Fees.
Rs. A. P.

Article 5.—Every process in execution of a decree by arrest of the person 1 0 0

Article 6.—Every order for the sale of property other than an order for the sale of distrained property under Act VIII (B. C.) of 1869—

(*e*) in respect of the order of sale 1 0 0

(*f*) by way of poundage on the gross amount realized by the sale up to Rs. 1,000 ... ... 2 per cent.

together with a further fee on all excess of gross proceeds beyond Rs. 1,000 of ... ... 1 "

Note.—The portion (*e*) of this fee must be paid when the process is obtained; and the poundage (*f*) at the time of making the application for payment of the proceeds of sale out of Court as hereinafter provided.

Rs. A. P.

